उद्धिष्ट प्रांच किंदिक्विनिश

এসএসসি ও দাখিল (ভোকেশনাল)





জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত



ওয়েন্ডিং অ্যান্ড ফেব্রিকেশন-১

Welding & Febrication-1

প্রথম ও দিতীয় পত্র নবম ও দশম শ্রেণি

লেখক

ইঞ্জি. ড. মোঃ সিরাজুল ইসলাম এম এসসি ইঞ্জিনিয়ারিং, বুয়েট, পিএইচডি

সম্পাদক

প্রকৌঃ সৈয়দ নূরনুবী বি.এসসি ইঞ্জিনিয়ারিং (মেক) ডিপ্লোমা (জার্মানী) এমএস (এনভায়রন)

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯–৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা–১০০০ কর্তৃক প্রকাশিত।

[প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত]

পরীক্ষামূলক সংস্করণ

প্রথম প্রকাশ : নভেম্বর, ২০১৬ পুনর্মুদ্রণ : আগস্ট, ২০১৭

ডিজাইন জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

প্ৰসঙ্গ-কথা

শিক্ষা জাতীয় জীবনের সর্বতোমুখী উন্নয়নের পূর্বশর্ত। দ্রুত পরিবর্তনশীল বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলা করে বাংলাদেশকে উন্নয়ন ও সমৃদ্ধির দিকে নিয়ে যাওয়ার জন্য প্রয়োজন সৃশিক্ষিত-দক্ষ মানব সম্পদ। কারিগারি ও বৃত্তিমূলক শিক্ষা দক্ষ মানব সম্পদ উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, কর্মসংস্থান এবং আত্মনির্ভরশীল হয়ে বেকার সমস্যা সমাধানে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার ব্যাপক প্রসারের কোনো বিকল্প নেই। তাই ক্রমপরিবর্তনশীল অর্থনীতির সঙ্গে দেশে ও বিদেশে কারিগরি শিক্ষায় শিক্ষিত দক্ষ জনশক্তির চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এ কারণে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) স্তরের শিক্ষাক্রম ইতোমধ্যে পরিমার্জন করে যগোপযোগী করা হয়েছে।

শিক্ষাক্রম উনুয়ন একটি ধারাবাহিক প্রক্রিয়া। পরিমার্জিত শিক্ষাক্রমের আলোকে প্রণীত পাঠ্যপুস্তকসমূহ পরিবর্তনশীল চাহিদার পরিপ্রেক্ষিতে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের যথাযথভাবে কারিগরি শিক্ষায় দক্ষ করে গড়ে তুলতে সক্ষম হবে। অভ্যন্তরীণ ও বহির্বিশ্বে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং আত্মকর্মসংস্থানে উদ্যোগী হওয়াসহ উচ্চশিক্ষার পথ সুগম হবে। ফলে রূপকল্প-২০২১ অনুযায়ী জাতিকে বিজ্ঞানমনস্ক ও প্রশিক্ষিত করে ডিজিটাল বাংলাদেশ নির্মাণে আমরা উজ্জীবিত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০০৯ শিক্ষাবর্ষ হতে সকলস্তরের পাঠ্যপুস্তক বিনামূল্যে শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করার যুগান্তকারী সিদ্ধান্ত গ্রহণ করেছে। কোমলমতি শিক্ষার্থীদের আরও আগ্রহী, কৌতৃহলী ও মনোযোগী করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ সরকার প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাধ্যমিকস্তর থেকে শুরু করে ইবতেদায়ি, দাখিল, দাখিল ভোকেশনাল ও এসএসসি ভোকেশনালস্তরের পাঠ্যপুস্তকসমূহ চার রঙে উন্নীত করে আকর্ষণীয়, টেকসই ও বিনামূল্যে বিতরণ করার মহৎ উদ্যোগ গ্রহণ করেছে; যা একটি ব্যতিক্রমী প্রয়াস। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক রচিত ভোকেশনালস্তরের ট্রেড পাঠ্যপুস্তকসমূহ সরকারি সিদ্ধান্তের প্রেক্ষিতে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ২০১৭ শিক্ষাবর্ষ থেকে সংশোধন ও পরিমার্জন করে মুদ্রণের দায়িত্ব গ্রহণ করে। এ বছর উনুতমানের কাগজ ও চার রঙের প্রচ্ছদ ব্যবহার করে অতি অল্প সময়ে পাঠ্যপুস্তকটি মুদ্রণ করে প্রকাশ করা হলো।

বানানের ক্ষেত্রে সমতা বিধানের জন্য অনুসৃত হয়েছে বাংলা একাডেমি কর্তৃক প্রণীত বানান রীতি। পাঠ্যপুস্ককটির আরও উনুয়নের জন্য যে কোনো গঠনমূলক ও যুক্তিসংগত পরামর্শ গুরুত্বের সাথে বিবেচিত হবে। শিক্ষার্থীদের হাতে সময়মত বই পৌছে দেওয়ার জন্য মুদ্রণের কাজ দ্রুত করতে গিয়ে কিছু ক্রটি-বিচ্যুতি থেকে যেতে পারে। পরবর্তী সংস্করণে বইটি আরও সুন্দর, প্রাঞ্জল ও ক্রটিমুক্ত করার চেষ্টা করা হবে। যাঁরা বইটি রচনা, সম্পাদনা, প্রকাশনার কাজে আম্বরিকভাবে মেধা ও শ্রম দিয়ে সহযোগিতা করেছেন তাঁদের জানাই আম্বরিক ধন্যবাদ। পাঠ্যপুস্ককটি শিক্ষার্থীরা আনন্দের সঙ্গে পাঠ করবে এবং তাদের মেধা ও দক্ষতা বৃদ্ধি পাবে বলে আশা করি।

প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা চেয়াম্যান জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

সূচিপত্ৰ

প্রথম পত্র, তাত্ত্বিক

প্রথম পত্র ব্যবহারিক

অধ্যায়	বিষয়বস্থ	পৃষ্ঠা নং	অধ্যায়	বিষয়বম্ভ	পৃষ্ঠা নং
প্রথম অধ্যায়	ওয়েন্ডিং ট্রেড	۵	প্রথম অধ্যায়	ওয়েন্ডিং ট্রান্সফরমারে প্রয়োজনীয় সরঞ্জাম সংযোগ	১৩৭
দ্বিতীয় অধ্যায়	ওয়েন্ডিং পদ্ধতিসমূহ	ડર	দ্বিতীয় অধ্যায়	আর্ক সৃষ্টি ও তা বজায় রাখা	\$80
তৃতীয় অধ্যায়	আর্ক ওয়েল্ডিং-এর সম্ভাব্য বিপদসমূহ	7%	তৃতীয় অধ্যায়	সোজা ও ওভারল্যাপিং বিড সমতল অবস্থানে তৈরি করা	784
চতুর্থ অধ্যায়	আর্ক ওয়েন্ডিং-এ ব্যক্তিগত নিরাপদ সরঞ্জামাদি	২৮	চতুর্থ অধ্যায়	আর্ক ওয়েন্ডিং পদ্ধতিতে সমতল অবস্থানে স্কয়ার বাট জোড় তৈরি করা	\$48
পঞ্চম অধ্যায়	ওয়েল্ডার হ্যান্ড টুলস	8৩	পঞ্চম অধ্যায়	আর্ক ওয়েন্ডিং পদ্ধতিতে উল্লম অবস্থানে সোজা বিড তৈরি করা	১৬২
ষষ্ঠ অধ্যায়	ধয়েন্ডারের মেজারিং টুলস্	90	ষষ্ঠ অধ্যায়	আর্ক ওয়েন্ডিং পদ্ধতিতে উল্লম্ব অবস্থানে বাট জ্যোড় তৈরি করা	<i>ንଜ</i> ନ
সপ্তম অধ্যায়	ওয়েন্ডিং পরিভাষা	99	সপ্তম অধ্যায়	আর্ক ওয়েন্ডিং পদ্ধতিতে সমতলে একাধিক রানের ল্যাপ জোড় তৈরি করা	১৭৩
অষ্টম অধ্যায়	আর্ক ওয়েন্ডিং মেশিনের বৈশিষ্ট্য	के०	অষ্টম অধ্যায়	আর্ক ওয়েন্ডিং পদ্ধতিতে সমতল অবস্থানে আউট সাইড কর্নার জোড় তৈরি করা	১৭৩
নবম অধ্যায়	ওয়েন্ডিং প্রতীকসমূহের ধারণা	ንራ	নবম অধ্যায়	আর্ক ওয়েন্ডিং পদ্ধতিতে সমতলে অবস্থানে	১৮৩
দশম অধ্যায়	ইলেকট্রোড নির্বাচন	৯৯		একাধিক রানের টি–জোড় তৈরিকরা	
একাদশ অধ্যায়	ওয়েন্ডিং জোড়ের বৈশিষ্ট্য	306			
দ্বাদশ অধ্যায়	ওয়েল্ডড জোড়ার উপরিতল ও পার্শ্বদেশ প্রস্তুতি	776	দশম অধ্যায়	আর্ক ওয়েন্ডিং এ সিঙ্গেল ভি বাট জোড় ওয়েন্ড (আনুভূমিক অবস্থানে/১জি)	১৮৬
ত্রয়োদশ অধ্যায়	ওয়েন্ডিং কার্য পদ্ধতি	772	1		
চতুর্দশ অধ্যায়	আর্ক ওয়েল্ডিং-এর দোষক্রটি ও প্রতিকারসমূহ	১২৮	একাদশ অধ্যায়	আর্ক ওয়েন্ডিং এ সিঙ্গেল ভি বাট জোড় ওয়েন্ড (আনুভূমিক অবস্থানে/২জি)	১৯২

দ্বিতীয় পত্ৰ, তাত্ত্বিক

অধ্যায়	বিষয়বস্তু	পৃষ্ঠা	অধ্যায়	বিষয়বস্তু	পৃষ্ঠা
		নং			নং
প্রথম অধ্যায়	ধাতব তলে হ্যান্ড টুলসের সাহায্যে	১৯৮	প্রথম অধ্যায়	আর্ক ওয়েন্ডিং পদ্ধতিতে সমতল অবস্থানে	২৫১
	গ্ৰুভ ও স্লুট কাটিং পদ্ধতি			পেনিট্রেশনসহ সিঙ্গেল 'ভি' বাট জোড় তৈরি	
দ্বিতীয় অধ্যায়	উত্তম ওয়েল্ড তৈরির শর্তাবলি	২০৪	দ্বিতীয় অধ্যায়	আর্ক ওয়েন্ডিং পদ্ধতিতে উলম্ব অবস্থানে	২৬০
				পেনিট্রেশনসহ সিঙ্গেল 'ভি' বাট জোড় তৈরি	
তৃতীয় অধ্যায়	অবস্থান ভেদে ওয়েন্ডিং-এর	২০৮	তৃতীয় অধ্যায়	সোজা একক বিড হরিজন্টাল-ভার্টিক্যাল অবস্থানে	২৬৬
	কলাকৌশল			তৈরি করার দক্ষতা অর্জন	
চতুর্থ অধ্যায়	ওয়েল্ড জোড়ের বিকৃতি দমন কৌশল	٤٧٤	চতুর্থ অধ্যায়	সিঙ্গেল 'ভি' বাট জ্বোড় হরিজন্টাল- ভার্টিক্যাল	২৭৩
				অবস্থানে তৈরি করার দক্ষতা অর্জন	
পঞ্চম অধ্যায়	আর্ক ওয়েন্ডিং এর পোলারিটির	472	পঞ্চম অধ্যায়	ফেজ একক বিড ওভার হেড অবস্থানে একক বিড	২৮২
	ব্যবহার			তৈরি করার দক্ষতা অর্জন	
ষষ্ঠ অধ্যায়	ফিলেট জোড়ার দৃঢ়তা	২২৫	ষষ্ঠ অধ্যায়	একাধিক রানের ল্যাপ জোড় ওভার হেড অবস্থানে	২৮৭
	· ·			ওয়েন্ডিং করার দক্ষতা অর্জন	
সপ্তম অধ্যায়	ওলেন্ডিং ফ্লাক্সের ব্যবহার	২২৮	সপ্তম অধ্যায়	একাধিক রানের 'টি' জোড় ওভার হেড অবস্থানে	২৯৩
				ওয়েন্ডিং করার দক্ষতা অর্জন	
অষ্টম অধ্যায়	সংকর ইস্পাতের ওয়েন্ডিং উপযোগিতা	২৩২	অষ্টম অধ্যায়	কর্নার জোড় ওভার হেড অবস্থানে ওয়েন্ডিং করার দক্ষতার্জন	২৯৮
নবম অধ্যায়	অলৌহজ ধাতুর ওয়েন্ডিং বৈশিষ্ট্য	২৩৪	নবম অধ্যায়	সিঙ্গেল 'ভি' বাট জোড় ওভারহেড অবস্থানে ওয়েন্ডিং	೨೦8
				করার দক্ষতা অর্জন	
দশম অধ্যায়	গ্যাস ওয়েন্ডিং-এফিলার মেটালের ব্যবহার	২৩৭	দশম অধ্যায়	পাইপে বাট জোড় সমতল অবস্থানে ওয়েন্ড করার দক্ষতা অর্জন	920
একাদশ অধ্যায়	ওয়েন্ড জোড়ের ক্রটি–বিচ্যুতি পরীক্ষার ধারণা	२ 8১	একাদশ অধ্যায়	উলম্ অবস্থানে পাইপ বাট জোড় ওয়েল্ড	৩১৬
			ঘাদশ অধ্যায়	পাইপে বাট জোড় স্থির অবস্থানে ওয়েন্ড করার দক্ষতা অর্জন	৩২১
			জব	তালিকা	৩২৮

প্রথম অধ্যায় ওয়েন্ডিং ট্রেড (Welding Trade)

১.১ প্রয়েন্ডিং ট্রেডের উদ্দেশ্য:


শিল্প কারখানায় উৎপাদন করতে হলে প্রয়োজন ধাতুকে জোড়া দেওয়া। ওয়েভিং আবিষ্কারের পূর্বে রিভেটের সাহায্যে এ জোড়া দেওয়া হতো। এতে অত্যন্ত সহজ ও মজবুত জোড়ের সৃষ্টি হয়। বর্তমানে প্রায় সকল ধাতু এমন কী প্লাস্টিক ও ওয়েভিং করে জোড়া দেওয়া হচ্ছে। যে ওয়েভিং করে তাকে বলা হয় ওয়েভার। দেশ এবং বিদেশের সকল শিল্প কারখানাতে ওয়েভারের ভালো চাহিদা আছে। ওয়েভিং ট্রেডের মূল উদ্দেশ্য হলো ওয়েভার তৈরি করা। এই ট্রেডের কিছু সংখ্যক মেধাবী শিক্ষার্থী উচ্চতর শিক্ষা লাভ করে শিল্প কারখানায় দক্ষ কারিগর এমনকি প্রকৌশলী হিসেবে দেশের শিল্পায়নে যথায়থ ভূমিকা রাখতে সক্ষম হবে।



চিত্র : ১.১ ওয়েন্ডিং ট্রেড

এই ট্রেড শেষ করার পর একজন নবীন ওয়েন্ডার

- প্রয়েক্ডিং মেশিন এবং যন্ত্রপাতি চিনতে পারবে।
- ওয়েন্ডিং মেশিন এবং যদ্ভপাতি রক্ষণাবেক্ষণ করতে পারবে।
- ওয়েন্ডিং করতে পারবে।
- ওয়েভিং-এর দোষ-ক্রটি শনাক্ত করতে পারবে এবং ক্রটিগুলোর প্রতিকার জানবে।
- ওয়েন্ডিং এ ব্যবহৃত ধাতৃগুলো চিনতে পারবে ৷



চিত্ৰ: ১.২ খরেজিং পদ্ধতি

১.২ ওয়েভার এর সন্ধান্য কর্মকের উল্লেখ করতে পারা ঃ ওয়েভার-এর সন্ধান্য কর্মকেরভগো হলো ঃ



চিব : ১.৩ স্ট্রাকচারাল শিল্প

ওরেন্ডিং ট্রেড



চিত্ৰ: ১.৪ ধাত্তৰ আসবাবপত্ৰ তৈবি শিল্প



চিত্ৰ: ১.৫ মটব গাড়ি তৈবির শিক্স



চিত্র : ১.৬ পাইপ দাইন তৈরির কাজ




চিত্র: ১.৭ উড়োজাহাজ ভৈরির শিল্প

ওরেন্ডিং ট্রেড



চিত্র : ১.৮ নভোযান তৈরির শিক্স



চিত্ৰ: ১.৯ জাহাজ শিক্স



চিত্র : ১.১০ রেমওরে প্রতিষ্ঠান



চিত্র : ১.১১ ভারী যন্ত্রপাতি তৈরির শিল্প

ওয়েন্ডিং ট্রেড

এছাড়াও ওয়েল্ডার-এর সম্ভাব্য নিমুরূপ কর্মক্ষেত্রগুলো হয়ে থাকে। যেমন ঃ

- খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প
- সাবান এবং প্রসাধনী শিল্প
- ঔষধ শিল্প
- বস্ত্র শিল্প
- সার শিল্প
- পাট শিল্প
- মেরামত ও রক্ষণাবেক্ষণের কাজ করার কারখানা ও ওয়ার্কশপ (ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ)
- ইলেকট্রনিক্স শিল্প, ইত্যাদি।

ওয়েন্ডিং পদ্ধতি যেহেতু নির্মাণ ছাড়াও মেরামতির জন্য ও প্রয়োজনীয়, সুতরাং সকল ধরনের শিল্প প্রতিষ্ঠানই একজন ওয়েন্ডারের কর্মক্ষেত্র হতে পারে, তবে স্ব-উদ্যোগে কর্মসংস্থানের সুযোগ ওয়েন্ডিং ট্রেড সম্পন্নকারী শিক্ষার্থীদের খুব বেশি, কারণ এতে পুঁজি কম লাগে এবং এটি একটি লাভজনক ব্যবসাও বটে। শুধু আত্মকর্মসংস্থান এর ব্রত নিয়ে এগিয়ে আসতে হবে।

১.৩ ওয়েন্ডিং ট্রেডের গুরুত্ব :

যেকোনো কিছু তৈরি করতে হলে প্রথমেই ভাবতে হবে তার জোড়া দেওয়ার কথা, কারণ জোড়া ছাড়া অধিকাংশ ক্ষেত্রে কোনো যন্ত্র বা যন্ত্রাংশ উৎপাদন করা যায় না। শিল্পক্ষেত্রে যত প্রকারের জোড়া দেওয়ার ব্যবস্থা রয়েছে ওয়েন্ডিং তাদের মধ্যে অন্যতম। এমন কোনো শিল্প কারখানা নেই যেখানে ধাতুকে স্থায়ী ভাবে জোড়া লাগানোর জন্য ওয়েন্ডিং ব্যবস্থা নেই। সকল প্রকার নির্মাণ এবং মেরামতের কারখানায় এর প্রয়োজনীয়তা অপরিহার্য বিধায় তাদের তাত্ত্বিক ও ব্যবহারিক কাজের ধারণা ও কাজগুলো সম্পাদনের নিয়ম জানা থাকা প্রয়োজন।


যেমন :

- ওয়েল্ডিং ট্রেডের তাত্ত্বিক বিষয়।
- বিজ্ঞান।
- ধাতুর গুণাগুণ সম্পর্কে জ্ঞান।
- তড়িৎকৌশল (ইলেকট্রিক্যাল) বিষয় সম্পর্কেও কিছুটা বেসিক জ্ঞান।
- ওয়েল্ডারের ব্যবহারিক বিষয় সম্পর্কে জ্ঞান ঃ ওয়েল্ডিং করার দক্ষতা।
- ফাইলিং করা (ফাইল বা রেত দিয়ে ধাতু ক্ষয় করা)
- হ্যাকস দিয়ে ধাতু কর্তন করা।
- চিপিং করা (বাটালি এবং হাতুড়ির সাহায্যে ধাতু কাটা)
- ড্রিলিং করা (ড্রিল মেশিনে ধাতুর পৃষ্ঠে ছিদ্র করা)
- মাপন যন্ত্রের ব্যবহার করা
- গ্রাইন্ডিং করা

ফাইলিং করা (ফাইল বা রেভ দিয়ে ধাতু ক্ষয় করা)



হ্যাকস দিয়ে ধাতু কর্তন করা



প্রমেন্ডিং ট্রেড


চিপিং করা



ড্রিলিং করা



মাপন বজের ব্যবহার করা



থাইভিং করা



উপরিউক্ত কাজগুলোর উপর গুরেন্ডারের দক্ষতা থাকা অভি প্রয়োজন কারণ গুরার্কশণে একজন গুয়েন্ডারকে গুয়েন্ডিং করা ছাড়াও এই কাজগুলো বিভিন্ন প্রয়োজনে করতে হয়।

ওয়েন্ডিং ট্রেড

প্রশ্নমালা-১

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। ওয়েল্ডিং কাকে বলে ?
- ২। ওয়েন্ডার কাকে বলে ?
- ৩। কোন বস্তু নির্মাণ ছাড়াও ওয়েন্ডিং আর কোন কাজে ব্যবহৃত হয় ?
- ৪। স্ট্রাকাচারাল শিল্পে কী কাজ করা হয় ?
- ৫। স্ব-উদ্যোগে কর্মসংস্থানে ওয়েল্ডিং টেড্রের ছাত্রদের সুযোগ বেশি কেন?

সংক্ষিপ্ত প্রশ্ন

- ৬। ওয়েন্ডিং ট্রেড সম্পন্ন করার পর একজন নবীন ওয়েন্ডার কী কী কাজ করতে পারবে?
- ৭। একজন ভালো ওয়েন্ডারের কোন কোন তাত্ত্বিক বিষয়ে জ্ঞান থাকা প্রয়োজন?
- ৮। একজন ভালো ওয়েল্ডারের কোন কোন ব্যবহারিক বিষয়ে জ্ঞান থাকা প্রয়োজন?
- ৯। ওয়েন্ডিং করে তৈরি করা যায় এমন ০৪ (চার)টি গৃহে ব্যবহৃত আসবাবপত্রের নাম লেখ।
- ১০। ওয়েন্ডিং ট্রেডের গুরুত্ব এত বেশি কেন ?


রচনামূলক প্রশ্ন

- ১০। ওয়েন্ডিং ট্রেড শেষ করার পর একজন নবীন ওয়েন্ডার কোন কোন শিল্প কারখানায় চাকুরি পেতে পারে?
- ১১। ওয়েন্ডিং ট্রেডের গুরুত্ব বর্ণনা কর।
- ১২। ওয়েল্ডার-এর সম্ভাব্য কর্মক্ষেত্রগুলো বিবৃত কর।
- ১৩। ওয়েন্ডিং ট্রেডের উদ্দেশ্য উল্লেখ কর।

দিতীয় অধ্যায় ওয়েন্ডিং পদ্ধতিসমূহ (Welding Procedures)

२.১ धराष्टिर धरा मरखा ३

সম জাতীয় বা ভিন্ন ধাতু খণ্ডকে তাপ বা চাপের সাহায্যে গলিত বা অর্ধগলিত অবস্থায় তৃতীয় ধাতু ব্যবহার করে বা না করে স্থায়ী জোড় সৃষ্টির কৌশলকে ওয়েন্ডিং বলে। ওয়েন্ডিং তখনই হয়েছে বলা যাবে যখন মূল ধাতু গলিত অথবা অর্ধ গলিত অবস্থায় স্থায়ী জোড় সৃষ্টি করে।



চিত্ৰ ঃ ২.১ ওয়েন্ডিং পদ্ধতি

প্রিল তৈরির দোকানে হরেক রকমের প্রিল তৈরি হয়, সেখানে একাধিক ধাতু খন্তকে জোড়া লাগানো হয়। আবার কামার শালায় ধাতুখন্তকে উত্তর্ভ্ভ করে অর্থগলিত অবস্থায় এনে হাতুড়ির সাহায্যে পিটিয়ে শিকল বানানো হয়। উভয়ক্ষেত্রে জোড়া হয় স্থায়ী, তবে প্রিল তৈরির দোকানে জোড়া লাগানোর জন্য জোড়াস্থানে চাপ প্রয়োগ করতে হয় না, কিন্তু কামার শালায় শিকল বানাতে জোড়াস্থানে হাতুড়ির আঘাত বা চাপ প্রয়োগ করতে হয় আমরা এরপ জোড়া দেওয়াকে ওয়েন্ডিং করা বলি। সুতরাং ওয়েন্ডিং এর সংজ্ঞা হলো দুইখন্ত ধাতুকে উত্তাপের সাহায্যে গলিত বা অর্থ গলিত অবস্থায় এনে, চাপে অথবা বিনা চাপে স্থায়ীভাবে জোড়া দেওয়াকে ওয়েন্ডিং বলে।

ওয়েন্ডিং পদ্ধতিসমূহ

২.২ প্রচলিত ওয়েন্ডিং পদ্ধতির নাম ঃ

বহুল প্রচলিত ওয়েন্ডিং পদ্ধতিগুলো হলোঃ

- (ক) ফোর্জ ওয়েন্ডিং
- (খ) আর্ক ওয়েন্ডিং
- (গ) গ্যাস ওয়েন্ডিং
- (ঘ) ইলেকট্রিক রেজিস্ট্যান্স ওয়েন্ডিং
- (%) থারমিট ওয়েন্ডিং



চিত্র ঃ ২.২ ফোর্জ ওয়েন্ডিং



চিত্র ঃ ২.৩ গ্যাস ওয়েন্ডিং



চিত্ৰ : ২,৪ আৰ্ক ডৱেন্ডিং



চিত্র ৷ ২,৫ ইলেকট্রিক রেজিস্ট্যাল ওয়েজিং

ওয়েন্ডিং পদ্ধতিসমূহ



চিত্র ঃ ২.৬ থারমিট গুয়েন্ডিং

২.৩ ওয়েন্ডিং-এর শ্রেণি বিন্যাসঃ

নিচে বহুল প্রচলিত ওয়েন্ডিং পদ্ধতিগুলোর শ্রেণি বিন্যাস উল্লেখ করা হলো। ওয়েন্ডিং প্রধানত দুই প্রকার, যথাঃ

- ১। প্রেসার ওয়েন্ডিং বা ননফিউশন ওয়েন্ডিং
- ২। নন প্রেসার বা ফিউশন ওয়েন্ডিং।

তাপ ও চাপের সাহায্যে সম জাতীয় ধাতু অর্ধগলিত অবস্থায় চাপ প্রয়োগ করে যে জোড় সৃষ্টি হয় তাই প্রেসার বা ননফিউশন ওয়েন্ডিং। আর তাপ বা চাপের সাহায্যে সম জাতীয় ধাতু গলিত অবস্থায় তৃতীয় ধাতু ব্যবহার করে বা ব্যবহার ছাড়া যে জোড় সৃষ্টি হয় তাই নন প্রেসার বা ফিউশন ওয়েন্ডিং।

উপরের প্রধান শ্রেণি দুইটিকে আবার বিভিন্ন ভাগে ভাগ করা হয়েছে। যেমনঃ

১। শ্রেসার ওয়েন্ডিং বা ননকিউশন ওয়েন্ডিং

(ক) কোর্জ ওরেন্ডিং (Forge Welding)

- (i) হ্যামার ওয়েন্ডিং (Hammer welding)
- (ii) ডাই ওয়েন্ডিং (Die welding)
- (iii) রোল ওয়েন্ডিং (Roll welding)

(খ) ইলেকট্রিক রেজিস্ট্যান্স ওয়েন্ডিং (Electric Resistance Welding)

- (i) বাট ওয়েন্ডিং (Butt Welding)
- (ii) সিম ওয়েন্ডিং (Seam Welding)
- (iii) স্পট ওয়েন্ডিং (Spot Welding)
- (iv) প্রজেকশন ওয়েন্ডিং (Projection Welding)
- (v) পারকাশন ওয়েন্ডিং (Percussion Welding)
- (vi) ফ্লাশ ওয়েল্ডিং (Flush Welding)
- (vii) থারমিট ওয়েন্ডিং (Thermit Welding)

২। নন প্রেসার বা ফিউশন ওয়েন্ডিং


- (ক) আর্ক ওয়েন্ডিং (Arc Welding)
 - (i) কার্বন আর্ক ওয়েন্ডিং (Carbon Arc Welding)
 - (ii) মেটাল আর্ক ওয়েল্ডিং (Metal Arc Welding)

(খ) গ্যাস ওয়েন্ডিং (Gas Welding)

- (i) অক্সি অ্যাসিটিলিন ওয়েল্ডিং (Oxy Acetylene Welding)
- (ii) অক্সি হাইড্রোজেন ওয়েন্ডিং (Oxy Hydrozen Welding)
- (iii) এয়ার অ্যাসিটিলিন ওয়েল্ডিং (Air Acetylene Welding)
- (গ) থারমিট ওয়েন্ডিং (বিনা চাপে) (Thermit Welding)

বিজ্ঞানের উনুতির সাথে সাথে, নতুন নতুন ওয়েল্ডিং পদ্ধতি আবিষ্কৃত হয়েছে, ফলে ওয়েল্ডিং এর শ্রেণি বিভাগও অনেক জটিল হয়েছে। আমেরিকান ওয়েল্ডিং সোসাইটি (AWS) নামক একটি সংস্থা ওয়েল্ডিং এর বিভিন্ন প্রক্রিয়ার একটি মাস্টার চার্ট তৈরি করেছে, উক্ত চার্টটি এই পুস্তকে সংযোজিত হলো।

ওয়েন্ডিং পদ্ধতিসমূহ



চিত্র ঃ ২.৬ ওয়েন্ডিং মাস্টার চার্ট

প্রশ্নমালা-২

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। ওয়েন্ডিং বলতে কী বুঝায়?
- ২ ৷ ইলেকট্রিক রেজিস্ট্যান্স ওয়েল্ডিং কোন শ্রেণির ওয়েল্ডিং?
- ৩। কামার শালাতে শিকল বানাতে যে জোড়া দেওয়া হয় তা কোন শ্রেণির ওয়েন্ডিং?
- ৪। গ্যাস ওয়েন্ডিং কোন শ্রেণির ওয়েন্ডিং?

সংক্ষিপ্ত প্রশ্ন

- ে। আর্ক ওয়েন্ডিং কত প্রকার ও কী কী?
- ৬। বহুল প্রচলিত ওয়েন্ডিং পদ্ধতিগুলোর নাম লেখ।
- ৭। ফোজ ওয়েন্ডিং কত প্রকার ও কী কী?
- ৮। ওয়েন্ডিং প্রসেসর-এর মাস্টার চার্টটি কোন সংস্থা তৈরি করেছে?


রচনামূলক প্রশ্ন

- ৯। ওয়েন্ডিং-এর শ্রেণি বিন্যাস কর।
- ১০। ওয়েন্ডিং এর সময় চাপ প্রয়োগ করতে হয় এইরূপ ওয়েন্ডিং পদ্ধতিগুলোর নাম লেখ।
- ১১। ওয়েন্ডিং এর সময় চাপ প্রয়োগ করতে হয় না এইরূপ ওয়েন্ডিং পদ্ধতিগুলোর নাম লেখ।

ভৃতীয় অধ্যায় আর্ক ওয়েন্ডিং-এর সম্ভাব্য বিপদসমূহ (Possible Hazard of Arc Welding)

৩.১ বৈদ্যুতিক শকের ক্ষয় ক্ষতি ঃ

সাধারণত ওয়েন্ডিং হলো আগুন, বিদ্যুৎ ও অর্ধগলিত বা গলিত ধাতৃ নিয়ে কাজ-কারবার। এরপ তিনটি বিষয়ই শরীরের পক্ষে বিশেষ ক্ষতিকারক। কাজেই ওয়েন্ডারকে খুবই সতর্কতার সাথে কাজ করতে হয়। আর যিনি ওয়েন্ডিং করেন তাঁকেই ওয়েন্ডার বলে। একজন ওয়েন্ডারকে যেমন অনেক কিছু জানতে হবে তেমনি তাঁকে সাবধানও থাকতে হবে অনেক বেশি। সাবধান না থাকলে ওয়েন্ডিং-এর কাজে দেহের সম্মুখ ভাগটা রক্ষা করবার জন্য বিশেষভাবে তৈরি আবরণ কাজে লাগবে না।



চিত্ৰ ঃ ৩.১ বৈদ্যুতিক শক

ওয়েন্ডিং প্রযুক্তি বিদ্যায় এটি প্রচলিত উক্তি "Safety is the best policy, No safety no work" একজন দক্ষ কারিগর তার যদি সেফটি বা সাবধানতা সম্বন্ধে কোনো ব্যবহারিক জ্ঞান না থাকে, তাহলে সে শিল্প উৎপাদনের ক্ষেত্রে একজন অযোগ্য ব্যক্তি। কথায় আছে 'সাবধানের মার নেই'। সাবধানতা নিয়ে কাজ করলে কখনও বিপদ আসে না বা হয় না। এ কারণে সকল শিক্ষার্থী বা কর্মীকে কারখানার নিয়ম মেনে চলতে হয়। একজনের ভুলের মান্ডল অন্য জনকেও কখনও কখনও দিতে হয়। কারখানায় অনেক শ্রমিক একত্রে কাজ করে, এর মধ্যে একজনও যদি অসাবধানভাবে কাজ করে, তবে তার মান্ডল বাকি শ্রমিকদের দিতে হয়। এ জন্য আমাদের জানা প্রয়োজন বৈদ্যুতিক শক (Shock) কী? এবং কী কারণে এ শক (Shock) প্রাপ্ত হয় তা জানারঃ কোন কারণে ফেল্ড এর সাথে নিউট্রাল বা মাটির সাথে সংযোগ হলে বৈদ্যুতিক শক এর সৃষ্টি হয়। আবার কোন মেশিনের বডিতে যদি বৈদ্যুতিক সংযোগ বা কোন কারণে মেশিনটি বিদ্যুতায়িত হয়ে থাকে তবে তা মানুষের সংস্পর্শে এলে বৈদ্যুতিক শক প্রাপ্ত হয়। অর্থ্যাৎ ফেল্ড তারের সংস্পর্শে বা বিদ্যুতায়িত মেশিনের সংস্পর্শে বিদি কোন ব্যক্তি আসে এবং তার শরীর যদি অর্থের সাথে সংযোগ প্রাপ্ত হয় তবে তিনি বৈদ্যুতিক শক প্রাপ্ত হবেন।

গ্যাস ওয়েল্ডিং এর চেয়ে আর্ক ওয়েল্ডিং এর সাবধানতার প্রয়োজন বেশি। কেননা এর উত্তাপ ও আলো গ্যাস ওয়েল্ডিং এর চেয়ে বেশি মারাত্মক। এটা লক্ষ করা যায় আঁধার রাতে যখন আর্ক ওয়েল্ডিং করা হয়। এ সময় এর রিশা বা নীল আলো সার্চ লাইটের আলোর মত পার্শ্ববর্তী এক কিলোমিটারের মধ্যে ছড়িয়ে পড়ে। সুতরাং এই রিশা যদি কোন সুস্থ লোকের চোখে লাগে, তবে সে তার চোখে বেদনা অনুভব করবে। এই যন্ত্রনায় সেরাতে ঘুমাতেও পারবে না। আর সে সমস্ত দিক বিবেচনা করে একজন ওয়েল্ডারকে ওয়েল্ডিং এর সময় সৃষ্ট উত্তাপ ও মারাত্মক রিশার হাত থেকে রক্ষা পেতে হলে অবশ্যই সাবধানতা অবলম্বন করতে হবে।

৩.২ আর্ক রশ্মির ক্ষতিকর প্রভাব ঃ

আর্ক ওয়েন্ডিং করার সময় আর্ক রশ্মি হতে তাপ ও তেজস্ক্রিয় রশ্মি বিকিরণ হতে থাকে, যা মানব দেহের ক্ষতি সাধন করে। এই ক্ষতি সাধন নিমুরূপ হয়ে থাকে।

• চর্মের উপর প্রতিক্রিয়া ঃ

সূর্যের প্রখর তাপে খালি গায়ে যদি কেউ যায় তবে তার চামড়া পুড়ে যায়, ঠিক তেমনি আর্ক রশ্মি হতে বের হওয়া আন্ট্রাভাওলেট (Ultraviolet) রশ্মিতেও শরীরের চামড়া পুড়ে যাওয়ার মত রং ধারণ বেদনাদায়ক এবং যদি মারাত্মক হয় তবে চামড়ায় ফোসকা পড়ে। তাই শরীরের কোন অংশই যাতে সরাসরি আর্ক রশ্মি লাগতে না পারে সে জন্য শরীরে আচ্ছাদন বা উপযুক্ত পোশাক পড়া নিশ্চিত করতে হবে।



চিত্র ঃ ৩.২ চামড়া পুড়ে যাওয়া

চোঝের উপর প্রতিক্রিয়া ঃ

আন্ট্রাভাওলেট রশ্মি সর্বদা শরীরের সংবেদনশীল স্থানে বেশি ক্ষতি সাধন করে বা এর ক্রিয়া বেশি হয়। চোখ শরীরের অত্যন্ত সংবেদনশীল অংশ। তাই মাত্র কয়েক সেকেন্ডের জন্য কয়েক গজ দূর হতে অনাচ্ছাদিত চোখে আর্কের দিকে তাকালে চোখের মারাত্মক ক্ষতি হয়। চোখে মারাত্মক বেদনাদায়ক অবস্থার সৃষ্টি হয়। অনেক সময় এমন বেদনা দায়ক অবস্থার সৃষ্টি হয়, য়ার প্রভাব বেশ কিছু সময় পর্যন্ত থাকে। চোখের উপর আর্ক রশ্মির এই প্রভাবকে আর্ক আই (Arc-Eye) বা আই য়াশ (Eye-Flash) বলে।



চিত্র ঃ ৩.৩ চোখের উপর প্রতিক্রিয়া

আর্ক আই বা আই ফ্লাশের লক্ষণঃ

চোখ হতে পানি ঝরে, চোখে আলো লাগা অসহনীয় মনে হয়, চোখ খচ্ খচ্ করে। চোখে বালি পড়ার মতো অবস্থা, অসহ্য বেদনা, মাথা ধরে এবং সময় সময় কিছুক্ষণের জন্য দৃষ্টিশক্তি হারিয়ে যায়। আর্ক আই এর লক্ষণ ৪ হতে ৮ ঘন্টার মধ্যে প্রকাশ পায় এবং চোখের কোনরূপ স্থায়ী ক্ষতি সাধন ছাড়া এ অবস্থা কাটিয়ে উঠতে ২৪ থেকে ৪৮ ঘন্টা সময় লাগে। আবার কোন কোন ক্ষেত্রে ৭২ ঘন্টা পর্যন্ত এর স্থায়িত্বকাল থাকে।



চিত্ৰ ঃ ৩.৪ আই ফ্লাশ

চিকিৎসা ঃ আর্ক আই এর লক্ষণ দেখা দেওয়া মাত্রই চোখকে সরাসরি আলোর সংস্পর্শ হতে দূরে রাখতে হবে। একটা পরিষ্কার কাপড় কয়েকবার পানিতে ভিজিয়ে চোখ ঢেকে দিতে হবে এবং একইভাবে কয়েক ঘন্টা পানিপট্টি দিতে হবে।

– অন্য কোন জীবানুর হাত হতে চোখকে রক্ষা করার জন্য অ্যান্টিসেপটিক এবং অ্যান্ট্রিজেন্ট লোশন দ্বারা চক্ষু ধুয়ে ফেলতে হবে। এতে উনুতি না হলে চিকিৎসকের পরামর্শ নিতে হয়।

সাবধানতা ঃ আর্ক আই হতে চোখকে রক্ষা করতে হলে উপযুক্ত হেলমেট বা হ্যান্ডসিল্ড ব্যবহার করা আবশ্যক। যা চক্ষুকে আর্ক রশ্মি ও আর্কের প্রচণ্ড উত্তাপ হতে রক্ষা করবে। আর্ক অবলোকন করার জন্য মান সম্পন্ন ও উপযুক্ত ফিল্টার গ্লাস ব্যবহার করতে হবে। নিম্নে ব্রিটিশ স্ট্যান্ডার্ড ৬৭৯ অনুমোদিত মেটাল আর্ক ওয়েল্ডিং ফিল্টার গ্লাস প্রদন্ত হলো।

কারেন্ট রেঞ্জ (Current Range)	প্রয়োজনীয় ফিল্টারস (এস)		
১০০ পর্যন্ত	৯/ই ডব্লিউ- ১০/ই ডব্লিউ		
১০০-৩০০ পর্যম্ভ	১০/ই ডব্লিউ– ১১/ই ডব্লিউ		
৩০০ উর্ধে	১২/ই ডব্লিউ– ১৪/ই ডব্লিউ		

৩.৩ উত্তও ধাত্তৰ খডের সম্ভাব্য বিপদ ঃ

ওয়েন্ডারকে ওয়েন্ডিং করার সময় উত্তপ্ত ধাতব খণ্ডের দিকে বিশেষ নজর দিতে হবে। উত্তপ্ত ধাতব খণ্ড ব্যবহারে সাবধান না হলে দুর্ঘটনা ঘটতে পারে। ওয়েন্ডিং করার সময় অগ্নি কুলিক অথবা গণিত ধাতু কিংবা উত্তপ্ত ধাতু কণা ছিটিয়ে এদিক সেদিক পড়তে পারে। এই উত্তপ্ত ধাতু কণা শরীয়ে পড়লে শরীয় পুড়ে যেতে পারে। জামা কাপড়ে পড়লে জামা কাপড় পুড়ে যেতে পারে কিংবা আন্তন ধরে যেতে পারে। তাই উত্তপ্ত ধাতব কণা খুব সাবধানে হাাভণিং করতে হবে। উত্তপ্ত ওয়ার্ক পিস যদি নগ্ন হাতে ধরা হয় তবে হাত পুড়ে যাবে। কোন দাহ্য বস্তু যেমন ভকনো কাঠ, তৈলাক পদার্থ বা অন্য কোন দাহ্য বস্তুর সংস্পর্শে আসলে আন্তন ধরে যেতে পারে। এমন কি মারাত্মক দুর্ঘটনা ঘটে যেতে পারে। উত্তপ্ত ধাতব খণ্ড কখনও খালি হাতে ধরতে নেই। সর্বদা নিরাপন্তামূলক সরঞ্জামাদি ব্যবহার করতে হবে। অনেক সময় অসাবধানতার কারণে অনাচ্ছাদিত শরীরের কোন অংশে উত্তপ্ত ধাতব খণ্ড কারণে অনাচ্ছাদিত শরীরের কোন অংশে উত্তপ্ত ধাতব খণ্ড কারণে অনাচ্ছাদিত শরীরের কোন অংশে উত্তপ্ত ধাতব খণ্ড কারণে অনাচ্ছাদিত শরীরের কোন



চিত্র ঃ ৩.৫ উত্তপ্ত ধাতব খবের সম্ভাব্য বিপদ

৩.৪ শ্বাস-প্রশাসজনিত শারীরিক বিপর্যয়ের কারণসমূহ ঃ

ধাতৃ ওয়েন্ডিং এবং কাটিং-এর সময় ইলেকট্রোডের আবরণ ও মূল ধাতৃ পুড়ে ধুয়া ও বাস্পের সৃষ্টি হয়। কোন কোন কেত্রে বিষাক্ত গ্যাসের সৃষ্টি হয়, যা শ্বাস-প্রশাস-এর মাধ্যমে গ্রহণের ফলে মানব দেহের ক্ষতি সাধন করে। বর্তমান সমর প্রায় সব ধাতৃই ওয়েন্ডিং করা যায় এমন কী প্রাস্টিক বা প্রাস্টিক জাতীয় পদার্থও জ্যোড় দেওয়া হয় এর ফলে নানাবিধ বিষাক্ত গ্যাসের সৃষ্টি হয়। যা শ্বাস-প্রশাসের সমস্যা সৃষ্টি করে। আবার গ্যালভানাইজিং করা ধাতৃসমূহ ওয়েন্ডিং করার সময়, সৃষ্ট ধুয়ায় জিল্প অক্সাইড থাকে যা শ্বাস-প্রশাসের ব্যাঘাত সৃষ্টি করে, সম্ভব হলে গ্যালভানাইজেড করা ধাতু খোলা জায়গায় ওয়েন্ড করতে হবে অথবা ধুয়া নির্গমনের উপযুক্ত ব্যবস্থা করতে হবে। এই বিষাক্ত গ্যাস থেকে নিজেকে রক্ষার জন্য ওয়েন্ডারকে রেম্পিরেটর (Respirator) পরিধান করতে হবে।

আর্ক ওয়েন্ডিং এ যে ইলেকট্রোড ব্যবহার করা হয় উক্ত ইলেকট্রোডের আবরণ অথবা ফ্লাক্স সমূহের মধ্যে ক্লোরিনের যৌগ, সীসা, ক্যাডমিয়াম অথবা অন্য কোন বিষাক্ত পদার্থ বা বিষাক্ত গ্যাস উৎপন্ন করে, যা শ্বাস-প্রশাসের ব্যাঘাত ঘটায় এবং মানব দেহের ক্ষতি সাধন করে। তাই ওয়েন্ডিং করার সময় পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। প্রয়োজনে বায়ু নিজাশন ক্যান (Exchast Fan) শপে লাগাতে হবে।



চিত্র ঃ ৩.৬ শারীরিক বিপর্যয়

ওরেন্ডিং বুধ ঃ আবদ্ধ কর্মশালায় যেখানে অনেকগুলো ওরেন্ডিং বুথ বিদ্যমান, সেখানে পর্যাপ্ত ধুয়ার সৃষ্টি হবে। বিষাক্ত গ্যাসসমূহ স্বাস্থ্য ব্যবস্থা পত্রের সীমার মধ্যে রাখার জন্য নির্গমন ব্যবস্থার প্রয়োজন। সাধারণ অনুমোদন অনুযায়ী একজন ওয়েন্ডারের বুধে প্রতি মিনিটে ২০০০ ঘনফুট বিশুদ্ধ বায়ু চলাচল করতে হবে।

৩.৫ দাহ্য বস্তুর নিকটবর্তী স্থানে আর্ক ধয়েন্ডিং-এর সম্ভাব্য বিপদসমূহ ঃ

আর্ক ওয়েন্ডিং হচ্ছে আশুন, বিদ্যুৎ এবং অর্থগলিত ও গলিত ধাতু নিয়ে কাজ। তিনটিই শরীরের পক্ষে বিশেষ ক্ষতিকারক। ওয়েন্ডিং করার সময় অগ্নি কুলিঙ্গ অথবা গলিত ধাতু কিংবা উত্তপ্ত কণা ছড়িয়ে/ছিটিয়ে এদিক

সেদিক পড়ে যার জন্য ক্ষতিকর দুর্ঘটনা ঘটার সম্ভাবনা থাকে। কোন অবস্থাতেই ট্যাংক লরি, ব্যারেল ড্রাম, পাইপ লাইন অথবা অন্য কোন ধারক যার মধ্যে তৈল জাতীয় পদার্থ কিংবা গ্যাস বিদ্যমান, তা ওয়েল্ডিং করা যাবে না যদি না ঐ সমস্ত বিক্ষোরক পদার্থসমূহ যথাযথভাবে পরিষ্কার করা হয়। দাহ্য বাষ্প কিংবা বিষাক্ত গ্যাস উৎপাদন করে এমন পদার্থও ওয়েল্ডিং করা বিপদজনক। দাহ্য এবং বিক্ষোরক পদার্থের মধ্যে গ্যাসোলিন, হালকা তৈল, এসিডসমূহ উল্লেখযোগ্য। যা ধাতুর সাথে বিক্রিয়া ঘটিয়ে হাইড্রোজেন কিংবা নন ভলাটাইল তৈল কিংবা কঠিন পদার্থ উৎপন্ন করে। এ সকল পদার্থ উত্তপ্ত হলে ক্ষতিকারক গ্যাস নির্গত হয়। এসব রাসায়নিক পদার্থের মধ্যে ওয়েল্ডিং করা হলে মারাত্মক বিক্ষোরণও ঘটতে পারে। তাই এসব ক্ষেত্রে ওয়েল্ডিং করতে প্রচুর পানি দিয়ে কয়েকবার ভালোভাবে ধুতে হবে কিংবা রাসায়নিক দ্রবণ অথবা বাষ্প দ্বারা হলে ধারকটি পরিষ্কার করতে হবে। পরিষ্কার করার পর চূড়ান্ড সাবধানতা হিসেবে ওয়েল্ডিং কিংবা কাটিং এর পূর্বে ধারকটিতে নির্গমন পথ অর্থাৎ ছিদ্র করে পানি দ্বারা পরিপূর্ণ করতে হবে।


৩.৬ আর্ক ওয়েন্ডিং কালে যন্ত্রপাতি ও সরঞ্জামাদি পতন জনিত বিপদসমূহ শনাক্ত করতে পারা ঃ

- আর্ক ওয়েল্ডিংকালে সাবধান থাকতে হবে কারণ যে কোন ভুলের জন্য যে কোন মুহূর্তে বিপদ আসতে
 পারে। বিশেষ করে যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সাবধানে না রাখলে উপর থেকে নিচে পড়ে হাতে, পায়ে বা
 শরীরের যেকোন স্থানে আঘাত পাওয়ার সম্ভাবনা থাকে।
- বন্ধপাতি ও সরঞ্জামাদি উপর থেকে পড়ে নষ্ট হয়ে যেতে পারে। যেমন হ্যান্ড গ্রাইন্ডিং মেশিন উপর থেকে
 পড়ে মেশিনের ক্ষতি হতে পারে, বিশেষ করে হ্যান্ড গ্রাইন্ডার শরীরে পড়লে জীবনের ঝুঁকি এসে যায়।
 আর্ক ওয়েন্ডিং করার সময়, উত্তপ্ত গলিত তরল ধাতু নিচে পড়ে শরীরের য়ে কোন স্থানে ক্ষতের সৃষ্টি হতে
 পারে।
- উত্তপ্ত ওয়েল্ডেড জোড়া অসাবধানতার কারণে নিচে পড়ে শরীরের আঘাত বা ক্ষতের সৃষ্টি হতে পারে।
- ধাতু জোড়ের কাজে ব্যবহৃত বিভিন্ন টুলস্ উপর থেকে পড়ে টুলস্ এবং শরীরের ক্ষতি হতে পারে।
- ধাতু জোড়ের সময় অনেক ভারী বস্তু উপরে রাখা হয়। সামান্য ভুলের কারণে নিচে পড়ে মারাত্মক বিপদ
 হতে পারে। তাই ধাতু জোড়ের সময় য়য়পাতিও সরঞ্জামাদির পতন জনিত বিপদ সমূহের ব্যাপারে সতর্ক
 থাকতে হবে।
- পড়ন্ত বস্তু সাধারণত পায়ের অগ্রভাগে পড়ে, এতে ভারী বস্তু হলে পায়ের অগ্রভাগ থেতলে যায়। এধরনের
 দুর্ঘটনা থেকে রক্ষা পেতে সেফটি সু-ব্যবহার করতে হয়। সেফটি সু এর সম্মুখ ভাগ লোহার তৈরি হয়ে
 থাকে, যার ফলে যে কোন বস্তু পায়ের উপর পড়লে ক্ষতির পরিমাণ কম হয়।



চিত্র ঃ ৩.৭ পড়ম্ভ বস্তু জনিত বিপদ

চলম্ভ বস্তু বিশেষ করে গ্রাইভিং মেশিন চালনা ও এর ব্যবহারের নিয়ম-কানুন ভালোভাবে জানা দরকার।
 অমনোযোগী হয়ে কখনও গ্রাইভিং মেশিন ব্যবহার করতে নেই, এতে মারাত্মক দুর্ঘটনা ঘটতে পারে।



চিত্ৰ ঃ ৩.৮ গ্ৰাইন্ডিং মেশিন চালনা

প্রশ্নমালা-৩

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। বৈদ্যুতিক শক্ (Shock) কী ? এর ক্ষয় ক্ষতি উল্লেখ কর।
- ২। আর্ক রশ্মি বা আর্ক আই (Arc-Eye) বলতে কী বোঝায় ? এর ক্ষতিকর দিকসমূহ ব্যক্ত কর।
- ৩। আর্ক ওয়েন্ডিং কালে নির্গত ধোঁয়ায় শ্বাস-প্রশ্বাসের সম্ভাব্য বিপদসমূহ উল্লেখ কর।

সংক্ষিপ্ত প্রশ্ন

- ৪। দাহ্য বস্তুর নিকটে আর্ক ওয়েন্ডিং কালে সম্ভাব্য বিপদসমূহ বর্ণনা কর।
- ৫। আর্ক ওয়েন্ডিং কালে যন্ত্রপাতি বা সরঞ্জামাদির পতনজনিত সম্ভাব্য বিপদসমূহ উল্লেখ কর।
- ৬। আর্ক রশ্মি চর্মের উপর কী ক্ষতি করে, তা উল্লেখ কর।
- ৭। আর্ক আই হলে কী করতে হয়।

রচনামূলক প্রশ্ন

- ৮। চোখের উপর আর্ক রশ্যিও প্রতিক্রিয়া ব্যাখ্যা কর।
- ৯। গ্যালভানাইজিং করা বস্তু ওয়েল্ডিং করার ক্ষেত্রে বেশি বায়ু চলাচল করে এমন স্থানের প্রয়োজন হয় কেন ?
- ১০। শ্বাস-প্রশ্বাসজনিত শারীরিক বিপর্যয়সমূহের কারণ ব্যাখ্যা কর।

চতুর্থ অধ্যায় আর্ক ওয়েন্ডিং-এ ব্যক্তিগত নিরাপদ সরঞ্জামাদি

৪.১ আর্ক ওয়েন্ডারের নিরাপদ পোশাকাদি শনাক্তকরণ ঃ

ওয়েন্ডিং করতে হলে সর্বাগ্রে প্রয়োজন ওয়েন্ডারের ব্যক্তিগত নিরাপত্তা। ব্যক্তিগত নিরাপত্তার প্রয়োজনে ওয়েন্ডারকে বিশেষ ধরনের পোশাকাদি ব্যবহার করতে হয়। নিরাপদ পোশাকাদি ব্যবহারের ফলে ওয়েন্ডার নিরাপদভাবে ওয়েন্ডিং করতে পারে। নিম্নে ওয়েন্ডার এর নিরাপদ পোশাকাদি চিত্রসহ উল্লেখ করা হলো।



চিত্র ঃ ৪.১ ওভার অল/বয়লার স্যুট



চিত্ৰ ঃ ৪.২ সেকটি সৃক্ষ (Safety Shoes)



চিত্ৰ ঃ ৪.৩ কেপসট



চিত্ৰ ঃ ৪.৪ হ্যাড গ্লোক্স



ब्बि : 8.6 जाश्य



চিত্র ঃ ৪.৬ আর্থ ও রিস্ট প্রটেকটারস



চিত্ৰ ঃ ৪.৭ লেদার জ্যাকেট



চিত্ৰ ঃ ৪.৮ ছাল ক্যাপ



চিন্র ঃ ৪,১ খরেকিং গ্রোভস



চিত্ৰ 2 8.১০ রেম্পিরেটর



চিত্র ৪ ৪.১১ ইয়ার প্রটেকটব/ইয়ার মাফলার



চিত্র ঃ ৪.১২ প্রোটেকটিভ গগলস

৪.২ আর্ক ওরেভিং-এর সমর ব্যবহার্ব ব্যক্তিগড় নিরাপতাজনিত সাজ সরপ্রামানির ব্যবহার ঃ

হ্যান্ত শিক্ত (Hand Shield) ঃ এটি ওরেন্ডিং এর সমর ওরেন্ডারের চোখ এবং মুখমন্তগকে ক্ষতিকারক আর্ক রশ্বিও প্রভাব হতে বাঁচায়। এটাকে হাতে ধরে কান্ত করতে হয়।



চিত্র ঃ ৪.১৩ বিভিন্ন ধরনের হ্যান্ড শিল্ড

ক্লেমেট (Helmet) ঃ এটাকে হাতে ধরতে হয় না, মাখায় আটকে নিয়ে সুবিধাজনকভাবে ব্যবহার করা
বায়। হেল্মেট ও হ্যান্ডলিভের মত ওয়েভার এর চোধ এবং মুখমন্ডলকে ক্ষতিকারক আর্ক রশ্যি হতে বাচায়।



চিত্ৰ: 8.১৪ হেলমেট

সেফটি সৃষ্ণ (Safety Shoes) ঃ পড়স্ত বস্ত যাতে পায়ের ক্ষতি করতে না পারে, সে জন্য জ্বতার টো
ক্যাপ স্টিলের তৈরি এবং তলদেশে স্টিলের যোগান থাকে। এর তলা পোক্ত রাবারের তৈরি হেতৃ
তড়িতাহতো হওয়ার সম্ভাবনা কম।



চিত্ৰ ঃ ৪.১৫ সেফটি সুজ

 হ্যান্ড গ্লোভস (Hand Gloves) ঃ এটি পুরু এবং অগ্নি প্রতিরোধক পদার্থ দিয়ে তৈরি। হাতের তালু এবং আঙ্গুলগুলোকে অগ্নি এবং উত্তপ্ত ধাতৃ হতে রক্ষা করে।



চিত্ৰ ঃ ৪.১৬ হ্যাভ গ্ৰোভস

লেদার ভ্যাকেট (Leather Jacket) ঃ এটি লেদার বা চামড়ার তৈরি। পঞ্জিশনাল প্রয়েন্ডিং এ বিশেষ
করে ভার্টিক্যাল এবং প্রভারত্বেড অবস্থানে প্রয়েন্ডিং করার সময় গলিত স্লাগ, স্প্যাটার ইত্যাদি হতে
শরীরকে রক্ষা করে ।



চিত্র ঃ ৪.১৭ লেদার জ্যাকেট

স্পাটিস/বিশেষ ছুডা (Spats) ঃ
 উৎক্ষিপ্ত গণিত ধাতু কণা হতে পায়ের গোছাকে রক্ষা করে।



विवा : ८,১৮ ज्लापिन

আধ্বন (Apren) ঃ এটি চামড়ার তৈরি। শরীরের সম্পুধের অংশকে ওয়েভিং এবং কাটিং এর সময়
সম্ভাব্য বিশদ বধা উড়ছ গরম সাগ, স্প্রাটার, আর্ক রশ্বি ও আর্কেও উদ্ভাগ বতে রক্ষা করে।



विवा १ 8,5% व्याधन

আর্থ ও রিস্ট প্রটেকটরস (Earth & Wrist protectors) ঃ
 এটি চামড়ার তৈরি। আর্ক রশ্মি ও আর্কের উত্তাপ হতে হাতের তালু ও আঙ্গুলসমূহ রক্ষা করে।



চিত্র ঃ ৪.২০ আর্থ ও রিস্ট প্রটেকটরস

কাল ক্যাপ (Scalp Cap) ৪ এটি চামড়ার তৈরি বিশেষ টুপি। যা ওয়েন্ডার এর মাথাকে উত্তাপ এবং
অগ্নিস্ফুলিঙ্গ হতে রক্ষা করে। ওভারহেড পজিশনে ধাতু জ্বোড়ের ক্ষেত্রে এর বিশেষ প্রয়োজন হয়।



চিত্ৰ ঃ ৪.২১ স্থাল ক্যাপ

ইয়ার প্রোটেকটর বা ইয়ার মাফলার (Protector or Ear muffler) ঃ
বিরক্তিকর বা বিকট শব্দ হতে এটি গ্রয়েন্ডার এর কানকে রক্ষা করে।



চিত্র ঃ ৪.২২ ইয়ার প্রোটেকটর

রেম্পিরেটর (Respirator) ঃ ওয়েভিং করার সময় বিষাক্ত গ্যাস গলত্বকরণ হতে রক্ষা করে ।



চিত্র ঃ ৪.২৩ রেম্পিরেটর

প্রোটেকটিভ গগলস (Protective goggles) ঃ
 প্রাণ চিপিং এবং প্রাউতিং করার সময় উৎক্ষিপ্ত ধাত কণা হতে চোখকে রক্ষা করে ।



চিত্ৰ ঃ ৪.২৪ প্ৰোটেকটিভ গগলস

৪.৩ আর্ক ওয়েন্ডিং-এর সময় ব্যবহার্য নিরাসভাসুলক ব্রুপাতি ও সরভামাদির ব্যবহার ও বক্ষণাবেক্ষণ ঃ

বে কোন শিল্প কারখানার তৈরি জিনিসের মান নির্ভর করে ঐ প্রতিষ্ঠানের কার্য-পরিবেশের উপর। কার্য-পরিবেশ বিদি সূন্দর হয়, তাহলে তৈরি জিনিসের মান ভালো হবে। সুন্দর পরিবেশ তৈরি করতে হলে, উৎপাদনের সঙ্গে প্রত্যক্ষভাবে জড়িত যন্ত্রপাতি ও সরক্ষামাদিও সঠিক ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে হবে। এছাড়া অলোছালো ময়লা জায়লা বা যন্ত্রপাতি ও সরক্ষামাদিও গায়ে ময়লা জমে থাকলে কর্মদক্ষতা অনেকাংশে কমে যায় এবং দুর্যটনা ঘটার সন্তাবনা অনেকাংশে বেড়ে যায়। রক্ষণাবেক্ষণের অভাবে অনেক সময় অনেক দামি যন্ত্রপাতি বা সরক্ষামাদি ব্যবহারের অনুপবোলী হয়ে পড়ে। প্রতিটি সরক্ষামাদির জন্য আলাদা আলাদা য়্যাকের ব্যবহা থাকলে এবং পরিছার, পরিজন্ম রাখা পেলে সরক্ষামাদি দীর্ঘদিন কার্যক্ষম থাকে। আর্ক ওয়েভিং-এর জন্য ব্যবহৃত যন্ত্রপাতির মধ্যে রয়েছে (ক) ট্রালফরমার (খ) ডি.সি ওয়েভিং এর ক্ষেত্রে জেনারেটর রেকটিকারার (Rectifier)।

ট্রালক্রমার ঃ

স্যাত স্যাতে জায়গার এর ব্যবহার নিষেধ, এতে বৈদ্যুতিক দুর্বটনা ঘটতে পারে। কাজ শেষে ধুলাবালি ও ময়লা পরিষ্কার করে কেলতে হবে। আর্থিংসহ সব ক্যাবল (Cable) কাজ শেষে সুন্দরভাবে গুটিয়ে রাখতে হবে।

রেকটিকারার :

এটি ডি.সি ওয়েন্ডিং-এর ক্ষেত্রে ব্যবহাত হয়। এক্ষেত্রে স্যাত স্যাতে, তৈলাক্ত বা আবদ্ধ দরে এর ব্যবহার হলে তড়িতাহত হওয়ার সম্ভাবনা থাকে। প্রচুর আলো বাতাস আছে এমন স্থানে এটি স্থাপন করতে হবে। কাজের শেষে এবং সাঙ্গাহিকভাবে এর রক্ষণাবেক্ষণ জরুরি, এতে এর কার্যক্ষমতা ঠিক থাকে। অন্যান্য সরক্ষামাদির ক্ষেত্রেও রক্ষণাবেক্ষণ জরুরি। বেমন ছেনির (Chisel) মাখার বদি অধিক পরিমাণে বাবড়ি জয়ে থাকে তবে তা হাতের জন্য বিপদজনক হতে পারে।

- হাতলবিহীন ফাইল ব্যবহার করতে নেই। হাতল উত্তলরূপে ফাইলের সাথে আটকানো আছে কীনা তা-সব
 সময় পরীক্ষা করতে হবে।
- ছেনি দিয়ে কাজ করার সময় লক্ষ রাখতে হবে যাতে চিপস উ
 ডে গিয়ে নিকটবর্তী কাউকে আঘাত না
 করে।
- আগুন লাগার যন্ত্রপাতি ঠিক আছে কীনা প্রায়ই তা চেক করতে হবে।
- যন্ত্রপাতি ও সরঞ্জামাদির ব্যবহার ও নিরাপত্তার স্বার্থে সাপ্তাহিক বা মাসিক তদারকির রুটিন করতে হবে

 এবং সে মোতাবেক কাজ করতে হবে।
- সাধারণত ওয়েল্ডিং বুথের দেয়াল অগ্নি নিরোধক পদার্থের হয়ে থাকে ।
- ওয়েলিং ওয়ার্কশপের বুথ অগ্নি নিরোধক পদার্থের হলেও ওয়েলিং ওয়ার্কশপে আগুন লাগার সম্ভাবনা অনেক বেশি থাকে তাই অগ্নি নিরোধক যন্ত্রপাতির কার্যকারিতা ও সঠিক ব্যবহার নিশ্চিত করার জন্য মাসিক, ব্রৈমাসিক বা বাৎসরিক মহড়ার প্রয়োজন, এতে যন্ত্রপাতি কার্যকারিতা ও হঠাৎ করে আগুন লাগলে কার্যকর ব্যবস্থা গ্রহণ সহজতর হয়।
- মহড়ায় সময় দর্শনার্থী মহড়া অবলোকন করে বুঝতে পারে আগুন লাগার সময় করণীয় ও নিরাপদে থাকতে
 হয় কীভাবে।

প্রশ্নমালা-8

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। আর্ক ওয়েন্ডিং-এর সময় সর্বাগ্রে কী প্রয়োজন ?
- ২। ওয়েন্ডিং বুথের দেয়াল কিরূপ পদার্থের হয়ে থাকে ?
- ৩। অগ্নি নিরোধক মহড়ার প্রয়োজন কেন ?
- ৪। ছেনি দিয়ে কাজ করার সময় কী লক্ষ রাখতে হবে ?
- ৫। রেকটিফায়ার কী ধরনের ওয়েল্ডিং-এর ক্ষেত্রে ব্যবহৃত হয় ?
- ৬। সেফটি সু ব্যবহার না করলে কী ক্ষতি হতে পারে ?

সংক্রিপ্ত প্রশ্ন

- ৭। রেকটিফায়ার এর রক্ষণাবেক্ষণ কৌশল লেখ।
- ৮। ট্রান্সফরমার এর রক্ষণাবেক্ষণ কৌশল লেখ।

- ৯। অগ্নি নিরোধক মহড়ার প্রয়োজন কেন ?
- ১০। আর্ক ওয়েন্ডিং-এর সময় ব্যবহৃত ৫ (পাঁচ)টি ব্যক্তিগত নিরাপদ সরঞ্জামাদির নাম উল্লেখ কর।
- ১১। আর্ক ওয়েল্ডিং-এর সময় ব্যবহার্য ৫ (পাঁচ)টি নিরাপত্তামূলক সরঞ্জামাদির ব্যবহার ব্যক্ত কর।

রচনামূলক প্রশ্ন

- ১২। আর্ক ওয়েন্ডিং-এ ব্যবহৃত ১০ (দশ)টি নিরাপত্তা সরঞ্জামাদির নাম উল্লেখ কর।
- ১৩। আর্ক ওয়েন্ডিং-এ ব্যবহৃত ১০ (দশ)টি নিরাপত্তা সরঞ্জামাদির রক্ষণাবেক্ষণ উল্লেখ কর।
- ১৪। আর্ক ওয়েন্ডিং-এর সময় ব্যবহৃত ব্যক্তিগত নিরাপদ সরঞ্জামাদির প্রয়োজনীয়তা উল্লেখ কর।
- ১৫। আর্ক ওয়েল্ডিং-এর সময় ব্যবহার্য ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জামাদির ব্যবহার উল্লেখ কর।
- ১৬। এয়ার মাফলার (Ear-muffler) ব্যবহারের প্রয়োজনীয়তা উল্লেখ কর।
- ১৭। আর্ক ওয়েন্ডিং কালে ব্যবহার করতে হয় এমন নিরাপদ পোশাকাদির বর্ণনা দাও।


পঞ্চম অধ্যায়

ওয়েন্ডার হ্যান্ড টুলস (Welder Hand Tools)

৫.১ খরেন্ডার-এর ব্যান্ড টুলসগুলি চিক্তিকরণ ঃ

একজন ওয়েন্ডার যে সমস্ক বন্ধপাতি হাতে চালনা করে সেগুলি হলো একজন ওয়েন্ডারের য্যান্ডটুলস। ওয়েন্ডার ওয়েন্ডিং কাজের পূর্বে জোড়াছান তৈরির জন্য ছান চিহ্নিত করে, খাড়ু কেটে, কয় করে, মাপ নেয়, পিটিয়ে ধাড়ুর আকৃতি পরিবর্তন করে এইরূপ বিভিন্ন রকমের কাজ করে, এই কাজগুলি করার জন্য যে হ্যান্ড টুলসগুলি ব্যবহৃত হয় সেগুলি হলো ঃ

- (১) স্থাকস (Hack Saw)
- (২) ফাইল (File)
- (৩) চিজেল (Chisel)
- (৪) বলপিন হ্যামার (Ball pin Hammer)
- (৫) চিপিং হ্যামার (Chipping Hammer)
- (৬) সেন্টার পাঞ্চ (Centre Punch)
- (৭) কাইবার (Scriber)
- (৮) ব্লাকশ্বিথ টংস (Blacksmith Tong)
- (৯) ভয়ার বাস (Wire Brush)
- (১০) বি ক্ল্যাম্প (C Clamp)
- (১১) পোর্টেবল হ্যান্ড থাইন্ডার (Portable Hand Grinder)
- (১২) ভাইস থিপ ওরেন্ডিং ক্ল্যাম্প
- (১৩) প্যারালাল ক্ল্যাম্প





চিত্ৰ ৪ ৫.২ ফাইল



ठिव ३ ८.७ ठिएकन



চিত্র ৪ ৫.৪ বঙ্গপিন হ্যামার

প্রয়েন্ডার হ্যান্ড টুলস



চিত্র ঃ ৫.৫ চিপিং হ্যামার



চিত্র ঃ ৫.৬ সেন্টার পাঞ্চ



চিত্র ঃ ৫.৭ জাইবার



চিত্ৰ ঃ ৫.৮ ব্লাকস্মিথ টংস



চিত্র ঃ ৫.৯ ওয়্যার ব্রাশ



চিত্ৰ ঃ ৫.১০ সি ক্ল্যাম্প

ওয়েন্ডার হ্যান্ড টুলস



চিত্র ঃ ৫.১১ পোর্টেবল হ্যান্ড গ্রাইন্ডার



চিত্র ঃ ৫.১২ ভাইস গ্রিপ ওয়েন্ডিং ক্ল্যাস্প



চিত্র ঃ ৫.১৩ প্যারাদাল ক্ল্যাম্প

৫.২ ওক্তোর-এর হ্যান্ড টুলনের ব্যবহারঃ

হ্যাকস ঃ ধাতু কাটার অতি প্রয়োজনীয় এ যন্ত্রটির প্রধানত দুইটি অংশ (ক) ক্রেম এবং (খ) ব্লেড



চিত্ৰ ঃ ৫.১৪ হ্যাকস

হ্যাকস ক্ৰেম দুই প্ৰকাৰ। কথা-

- (১) সম্পিড ক্রেম ঃ ক্রেমের দৈর্ঘ্য কম বেশি করা যায় না।
- (২) আছজাস্ট্যাবল ক্রেম ঃ প্ররোজনে ক্রেমের দৈর্ঘ্য কম বেশি করা বার।

ওয়েন্ডার হ্যান্ড টুলস




চিত্ৰ ঃ ৫.১৫ সলিড ফ্ৰেম



চিত্র ঃ ৫.১৬ অ্যাডজাস্ট্যাবল ফ্রেম

ব্রডঃ


ধাতৃ কাটার হ্যাকস এর মূল উপাদান হলো ব্লেড। ব্লেডের দুই প্রান্তে দুইটি ছিদ্র থাকে, এই ছিদ্র দুইটির কেন্দ্রের মধ্যবর্তী দূরত্বকে হ্যাকস ব্লেডের দৈর্ঘ্য বলে।



বাজারে প্রচলিত ব্রেডগুলির দৈর্ঘ্য ২৫০ মিলিমিটার হতে ৩০০ মিলিমিটার, চওড়া ১২ মিলিমিটার হতে ১৬ মিলিমিটার এবং পুরুত্ব ০.৬৩ মিলিমিটার হতে ০.৮০ মিলিমিটার হয়। প্রতি ইঞ্চিতে দাঁতের সংখ্যা বিভিন্ন হলেও, ওয়ার্কশপের সাধারণ কাজের জন্য প্রতি ইঞ্চিতে ১৪ দাঁতের ব্লেড ব্যবহৃত হয়। মোটা বা বেশি পুরুত্বেও ধাতু কটার জন্য প্রতি ইঞ্চিতে অল্প দাঁত সংখ্যা বিশিষ্ট ব্লেড ব্যবহৃত হয়। কোন একটি ধাতু কাটার সময় লক্ষ করা উচিত যে স্থানটি কাটা হচ্ছে সে স্থানের উপর কমপক্ষে দুই বা তিনটি দাঁত থাকতে পারে কীনা? যদি না পারে তবে ব্লেড ভাঙার সম্ভাবনা বেশি।

হ্যাকস ব্যবহার ঃ


অতি প্রয়োজনীয় এ কাটার যন্ত্রটি ওয়ার্কশপে রড, ফ্লাটবার, পাইপ, অ্যাঙ্গেলবার, সিট, প্লেট ইত্যাদি অতি সহজে এবং সুবিধাজনকভাবে কাটার জন্য ব্যবহার করা হয়।



চিত্র ঃ ৫.১৮ হ্যাকস এর ব্যবহার

कार्ग इ

ভয়ার্কশপে যতগুলো হ্যাভটুলস ব্যবহৃত হয় ফাইল সেগুলোর মধ্যে অন্যতম। একটি ফাইলের বিভিন্ন অংশগুলোর নাম নিম্লে দেওরা হলো।



চিত্ৰ ঃ ৫.১৯ ফাইল

একটি ফাইলের ট্যাং অংশটি বাদ দিলে বা অবশিষ্ট থাকে তা ফাইল দৈর্ঘ্য হিসাবে পরিচিত। এ দৈর্ঘ্য ৫০ বিলিমিটার হতে বর্ষিত হরে ১০০ মিলিমিটার এবং ১০০ মিলিমিটার হতে বর্ষিত হরে ৪৫০ মিলিমিটার পর্যন্ত হরে থাকে। অর্থাৎ ২ ইঞ্চি হতে ক্রমে বৃদ্ধি পর্যন্ত হয়ে ৪ ইঞ্চি হতে ক্রমে বৃদ্ধি পর্যন্ত হয়।

কাইদের ব্যবহার ঃ

কোন বস্তুর উপরিভাগ বা কোন নালীর ভিতরের অংশ হতে অন্ধ পরিমাণ ম্যাটেরিয়াল কর করতে এটি অভ্যন্ত উপরুক্ত। আপাত দৃষ্টিতে ফাইল চালানো কাজ খুব যাভাবিক মনে হলেও সুক্ষর করে কাইল চালানো বা ফাইলিং শেখার জন্য অনেক সময় মনোযোগ দেওরা প্রয়োজন।

একটি ফাইলের প্রতি সেন্টিমিটারে বা প্রতি ইঞ্চিতে কয়টি দাঁত রয়েছে সে সংখ্যার উপর ভিত্তি করে ফাইলের তার বা প্রেড নির্ধারণ করা হয়। যে ছানে বেশি ধাত্ কর করতে হয় তথার প্রতি সেন্টিমিটারে অল্প দাঁতের ফাইল অর্থাৎ মোটা দাঁতের ফাইল ব্যবহার করা হয়। প্রতি সেন্টিমিটারে বা ইঞ্চিতে দাঁত সংখ্যার ভিত্তিতে ফাইল-এর প্রেডসমূহের নাম এবং এদের ব্যবহার ছকে দেখান হলো। সঠিক কান্ধ পাওয়ার জন্য সঠিক থেডের ফাইল নির্বাচন করা অতি প্রয়োজন।

টেবিল নং-১

কাইলের শ্রেড	প্রতি সেন্টিমিটারে দাঁভের সংখ্যা	প্রতি ইঞ্চি দাঁতের সংখ্যা	কোথার ব্যবহার করতে হবে।
রাফ	ъ	২০	খুব বেশি পরিমাণের ধাতু ক্ষয় করতে।
বাস্টার্ড	৮ <i>হতে</i> ১০	২০ হতে ২৫	অপেক্ষাকৃত কম ধাতৃ ক্ষয় করতে পারে।
সেকেন্ড কার্ট	১২ হতে ১৬	৩০ হতে ৪০	সাধারণ কাচ্ছের জন্য
স্মুথ কাৰ্ট	২০ হতে ২০	৫০ হতে ৬০	অক্স পরিমাণ ধাতু ক্ষয় করার জন্য।
ডেড স্মৃথ	২৬ হতে ৪০	৬৫ হতে ১০০	অতি অল্প পরিমাণ ধাতৃ অপসারণের জন্য এবং ফিনিসিং দেওরার কাঞ্চে।

দাঁতের সংখ্যার উপর ভিত্তি করে যেমন ফাইলের প্রেড নির্ধারণ করা যায়, তেমনি ফাইলের আকৃতির উপর ভিত্তি করে এর শ্রেণি বিভাগ করা যায়। বিভিন্ন জবের জন্য বিভিন্ন শ্রেণির ফাইলের দরকার হয়।

বিভিন্ন শ্রেণির কাইলগুলোর নাম হলোঃ

১. ফ্ল্যাট ফাইল



চিত্ৰ ঃ ৫.২০ ফ্ৰ্যাট কাইল

২. হ্যাভ ফাইল



চিত্ৰ ঃ ৫.২১ হ্যান্ড ফাইল

৩. পিলার ফাইল



চিত্র ঃ ৫,২২ শিশার ফাইল

৪. মিল ফাইল



চিত্ৰ ঃ ৫,২৩ মিল ফাইল

৫. হাফ রাউভ ফাইল



চিত্র ঃ ৫.২৪ হাফ রাউন্ড ফাইল

৬. রাউন্ড ফাইল



চিত্ৰ ঃ ৫.২৫ রাউন্ড ফাইল

আকৃতি অনুসারে ফাইলভলোর বর্ণনা ঃ

ফ্র্যাট কাইল ঃ

ফ্র্যাট অর্থ সমতল বা চ্যান্টা সুতরাং এ ফাইলের উপরিভাগ সমতল বা চ্যান্টা হবে অগ্রভাগ ক্রমশ চিকন। এর দৈর্ঘ্য সাধারণত ৫ সেন্টিমিটার হতে ১৫ এবং ১৫ সেন্টিমিটার হতে ৪৫ সেন্টিমিটার পর্যন্ত হয়। ওয়ার্কশপের অধিকাংশ কাজ এ ফাইল ছারা করা যায়। রাফ, বাস্টার্ড, সেকেন্ড কার্ট, স্মুধ্ব এবং ডেড স্মুধ্ব সকল গ্রেডের ফ্র্যাট ফাইল বাজারে পাওয়া যায়।



চিত্ৰ ঃ ৫.২৬ ফ্লাট কাইল

হাত কহিল ঃ

এর পৃষ্ঠদেশ সমতল এবং আয়তাকার, দেখতে ফ্ল্যুট ফাইলের মতো হলেও এক পার্শ্বে কোন দাঁত থাকে না, অর্থাৎ এক পাল সমতল বাকে ফলে ৯০ ডিমি কোণে কোন পৃষ্ঠ ক্ষয় করার সময় একটি পার্শ্বকে অকুণু রাখা প্রয়োজন হলে এ প্রকারের কবিল এর দরকার হয়।



চিত্ৰ : ৫.২৭ ফাভ ফাইল

শিলার কবিল :

এ শ্রেণির ফাইল হ্যান্ড ফাইলের অনুরূপ ওধুমাত্র পার্থক্য যে, এর পুরুত্ব হ্যান্ড ফাইলের চেরে বেশি হয়। এ ফাইল ২০ সেন্টিমিটার হতে ৩০ সেন্টিমিটার (৮ ইঞ্চি হতে ১২ ইঞ্চি) পর্যন্ত লখা বাজারে পাওয়া যায়। কোন আয়তাকার খাচে অধিক পরিমাণ ধাতু কয় করার কাজে এ ফাইল অভি উপযুক্ত।



চিত্র ৪ ৫.২৮ পিলার ফাইল

यिन करिन :

এ প্রকারের কাইলেরও পৃষ্ঠদেশ চ্যান্টা বা সমতল তবে বিশেষত্ব এই যে, এই শ্রেণির ফাইল সিংগেল কাট বিশিষ্ট হয়। অধিক পরিমাণ ধাতু কয় করতে এটি ব্যবহৃত হয়।



চিত্ৰ ঃ ৫.২৯ মিল ফাইল

হাৰু ৱাউড কৃহিল ঃ

নাম হতে বুঝা বার বে, এ ধরনের কাইল এর উপরিভাগ অর্থ শোলাকার হবে। তবে প্রকৃত গক্ষে এটি সম্পূর্ণরূপে অর্থ গোলাকার নয়, খানিকটা অর্থ গোলাকার এবং এর একটি পৃষ্ঠ সমতল থাকে, ফলে সমতল পৃষ্ঠটি দিয়ে অনায়াসে ফ্ল্যাট ফাইলের কাজও চালান যার এবং বক্রপৃষ্ঠটি দিয়ে কোন পৃষ্ঠকে অবতল আকৃতি দেওয়া বায়। এ শ্রেলির ফাইলের দৈর্ঘ্য ১০ সেন্টিমিটার হতে ৪৫ সেন্টিমিটার পর্যন্ত হয়।



চিত্র ঃ ৫.৩০ হাফ রাউভ ফাইল

রাউত কাইল ঃ

এ শ্রেণির ফাইল গোলাকার ডবে টেপার আকৃতি হর অর্থাৎ ফাইলের ব্যাস সুষমহারে ক্রমশ কমে যায়। ছোট আকৃতির রাউন্ড ফাইলকে র্যাটটেইল বলা হয়। রাউন্ড ফাইলের দৈর্ঘ্য সাধারণত ১০ সেন্টিমিটার হতে ৪৫ সেন্টিমিটার পর্যন্ত হয়। কোন গোল ছিদ্রকে বড় করতে, অসম আকৃতির হোলের আকৃতি ঠিক করতে এ শ্রেণির ফাইল অতি উপযুক্ত বলে বিবেচিত হয়। ওয়েন্ডার হ্যান্ড টুলস ৫৭



চিত্র : ৫.৩১ রাউভ ফাইল

ট্রাভেলার কাইল বা প্রি করার কাইল :

তিন কোন বিশিষ্ট এ ফাইল টেপার আকৃতি হয় অর্থাৎ ক্রমশ চিকন হয়। তিন কোণা এ ফাইলের প্রতিটি কোনের মান ৬০ ডিগ্রি। এ প্রকার ফাইল ১০ সেন্টিমিটার হতে ৪০ সেন্টিমিটার পর্যন্ত দীর্ঘ হয়। এটি সিলেল কাট এবং ডবল কাট উভয় প্রকারের হয়। যে সমস্ত কৌণিক স্থানের মান ৯০ ডিগ্রি অপেক্ষা কম সে সকল স্থানে ফাইলিং করতে এ প্রকারের ফাইল অধিক উপযুক্ত। করাতের দাঁত, ট্যাপ, কাটার ইত্যাদি ধার দিতে এ ফাইল খুব উপযুক্ত।



চিত্র ঃ ৫.৩২ ট্র্যাংগুলার ফাইল বা প্রি ক্ষরার কাইল

ক্ষার ফাইল ঃ


এ ফাইল বর্গাকার অর্থাৎ এর চারটি কোণ থাকে, প্রতিটি কোণের মান ৯০ ডিগ্রি। এটি ভবল কাট বিশিষ্ট হয়। কোন নালীর বা প্রুপের তলা পরিষ্কার করতে অথবা গোল গর্তকে চৌকোণা করতে এ শ্রেণির ফাইল ব্যবস্থত হয়।



চিত্র ঃ ৫.৩৩ স্কয়ার ফাইল

िटक्ल १

এটি একটি ধাতৃ কর্তনকারী যন্ত্র। বাংলার একে ছেনি বলে। একটি চিজেলে বা ছেনির প্রধান প্রধান অংশগুলো হলোঃ



िव ३ ८.७८ हिट्सम

হেড অংশে হাতুড়ির আঘাত দিরে ধাতু কাটা হর, চিজেল টুল স্টিল নামক ভালো ইস্পাতের তৈরি হয়। বিভিন্ন রকম কাজের জন্য চিজেলের মুখের আকৃতি বিভিন্ন হয় এবং এদের নামও বিভিন্ন হর, যেমনঃ ওয়েন্ডার হ্যান্ড টুলস

(ক) ফ্ল্যাট চিজেল



ক্রস কাট চিজেন্স চিত্র ঃ ৫.৩৫ (ক) চিজেন্স



চিত্র ঃ ৫.৩৫ (খ) বিভিন্ন প্রকার চিজেন



(গ) রাউন্ড নোজ চিজেন



(ঙ) সাইড চিঞ্জেল

কোন চিজেলের মাপ বলতে এর কাটিং এজের দৈর্ঘ্যকে বুঝায়। এ মাপ ০৬ মিলিমিটার হতে ৩২ মিলিমিটার পর্যস্ত হয়।

ওয়ার্কশগে চিজেল নিমুলিখিত কাজে ব্যবহৃত হয় ঃ

- (১) প্রয়োজনের অভিরিক্ত মেটাল কোন বস্তুর উপর হতে দ্রুত সরিয়ে ফেলতে।
- (২) কোন অসমতল স্থান তাড়াতাড়ি মোটামূটি সমান করতে।
- (৩) কোন বস্তুর উপরিভাগে নালী বা ঘাট কাটতে।
- (৪) কোন মেটালকে দ্বিখণ্ডিত করতে।
- (৫) রিভেটকে কেটে কোন জ্বোড় খুলতে।
- (৬) ওয়েন্ড জ্যোড়া প্রস্তুতি করার সময়।
- (৭) ওয়েন্ড মেটালের মাঝে আটকে পড়া ধাতুমল বা গাদ সরাতে।

বলপিন হ্যামার ঃ

এর হেডটি বলের মত অর্থাৎ গোল তাই এ শ্রেণির হাতুড়ির নাম হয়েছে বলপিন হ্যামার। একটি বলপিন হ্যামারে বিভিন্ন অংশের নাম হলোঃ

- (ক) ফেস
- (খ) আই
- (গ) হেড বা পিন
- (ঘ) হাতল

বলপিন হ্যামার সাধারণত ০.১১ হতে ০.১১ কিলোগ্রাম ওজনের হয়। ওয়ার্কশপে বিভিন্ন ধরনের কাজে এ হ্যামার ব্যবহার করা হয়। ওয়েন্ডার হ্যাভ টুলস




চিত্র ঃ ৫.৩৫ বলপিন হ্যামার

হ্যামার ব্যবহার করা হয় ঃ


(১) চিজেল দিয়ে চিপিং করে ধাতু কাটার সময় চিজেলের হেডে আঘাত করতে



(২) জব লে-আউট করার সময় সেন্টার পাঞ্চের মাধায় আঘাত করতে







চিশিং হ্যামার ঃ এক মাধা ফ্ল্যাট বা সমতল এবং অন্য মাধা বাটালি বা ছেনির মত।



এ হাতৃড়ি একজন ধরেন্ডারের জন্য অতি প্রয়োজনীয় একটি হ্যান্ড টুলস। ব্যবহার ঃ

(ক) ওরেন্ডিং করার পর ওরেন্ড মেটালের উপর বে সকল স্নাগের আবরপ থাকে সেগুলো পরিষ্কার করতে এ হাতৃড়ি প্রয়োজন হয়। ওয়েন্ডার হ্যান্ড টুলস


- (খ) স্প্যাটার ক্রটির কারণে ছিটকে পড়া ধাতু কণাগুলো পরিষ্কার করতেও এটি ব্যবহৃত হয়।
- (গ) যে স্থান সমতল অংশ দিয়ে পরিষ্কার হয় না অর্থাৎ ময়লা শক্তভাবে লেগে থাকে সেখানে চিজেলের মত অংশ ব্যবহৃত হয়।
- (ঘ) সমতল অংশকে সাধারণ হাতৃড়ির মত ব্যবহার করে কোন কিছুকে পেটাতে।

সেন্টার পাঞ্চঃ

মাথাটি হার্ডেনিং করে শব্দ করা এবং বডি হাত হতে যেন পিছলিয়ে না যায় তাই নারলিং (Knurling) করা থাকে। এটি লমায় প্রায় ১০০ মিলিমিটার হয়।

ব্যবহারঃ

জব মার্কিং করতে ব্যবহৃত হয়।




ক্রাইবারঃ

এক প্রান্ত স্চের মত তীক্ষ্ণ এবং বডিতে নারলিং করা। এটি টুলস্টিলের তৈরি এবং লদায় প্রায় ২০০ মিলিমিটার হতে ৩০০ মিলিমিটার হয়। কোন কোন সময় এর এক মাথা ৯০ ডিগ্রি কোণে বাঁকানো থাকে।

ব্যবহারঃ

পেশিল দিয়ে যেমন কাগজের উপর দাগ টানা হয় অনুরূপভাবে জবের উপর দাগ দেওয়ার জন্য এটি ব্যবহৃত হয়। ওয়েন্ডিং জোড়ার পার্শ্বদেশ তৈরি করার সময় এটি ব্যবহৃত হয়।



• ব্লাকন্মিথ টংসঃ

এটি মিডিয়াম কার্বন স্টিলের তৈরি এর হাতল অংশ গোলাকার তবে চোয়াল গোলাকার এবং চ্যাপটা উভয় রকমই হয়।

ব্যবহারঃ গরম জবকে ধরতে ও নাড়াচাড়া করতে জবকে সঠিক অবস্থানে ধরে ওয়েন্ডিং করতে এটি অতি প্রয়োজনীয়।



ওয়্যার ব্রাশঃ

কাঠের হাতলের শক্ত চিকন চিকন তার বসিয়ে এ ব্রাশ তৈরি করা হয়। চিপিং হাতুড়ির সাহায্যে জোড়া স্থানের স্লাগের আবরণ তোলার পর উক্ত স্থানকে ভালোভাবে পরিষ্কার করার জন্য এটি ব্যবহৃত হয়। তাছাড়াও বেস মেটাল বা পেরেনট মেটাল যখন অপরিষ্কার থাকে তখনও এ ব্রাশের সাহায্যে এটি পরিষ্কার করা যায়। ওয়েন্ডার হ্যান্ড টুলস



পোর্টেবল ইলেকট্রিক হ্যান্ড প্রাইভারঃ

এটি একছান হতে অন্যস্থানে বহন করা যায়। একটি বৈদ্যুতিক মটর প্রাইন্ডিং হুইলটি চালায় এবং ওয়েন্ডার নিজ হাতে হ্যান্ড প্রাইন্ডারটিকে ওয়েন্ডিংকৃত জবের উপর চাপিয়ে ওয়েন্ডিং জ্বোড়াকে পরিষ্কার করতে পারে। ভারী জবকে পরিষ্কার করার জন্য এটি অতি উপযুক্ত।



ভাইস বিশ ওয়েন্ডিং ক্ল্যাম্পঃ

ওরেন্ডিং ওয়ার্কশঙ্গে এটি অতি প্রয়োজনীয় একটি হ্যান্ডটুলস। এ ক্লাম্প করেকটি ধাতৃখবকে একত্রে ধরে জবকে সঠিক অবস্থানে রাখতে অতি প্রয়োজনীয়।



লি ক্ল্যাম্পাঃ এটি দেখতে ইংরেজি সি অক্ষরের মতো। তাই এর এরপ নাম হয়েছে। ভারী এবং হালকা উভয় ধরনের কাজে এটি ব্যবহার করা যায়।



প্রার্থালাল ক্ল্যাম্পঃ

এ ধরনের ক্ল্যাম্পে দুইটি জ বা চোয়ালই প্যারালাল অবস্থার থাকে তাই এর নাম প্যারালাল ক্ল্যাম্প হয়েছে। জবকে সঠিক স্থানে ধরে রেখে ওয়েন্ডিং করতে একে ব্যবহার করা যার। ওরেন্ডার হ্যান্ড টুলস



৫.৩ বরেভারের হ্যান্ত টুলল-এর রক্ষণাবেকণঃ

যে কোন ষম্রপাতি কার্যক্রম ও ব্যবহার উপযোগী রাখতে হলে প্রয়োজন রক্ষণাবেক্ষণ। রক্ষণাবেক্ষণের অভাবে অনেক মৃদ্যবান ষম্রপাতি অভি অক্স সময়ে ব্যবহার অনুপ্রোগী হয়ে পড়ে। প্রতিটি টুলস, ইকুইপমেন্ট বা যম্রপাতি রক্ষণাবেক্ষণের আলাদা আলাদা নিরম কানুন রয়েছে। একই নিয়মে সব টুলস্ রক্ষণাবেক্ষণ করা হলে টুলস্, যম্রপাতি ইত্যাদি কাজের অনুপ্রোগী হয়ে পড়ে। বেমন ধাতুকে মস্প করার জন্য বিভিন্ন ধরনের ফাইল রয়েছে।

আবার কাঠের কাজ মসৃণ করার জন্যও বিভিন্ন ধরনের উড কাইল রয়েছে। তাই লৌহ জাতীয় ধাড়ুকে মসৃণ করার ফাইল দিয়ে যদি কাঠ মসৃণ করা হয়, তবে ফাইল ব্যবহারের অনুপবোদী হয়ে পড়ে। তল্প কাঠ মসৃণ করার ফাইল ধারাও লৌহ জাতীয় ধাড়ু মসৃণ করা যায় না। কখনও ফাইলে তৈলাক জাতীয় পদার্থ যেমন প্রিজ, মবিল ইত্যাদি দিতে নেই। এতে ফাইলের কার্যকারিতা নষ্ট হয়ে পড়ে। কাজের লেবে ফাইলের দাঁতের সাথে আটকানো ধাড়ু কণাসমূহ পরিষ্কার করে রাখা উত্তম। পরিষ্কার করার জন্য ওয়ার ব্রাণ ব্যবহার করতে হবে। কখনও এক কাইল বায়া অন্য কাইল পরিষ্কার করতে নেই। সর্বদা কাইলে হ্যান্ডেল লাগিয়ে রাখতে হবে। জাইবার, সেন্টার পাঞ্চ ইত্যাদি টুলস্সমূহের প্রতি বিশেষ নজর দিতে হবে। হাত থেকে পড়ে বা অন্য কোন কারণে বেমন জাইবিং পয়েন্ট নট না হয়ে বায়। হ্যান্ড প্রাইন্ডারের কার্যন মাঝে মাঝে খুলে পরিষ্কার করতে হবে, এতে প্রাইন্ডিং মেশিন দীর্ঘদিন ব্যবহার করা যাবে। টুলসসমূহ স্যান্ত স্যাতে হানে না রেখে তম্ব হানে সেটার করা হলে টুলস্ সমূহের কার্যকার বা বিদ্যে বাবে। ইলসসমূহ স্যান্ত স্যান্ত হানে না রেখে তম্ব হানে কেটার করা হলে টুলস্ সমূহের কার্যকারতা বেড়ে বায় ও দীর্ঘদিন ব্যবহার উপরোগী থাকে।



ধ্য়েন্ডারের হ্যান্ড টুলস

প্রশ্নমালা-৫

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। ওয়েন্ডিং-এর সময় ব্যবহার্য কয়েকটি হ্যান্ড টুলস্ এর নাম উল্লেখ কর।
- ২। ওয়েল্ডিং-এর সময় ব্যবহৃত কয়েকটি হ্যান্ড টুলস এর নাম ও এদের ব্যবহার বর্ণনা কর।
- ৩। ওয়েন্ডিং-এর সময় ব্যবহৃত হ্যান্ড টুলস্ সমূহের সঠিক রক্ষণাবেক্ষণ বর্ণনা কর।
- ৪। পোর্টেবল হ্যান্ড গ্রাইন্ডার চালনায় সাবধানতা কেন নিতে হয়? উল্লেখ কর।

সংক্ষিপ্ত প্রশ্ন

- ৫। চিজেলের প্রধান প্রধান অংশগুলো ছবিসহ উল্লেখ কর।
- ৬। চিজেল কত প্রকার ও কী কী? উল্লেখ কর।
- ৭। একটি ফাইল অংস্কন করে এর বিভিন্ন অংশ দেখাও।

রচনামূলক প্রশ্ন

- ৮। ফাইল কত প্রকার ও কী কী? উল্লেখ কর।
- ৯। ওয়েন্ডার-এর হ্যান্ড টুলস্সমূহের নাম উল্লেখ কর।
- ১০। হ্যাকস ফ্রেম কত প্রকার ও কী কী? উল্লেখ কর।

ষষ্ঠ অধ্যায়

ওয়েন্ডারের মেজারিং টুলস্

৬.১ একজন ওয়েন্ডার সাধারণত নিশুলিখিত মেজারিং টুলসন্তলো ব্যবহার করেঃ

- (ক) স্টিল ব্লুল (Steel Rule)
- (খ) স্টিল টেপ (Steel Tape)
- (গ) ট্রাইস্করার (Trisquare)
- (ঘ) ক্যালিপার্স (Callipers)
- (ঙ) ডিভাইডার (Divider)

৬.২ ওয়েন্ডারের মেজারিং টুলস্ চিহ্নিতকরণ ঃ


(ক) স্টিল রুল



(খ) ট্রাইস্কয়ার



(গ) ক্যালিপার্স



(ঘ) স্টিল টেপ



(ঙ) ডিভাইডার




(চ) ফিলেট গেজ



৬.৩ ওয়েন্ডার মেজারিং টুলস্ এর ব্যবহার ঃ


• स्टिन क्रम ३

এটি উনুতমানের সংকর ইস্পাত দিয়ে তৈরি। তবে অধিকাংশ ক্ষেত্রে এটি স্টেইনলেস স্টিলের তৈরি। ফলে অনেক দিন ব্যবহারেও এতে মরিচা পড়ে না। এটি ১৫০ মিলিমিটার দীর্ঘ এবং ১২ মিলিমিটার প্রস্থ (৬ ইঞ্চি এবং হাফ ইঞ্চি) অথবা ৩০০ মিলিমিটার দীর্ঘ এবং ১২ মিলিমিটার প্রস্থ (১২ ইঞ্চি দীর্ঘ এবং হাফ ইঞ্চি প্রস্থ) হয়। ওয়েন্ডিং জোড়া তৈরি করার পূর্বে জবের পার্শ্বদেশ প্রস্তুতির সময় মাপ নেওয়ার কাজে এটি ব্যবহৃত হয়। তাছাড়াও ওয়ার্কশপের সকল সাধারণ মাপের কাজে এটি বহুলভাবে ব্যবহৃত হয়।



স্টিল টেপ ঃ

ইস্পাত এর তৈরি এ ধরনের টেপ জড়িয়ে কুঞ্জী আকারে একটি কভারের মধ্যে থাকে; ফলে সহজেই ওয়েন্ডার তার পকেটে রাখতে পারেন। যতটুকু দৈর্ঘ্য প্রয়োজন ততটুকু দৈর্ঘ্য কভারের ভিতর হতে বের করা যায়। লখা খ্রিল বা দরজা জানালা তৈরির সময় লখা স্টিল প্লেট এর মাপ নিতে এ ধরনের টেপ খুব উপযুক্ত।



দুই মাথা বিশিষ্ট আবদ্ধ প্লেট এর মাঝে মাপ নিতে বিশেষ এক ধরনের টেপ ব্যবহৃত হয়।


• ট্রাইক্রার ঃ

বাংলায় একে মাটাম বলে, এর ২টি অংশ স্টক এবং ব্লেড। ব্লেড এবং স্টকের মাঝের কোণ ৯০ ডিপ্রি। ট্রাইস্কয়ারের দৈর্ঘ্য বুঝাতে এর ব্লেডের মাপকে বুঝায়। এ মাপ ২.৫ সেন্টিমিটার ক্রমে বর্ধিত হয়ে ৫ সেন্টিমিটার হতে ১৫ সেন্টিমিটার হয়। আবার কোন কোন ক্ষেত্রে ৫ সেন্টিমিটার ক্রমে বর্ধিত হয়ে ২০ সেন্টিমিটার হতে ৪০ সেন্টিমিটার হয়।



ব্যবহার ঃ

একটি তল আর একটি তলের সঙ্গে ৯০ ডিগ্রি কোণে আছে কীনা পরীক্ষা করতে এবং ওয়েন্ডিং জোড়ের পূর্ব স্থাপন কাজ পরীক্ষা করতে ব্যবহৃত হয়।



• ক্যালিপার্স ঃ

এটি একটি পরোক্ষ মাপন যন্ত্র যার দুইটি লেগ বা পা থাকে। পাগুলি ক্রমশ চিকন হয়। বাইরের কোন বস্তুও ব্যাস মাপার জন্য যে ক্যালিপার্স ব্যবহৃত হয় সেটা আউটসাইড ক্যালিপার্স। অপরপক্ষে কোন ছিদ্রের, গর্তের বা নালীর মাপ গ্রহণ করার জন্য যে ক্যালিপার্স ব্যবহৃত হয় তা ইনসাইড ক্যালিপার্স।



ডিভাইডার ঃ

এটি সরল গঠনের একটি পরোক্ষ মাপন যন্ত্র, দুই পায়ের সমন্বয়ে এটি গঠিত। পাগুলির শেষ প্রান্ত বেশ চোখা অর্থাৎ একেবারে পয়েন্ট করা থাকে। পরোক্ষ মাপন যন্ত্র হওয়ায় এটি দ্বারা সরাসরি কোন মাপ গ্রহন করা যায় না, তবে ডিভাইডার এর সাহায়্যে কোন মাপ নিয়ে তা স্টিল রুলে মিলিয়ে বস্তুটির মাপ

কত তা বলা যায়। তাছাড়া জবের উপর বৃত্ত আঁকা এবং ধাতু কাটিং এর সময় জবের লে-আউট করতে এটি বেশি ব্যবহৃত হয়।



• ফিলেট গেজঃ

ফিলেট মাপার জন্য এ গেজ ব্যবহার করা হয়। অনেক সময় এটাকে রেডিয়াস গেজও বলা হয়। এটা কতকগুলি চিকন পাতের সমন্বয়ে তৈরি। প্রত্যেক পাতে নির্দিষ্ট মাপের ফিলেট থাকে। যে পাতের সাথে জবের ফিলেট মিলে যায়, সে পাতের মাপ অনুসারে জবের ফিলেটের মাপ হয়। ফিলেট গেজের এক প্রান্তে থাকে উত্তল (Concave) ফিলেট। দ্রুত এবং সঠিক মাপের জন্য এটি অতি সুন্দর একটি ব্যবস্থা।



প্রশ্নমালা-৬

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। ওয়েন্ডারের মেজারিং টুলস্ বলতে কী বোঝায়?
- ২। স্টিল রুল কী কাজে ব্যবহৃত হয়?
- ৩। ওয়েন্ডারের প্রয়োজনীয় তিনটি মেজারিং টুলস্ এর নাম উল্লেখ কর।
- 8। একটি স্টিল রুলে সবচেয়ে কত কম মাপ পাওয়া সম্ভব?

সংক্ষিপ্ত প্রশ্ন

- ৫। ওয়েন্ডিং কালে ব্যবহৃত প্রয়োজনীয় কয়েকটি মেজারিং টুলস্ এর নাম উল্লেখ পূর্বক এদের ব্যবহার বর্ণনা কর।
- ৬। গ্রিল তৈরির সময় লম্বা কোন মাপ নিতে কোন মাপন যন্ত্র ব্যবহৃত হয়?
- ৭। ডিভাইডার এর কাজ কী?
- ৮। ট্রাইস্কয়ার কী কাজে ব্যবহৃত হয়?

রচনামূলক প্রশ্ন

- ৯। স্টিল রুল এবং স্টিল ট্যাপের মধ্যে পার্থক্য কী?
- ১০। একজন ওয়েন্ডার যে সকল মাপন যন্ত্র ব্যবহার করে সে গুলির নাম লেখ।

সপ্তম অধ্যায় ওয়েল্ডিং পরিভাষা

ওয়েন্ডিং-এর কাজ শিখতে একজন শিক্ষানবিশ বা নবীন ওয়েন্ডারকে কতিপয় শব্দ বার বার শুনতে হয়। উক্ত শব্দগুলির পরিভাষা জানা এবং বুঝতে পারা তার জন্য অতীব প্রয়োজন। এ দিক বিবেচনা করে নিচে কতিপয় বহুল প্রচলিত ওয়েন্ডিং পরিভাষা সম্পর্কে লেখা হলো।


৭.১ ওয়েন্ডিং পরিভাষাসমূহ ঃ

- ১। বেসমেটাল বা প্যারেন্ট মেটাল (Base Metal)
- ২। ফিলার মেটাল (Filler Metal)
- ৩। রান (Run)
- 8। রুট (Root)
- ৫। ফিলেট ওয়েল্ড (Fillet Weld)
- ৬। লেগ লেংথ (Leg Length)
- ৭। থ্রোট থিকনেস (Throat Thickness)
- ৮। রেইন ফোর্সমেন্ট (Reinforcement)
- ৯। ট্যাক ওয়েল্ড (Tacg Weld)
- ১০। আর্ক (Arc)
- ১১। লং আর্ক (Long Arc)
- ১২। শূর্ট আর্ক (Short Arc)
- ১৩। হিট অ্যাফেকটেড জোন (Heat Affected Zone)
- ১৪। ফিউশন ওয়েল্ডিং (Fusion Welding)
- ১৫। নন ফিউশন ওয়েন্ডিং (Non-fusion Welding)
- ১৬। কার্বন আর্ক ওয়েন্ডিং (Carbon Arc Welding)
- ১৭। মেটাল আর্ক ওয়েল্ডিং (Metal Arc Welding)
- ১৮। ফ্ল্যাক্স (Flux)
- ১৯। ফোর্জ ওয়েন্ডিং (Forge Welding)
- ২০। প্রিহিটিং
- ২১। পোস্ট হিটিং
- ২২। ইনার কোন
- ২৩। আউটার এনভেলপ
- ২৪। ফেদার
- ২৫। ব্যাক ফায়ার
- ২৬। সাসটেন ব্যাক ফায়ার
- ২৭। ফ্লাশ ব্যাক


৭.২ গুরেন্ডিং গরিজাবা সমূদ্দের বর্ণনা ঃ বেস মেটাল বা প্যারেন্ট মেটাল ঃ বে ধাতুকে গুরেন্ডিং করা হচ্ছে বা কটাি হচেছ।




বিলার নেটাল ঃ পরিপুরক ধাড় হিসেবে ওরেন্ডিং এর সময় জোড়া ছানে এটি প্ররোগ করা হয়।




বান ঃ ইলেকট্রোড বা ব্লোপাইপকে একবার মৃশ ধাড়ুর উপর দিয়ে টেনে নেওয়ার পর, বেসমেটাল উপর যে ধাড় জমা হয় তাকে রাদ বলে। একে অনেক সময় বিভও বলা হয়।






ऋषे ३ अप्ताचित् करात सम्य श्वास्थ्यकृष्ठ बाङ् बच्चाद्वत्र पूर्वापूचि विनय क्लाटक क्रमे वरन ।




কিলেট থাক্তে : ত্ৰিকোণাকৃতি প্ৰস্থাক্তেন বিশিষ্ট থাক্তেখ্যক কিলেট বলে।



আৰ্ক ঃ ইলেকটোড এবং জনের কারেট বাহিত থাতৰ বাস্পের একটি শ্রোত।


ওরেন্ডিং পরিভাষা



লং আর্ক ঃ আর্ক এর দৈর্ঘ্য বেশি হলে তাকে লং আর্ক বলে।

শর্ট আর্ক ঃ


যে আর্কের দৈর্ঘ্য কম তাকে শর্ট আর্ক বলে, এটি সাধারণত ইলেকট্রোডের কোরের ব্যাসের সমান হয়।



৮২ খরেন্ডিং জ্যান্ড কেব্রিকেশন-১


विंग्रे क्यांस्क्लिक ट्यांन :

ওয়েন্ডিং বা কাটিং কাজের সময় তাপের প্রভাবে জবের সংশটুকুর ধাতুর ভিতরের গঠনের পরিবর্তন হর তাকে হিট আক্রেকটেড জোন বলে।



কিউপান জোন ঃ

মূল ধাড়ুর যে অংশটুকু উত্তালের প্রভাবে গলে ওয়েন্ড মেটালের সাথে মিশে যায় সে অংশটুকুকে ফিউশান জোন। বলে।



ওয়েন্ডিং পরিভাষা


ফিউশান ওয়েন্ডিং ঃ

তাপের সাহায্যে ধাতু খণ্ডকে গলিত বা অর্থগলিত অবস্থায় এনে বিনা চাপে স্থায়ীভাবে ধাতব খণ্ডের জ্বোড়া লাগানোর কৌশলকে ফিউশন ওয়েন্ডিং বলে।




नन किंछेगान उरहान्छिर ह

তাপের সাহায্যে ধাতু খণ্ডকে গলিত বা অর্থগলিত অবস্থায় এনে চাপের মাধ্যমে স্থায়ীভাবে জ্বোড়া লাগানোর কৌশলকে নন ফিউশন ওয়েন্ডিং বা প্রেসার ওয়েন্ডিং বলে।




৮৪ খরেন্ডিং আভ ফেব্রিকেশন-১

কার্বন ওরেন্ডিং : আর্ক গুরেন্ডিং এর সময় কার্বন দও ইলেকট্রোড হিলেবে ব্যবস্তুত হলে তাকে কার্বন আর্ক গুরেন্ডিং বলে।




মেটাল আৰ্ক গুৱেন্ডিং : আৰ্ক গুৱেন্ডিং এর সময় কাৰ্বন দণ্ড ইলেকট্ৰোভ হিসেবে ব্যবহুত হলে ভাকে কাৰ্বন আৰ্ক গুৱেন্ডিং বলে।

ভয়েতিং পরিকাষা



ज्ञांच :

এটি এক প্রকার বৌগ পদার্থ যা ভয়েন্ডিং, সোন্ডারিং বা ব্রেজিং এর সময় প্রয়োগ করা হয়। প্রটি জ্যোড়া হানে বায়ুর অক্সিজেনের সাথে ক্রিয়া করে অক্সাইড তৈরিকে বাধা দেয়, জ্যোড়াকে শক্ত করে, মুড গলন কাজ সমাধা করে। ৮৬ ওয়েন্ডিং অ্যান্ড ফেব্রিকেশন-১



কোর্জ ওয়েন্ডিং ঃ


এটি নন ফিউশন শ্রেণির একটি ওয়েন্ডিং। ধাতুকে উত্তপ্ত করে চাপের সাহায্যে অথবা হাতুড়ির আঘাতে এ পদ্ধতিতে স্থায়ীভাবে জ্যোড়া দেওরা হর। কামার শালার এ প্রকারের ওয়েন্ডিং করা হয়।



विविधिः ३

ওয়েন্ডিং করার পূর্বে ধাতৃখন্তে তাপ প্রয়োগ করাকে প্রিহিটিং বলে।

ওয়েন্ডিং পরিভাষা



পোস্ট থিটিং ঃ ধ্যয়ন্ডিং করার পর জবে তাপ প্রয়োগ করাকে প্রিহিটিং বলে।



ইনার কোন ঃ অগ্নিশিখার মাঝে যে নীলাভ ছোট উচ্ছ্বল কোনটি নজলের মুখে তৈরি হয় তাকে ইনার কোন বলে।

৮৮ ওয়েন্ডিং আ্যান্ড ফেব্রিকেশন-১

আউটার এনভেলাপ ঃ

ইনার কোন এর চারদিকে শিখার যে অংশ থাকে তাকে আউটার এনভেলাপ বলে।

ফেদার ঃ

ফ্রেমের কোণের বাইরের পালকাবৃত্ত অংশ যেখানে কার্বনের পরিমাণ বেশি থাকে তাকে ফেদার বলে।

ব্যাক ফায়ার ঃ ওয়েন্ডিং করার সময় হঠাৎ শিখা নিভে গিয়ে টিপের মাথায় তীব্রভাবে যে চিঁ চিঁ শব্দ করে তাকে ব্যাক ফায়ার বলে।

ফ্লাশ ব্যাক ঃ

শিখা নিভে টর্চের পিছন দিকে গমন করে এবং অক্সিজেন সহযোগে জ্বলতে থাকে, টিপ দিয়ে কালো ধুয়া বের হয় এবং তীব্র শব্দ হয়, তাকে ফ্লাশ ব্যাক বলে।

৭.৩ ওয়েন্ডিং পরিভাষায় প্রয়োগ ঃ

মনের ভাব প্রকাশ করার জন্য ভাষার ব্যবহার হয়। এক এক অঞ্চলের ভাষার সাথে অন্য অঞ্চলের ভাষার যথেষ্ট তফাৎ রয়েছে। মনের ভাব প্রকাশ করতে হলে সে অঞ্চলের ভাষার দক্ষতা থাকতে হয় তদুপ্র প্রকৌশলীদেরও একটা ভাষা রয়েছে। সারা বিশ্বের সকল প্রকৌশলীদের প্রকৌশল কাজে একই ভাষা রয়েছে। আর সে ভাষা হলো দ্রয়িং। তাই বলা হয় Drawing is the Language of Engineers. দ্রয়িং এর মাধ্যমে বিশ্বের এক প্রান্ত হতে অন্য প্রান্তে প্রকৌশলীগণ তাদের তথ্যের আদান প্রদান ঘটান। একজন ওয়েন্ডারকেও তাই এই পরিভাষা জানতে হবে এবং বুঝতে হবে। ওয়েন্ডার তার সারা জীবন এই পরিভাষা ব্যবহার করে কাজ করতে হবে। উনুত বিশ্বের দক্ষ ওয়েন্ডার বলতে তাকেই বুঝায় যার ওয়েন্ডিং এবং ওয়েন্ডিং পরিভাষার উপর সমান দক্ষতা রয়েছে। দ্রয়িং দেখে তাকে কাজ করতে হবে, আর যদি সে পরিভাষা তার জানা না থাকে তবে উৎপাদন প্রক্রিয়া ব্যাহত হবে। অনুৎপাদনশীল দেশের ওয়েন্ডারগণ এই পরিভাষার মূল্য বোঝেনা, আর না বুঝার কারণে এই পরিভাষা জানার আগ্রহও তাদের মধ্যে কম। কিন্তু উনুত বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে হলে আমাদের দেশের ওয়েন্ডারদেরকে এ পরিভাষাসমূহ ভালোভাবে রপ্ত করতে হবে।

আমাদের দেশে 4G, 5G, 6G Ges 2F, 3F, 4F ওয়েন্ডার রয়েছে। এরা অনেক সুন্দর জোড় দিতে সক্ষম। দুঃখের বিষয় এদের ওয়েন্ডিং পরিভাষা সম্পর্কে তেমন কোন জ্ঞান বা দক্ষতা নেই। ফিটার এসে ওয়েন্ডিং জোড়ের ব্যবস্থা করার পরই তারা ধাতু জোড় দেয়। ওয়েন্ডিং পরিভাষা জানা না থাকার কারণে এদের দক্ষতা প্রকাশ করতে পারে না। ফিটারদেরও একই অবস্থা তাদেরতো অবশ্যই ওয়েন্ডিং পরিভাষা জানা প্রয়োজন, কিন্তু তারা প্রকৌশলী এসে দিক নির্দেশনার পরই ফিটিং এর কাজ আরম্ভ করেন। অথচ উন্নত বিশ্বে একজন ফিটার হতে হলে তাকে অবশ্যই ওয়েন্ডিং পরিভাষায় পারদর্শী হতে হয়।

ওয়েন্ডিং পরিভাষা

প্রশ্নমালা-৭

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। ট্যাক ওয়েল্ড কী?
- ২। আর্ক কী?
- ৩। রান কী?
- ৪ ৷ ব্যাক ফায়ার কী?
- ে। ফিলার মেটাল কী?

সংক্ষিপ্ত প্রশ্ন

- ৬। ট্যাক ওয়েল্ড কেন করা হয়?
- ৭। ফোর্জ ওয়েন্ডিং কোন শ্রেণির ওয়েন্ডিং?
- ৮। মেটাল আর্ক ওয়েন্ডিং এবং কার্বন আর্ক ওয়েন্ডিং এর মধ্যে মূল পার্থক্য কী?
- ৯। ফোর্জ ওয়েন্ডিং কোথায় করা হয়?
- ১০। একটি অগ্নিশিখার কোন অংশটিকে ইনার কোণ বলা হয়?
- ১১। ওয়েল্ড এর কোন মাপকে প্রোট থিকনেস বলে?

রচনামূলক প্রশ্ন

- ১২। ২০ (কুড়ি) টি ওয়েন্ডিং পরিভাষা লেখ।
- ১৩। ওয়েন্ডিং পরিভাষায় প্রয়োগ দেখাও।
- ১৪। ৫ টি ওয়েল্ডিং পরিভাষা সমূহের বর্ণনা দাও।

অষ্ট্রম অধ্যায়

আর্ক ওয়েন্ডিং মেশিনের বৈশিষ্ট্য

- ৮.১ ওয়েন্ডিং এর কাজে এসি অথবা ডিসি এই উভয় প্রকারের কারেন্ট ব্যবহৃত হয়। সুভরাং ওয়েন্ডিং মেশিনগুলিকে দুই ভাগে ভাগ করা যায় ঃ
 - ১। এসি ওয়েন্ডিং মেশিন
 - ২। ডিসি ওয়েন্ডিং মেশিন


এসি ওয়েন্ডিং মেশিনগুলো হলো ঃ ১. ট্রান্স ফরমার (Transformer)

ডিসি ওরেন্ডিং মেশিনগুলো হলো ঃ ১. ডিসি জেনারেটর (DC Generator)

২. রেষ্টিকায়ার (Rectifier)

৮.২ আর্ক গুয়েন্ডিং মেশিনের কার্যনীতি ঃ


এসি ওরেন্ডিং মেশিন ঃ এসি ওরেন্ডিং মেশিনটি আসলে একটি ট্রালফরমার। ট্রালফরমার এমন একটি যন্ত্র
 আ ভোল্টেজকে কম অথবা বেশি করতে পারে। যে শ্রেণির ট্রালফরমার ভোল্টেজ বেশি করে তাকে স্টেপ আপ
ট্রালফরমার বলে, আবার যে শ্রেণির ট্রালফরমার ভোল্টেজ কমায় তাকে স্টেপ ডাউন ট্রালফরমার বলে।



ওয়েন্ডিং করার কাজে কম ভোল্টেজ এবং বেশি কারেন্ট দরকার, তাই ওয়েন্ডিং কাজে যে ট্রাপফরমারগুলো ব্যবহার হয় এর সবগুলো স্টেপ ডাউন ট্রাপফরমার। ট্রাপফরমারে দৃই প্রকারের কোর থাকে, যথা প্রাইমারি কোর এবং সেকেন্ডারি কোর। প্রাইমারি কোরে বিদ্যুৎ সরবরাহ দেওয়া হয়, আর সেকেন্ডারি কোর হতে ওয়েন্ডিং এর জন্য বিদ্যুৎ নেওয়া হয়। ট্রাপফরমার কোর উঠা নামা করে ভোল্টেজ কম বেশি করা যায়। ট্রাপফরমারের কোরকে বায়ু অথবা তেলে ঠাগা করা হয়। ওয়েন্ডিং ট্রাপফরমার ওপেন সার্কিট ভোল্টেজ ৭০ হতে ১০০ ভোল্ট এবং কারেন্ট ১৫০ হতে ৯০০ এম্পিয়ার সরবরাহ করতে পারে।

ডিসি জেনারেটর ঃ

এ ধরনের ওয়েন্ডিং সেট একজন ওয়েন্ডার এর কাচ্ছের জন্য বেশি উপযোগী। একটি বৈদ্যুতিক মটর একই শ্যাফটে জেনারেটর এর আর্মেচারের সাথে যুক্ত থাকে।



বৈদ্যুতিক মটরটিকে বিদ্যুৎ শক্তিতে ঘুরান হয় এবং একই শ্যাফটে থাকার কারণে জেনারেটর এর আর্মেচারও ঘোরে, ফলে তড়িৎ চালক বল উৎপন্ন হয়। কমুটেটর হলো অর্ধ বৃদ্তাকার ধাতব চাকতি। এই শ্রেণির মেশিনে গুপেন সার্কিট ভোল্টেজ ৪০ হতে ৬০ ভোল্ট এবং কারেন্ট ১৫০ হতে ৯০০ অ্যাম্পিয়ার পর্যন্ত পাওয়া যায়। মেশিনের গায়ে একটি হ্যান্ডেল বা চাকা থাকে যা ঘুরিয়ে কারেন্ট কম বেশি করা যায়। যে স্থানে বৈদ্যুতিক শক্তির সরবরাহ নেই তথায় ইঞ্জিন চালিত জেনারেটর সেট ব্যবহার করা হয়।

রেটিফায়ার ঃ

রেক্টিকায়ারের কাজ হলো ট্রান্সফরমার হতে এসিকে কাজের জন্য সরবরাহ করার পূর্বে ডিসিতে পরিবর্তিত করা। রেক্টিফায়ার আলাদা ইউনিট হিসেবে ট্রান্সফরমারের সাথে যুক্ত থাকে, কখনও কখনও তা একই মেশিন কেসের মধ্যে থাকে।

DC ধ্বয়েন্ডিং মেশিন

(মটর ড্রাইভ সিঙ্গেল অপারেটর DC জেনারেটর)



AC/DC ওয়েন্ডিং মেশিন

(রেকটিফায়ার যুক্ত ওয়েন্ডিং মেশিন)




৮.৩ আর্ক ওয়েন্ডিং মেশিনের ব্যবহার ঃ

• ট্রালফরমার ঃ

যেখানে বিদ্যুৎ সরবরাহ আছে সেখানে এটি ব্যবহার করা যায়। শুধু ফ্লাক্স কোটেড ইলেকট্রোড এই মেশিনে ব্যবহার করতে হয়। এ মেশিনে পোলারিটি রক্ষা করে কোন কাজ করা যায় না। তবে ক্রমমূল্য এবং রক্ষণাবেক্ষণ খরচ কম হওয়ায় ছোট ছোট ওয়ার্কশপগুলো এই মেশিন ব্যবহার করতে পারে।

ডিসি চ্ছেনারেটর

বৈদ্যুতিক মটর অথবা ইঞ্জিনের সাহায্যে একে চালান যায় সুতরাং যেখানে বিদ্যুৎ নাই সেখানেও এই ব্যবস্থা উপযুক্ত সব ধরনের ইলেকট্রোড দিয়ে গুয়েন্ডিং করতে হলে এই মেশিন ব্যবহার করা যাবে। এই শ্রেণির মেশিনকে ধুব সহজে একস্থান হতে অন্যন্থানে নিয়ে যাওয়া যায়, তাই ধুব বড় জব যা মেশিনের কাছে নিয়ে যাওয়া কষ্টকর সে ধরনের কাজের জন্য মেশিনকে কাজের নিকট নিয়ে এসে ওয়েন্ডিং করতে এ মেশিন ব্যবহৃত হয়। পোলারিটি ঠিক রেখে কাজ করার প্রয়োজন হলে এ মেশিন সেখানে ব্যবহৃত হয়, কারণ এতে পোলারিটি ঠিক রাখা যায়।



রেষ্টিকায়ার ঃ

পোলারিটি রক্ষা করে সুবিধাজনকভাবে ওয়েন্ডিং করতে হলে এ মেশিন ব্যবহার করতে হয়। সকল ধরনের ইলেকট্রোড ব্যবহার করে ষেখানে কাজ করতে হয় সেখানে এ মেশিন ব্যবহার করা যায়। তবে এ মেশিনের ক্রয়মূল্য বেশি হওয়ায় ছোট ছোট ওয়ার্কশপে এর ব্যবহার কম হয়।



প্রশ্নমালা-৮

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। এসি ওয়েল্ডিং মেশিনগুলো কোন শ্রেণির ট্রান্সফরমার?
- ২। ওয়েন্ডিং ট্রান্সফরমার ওপেন সার্কিট ভোল্টেজ সাধারণত কত হয়?
- ৩। একটি ডিসি ওয়েন্ডিং মেশিনের ওপেন সার্কিট ভোল্টেজ কত হয়?

সংক্ষিপ্ত প্রশ্ন

- ৪। কোথায় কোন শ্রেণির ওয়েন্ডিং মেশিন ব্যবহৃত হয় লেখ।
- ৫। একটি ডিসি ওয়েন্ডিং মেশিনের বিভিন্ন অংশের নাম লেখ।
- ৬। রেক্টিফায়ারের কাজ কী?
- ৭। যেখানে বিদ্যুৎ নেই সেখানে কোন ধরনের ওয়েন্ডিং মেশিন ব্যবহার করতে হবে?

রচনামূলক প্রশ্ন


- ৮। ওয়েল্ডিং ট্রান্সফরমারে কোন ধরনের ইলেকট্রোড ব্যবহার করতে হয় তা বর্ণনা কর।
- ৯। ওয়েন্ডিং মেশিনের কোন বৈদ্যুতিক সংযোগে মরিচা পড়লে তা কীভাবে পরিষ্কার করবে তা বর্ণনা কর।

নবম অধ্যায়

ওয়েন্ডিং প্রতীকসমূহের ধারণা

- ৯. ধরেন্ডিং প্রতীকসমূত্রে ধারণা সম্পর্কে জ্ঞাত হওরা ঃ শিল্প কারখানার একজন ডিজাইনার বা ইঞ্জিনিয়ার ধরেন্ড জ্যোড়া ডিজাইন করে, জ্যোড়া সংক্রান্ত কতকগুলো তত্ত্ব বেমন জবটিতে কোন শ্রেণির ধরেন্ড জ্যোড়া হবে, জবের কোন স্থানে জ্যোড়াটি হবে ইত্যাদি বিষয়গুলো কতকগুলো সিম্বল বা প্রতীকের মাধ্যমে জ্রয়িং এ দেখায়। একজন ধরেন্ডারের কাজটি সঠিকভাবে করার জন্য প্রতীকগুলো জ্ঞানা অতি প্রয়োজন।
- ৯.১ নিমে বছল প্রচলিত ওয়েন্ডিং নিমলগলো দেখান হলো ঃ

			I	BASIC WEL	D SYMBO	OLS			
BEAD	FILLET	PLUG OR SLOT	GROOVE OR BUTT						
			SQUARE	v	BEVEL	U	J	FLARE V	FLARE
			11	\vee	1	\vee	Y	7	1
		Finish Sy Satour Sy		`			Grooy	e Angle; inc	cluded sink



ছকে বিভিন্ন ধরনের ওয়েন্ড এর প্রতীক জবের প্রস্থচ্ছেদ এবং ওয়েন্ড এর নাম পাশা পাশি দেখান হলোঃ

No.	Designation	Illustration	Symbol
1.	Butt weld between plates with raised edges (the raised edges being melted down completely)		八
2.	Square butt weld		Ī
3.	Single-V butt weld		\vee
4.	Single-bevel butt weld		V
5.	Single-V butt weld with broad root face		Υ
6.	Single-bevel butt weld with broad root face		Y
7.	Single-U butt weld (parallel or sloping sides)		Y
8.	Single-U butt weld		Y
9.	Backing run; back or backing weld		D
10.	Fillet weld		
11.	Plug weld; plug or slot weld		
12.	Spot weld		0
13.	Seam weld		+

- এ রেখাগুলিকে ইঞ্জিনিয়ারিং ডুয়িংএ লিডার লাইন বলে। এ রেখা দিয়ে ওয়েল্ড স্থান নির্দেশ করা হয়।
- (ক) যদি ওয়েল্ড এর প্রতীক লিডার লাইনের উপরে বসানো হয় তবে ওয়েল্ড হবে নিচে যেমনঃ
- (খ) যদি ওয়েল্ড লিডার লাইনের নিচে হয়. তবে ওয়েল্ড হবে উপরে যেমনঃ
- (গ) যদি প্রতীক লিডার লাইনের মাঝে হয়, তবে ওয়েল্ড হবে উভয় দিকে যেমন ঃ
 - একই ওয়েল্ড জোড়াকে মেশিনিং করে অর্থাৎ মেশিন দিয়ে কেটে, গ্রাইন্ডিং করে অথবা চিপিং করে ফিনিশিং দেওয়া হয়. এ তিন ধরনের কাজের তিনটি প্রতীক আছে। যেমনঃ

মেশিনিং হলে - M

চিপিং হলে -C

গ্রাইন্ডিং হলে -G

৯.২ ওয়েন্ডিং প্রতীকের সঠিক প্রয়োগ ক্ষেত্র ঃ

-ধাত্র দ্রব্যাদির সংযোজনে ওয়েন্ডারকে সাধারণত নকশা দেখে কাজ করতে হয়। এতে সঠিকভাবে কাঠামো র্নিমাণের জন্য বিস্তারিত দেখান থাকে। ওয়েন্ডার নকশা হতে কেবলমাত্র ওয়েন্ড এর স্থানই নয় বরং জোড়ের ধরন, জোড়ের আকৃতি, কোন স্থানে জোড়া হবে, জোড়ের মাপ কত হবে, জোড়ের ফিনিশং কীভাবে দিতে হবে এবং ডিজাইন অনুসারে জমাকৃত ওয়েন্ড এর পরিমাণও বের করতে হয়। এতে আরও অনেক তথ্য সংযুক্ত থাকে যথা ওয়েন্ড তলের আকৃতি, ওয়েন্ড এর দৈর্ঘ্য কীভাবে বিডসমূহ সমাপ্ত করতে হবে তা দেওয়া থাকে। এ সমস্ত বিষয় জ্যামিতিক চিত্র সংখ্যার মান এবং সংক্ষিপ্ত শব্দাবলি দ্বারা নির্দেশিত থাকে। এ বিষয়গুলি ভালোভাবে বুঝে সঠিকভাবে কাজ করতে ওয়েন্ডারের ওয়েন্ডিং সিম্বল সংক্রাপ্ত জ্ঞান থাকতে হবে এবং সে জ্ঞান প্রয়োগ করে কাজটি করতে হবে।

প্রশ্নমালা-৯

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। ধাতুর দ্রব্যাদির সংযোজনে ওয়েন্ডারকে সাধারণত কী দেখে কাজ করতে হয়?
- ২। ওয়েন্ডিং সিম্বল বলতে কী বোঝায়?
- ৩। মেশিনিং কাজের প্রতীক কী?

সংক্ষিপ্ত প্রশ্ন

- 8। দশটি ওয়েন্ডিং প্রতীক অঙ্কন করে ঐগুলোর পার্শ্বে ওয়েন্ডিং নাম লেখ।
- ৫। ওয়েন্ডিং স্থান দেখিয়ে কীভাবে ওয়েন্ডিং সিম্বল লিখা হয়? ৫টি উদাহরণ দাও।
- ৬। M.C.G দিয়ে কী বোঝান হয়?

রচনামূলক প্রশ্ন

- ৭। জোড়ার প্রস্থচ্ছেদ অঙ্কন করে সেগুলোর পার্শ্বে ওয়েন্ডিং সিম্বল অঙ্কন কর।
- ৮। ডাবল 'ইউ' বাট ওয়েল্ড সিম্বল 'জে' বাট ওয়েল্ড সিঙ্গেল বিভেল এবং ক্ষয়ার বাট ওয়েল্ডিং এর সিম্বল অঙ্কন কর।
- ৯। পাগ, ডাবল ইউ, ডাবল 'ভি' এবং সিঙ্গেল ইউ জ্জোড়ার প্রস্থচ্ছেদ অঙ্কন করে প্রস্থচ্ছেদের পার্শ্বে প্রতীক অঙ্কন কর।
- ১০। ওয়েন্ডিং জোড়ের সঠিক প্রয়োগে কী কী পদক্ষেপ নিতে হয় উলেখ কর।
- ১১। ১০টি ওয়েন্ডিং জোড়ের নাম ও প্রতীক অঙ্কন করে দেখাও।
- ১২। প্রতীক লিডার লাইনে নিচে হয়, তবে ওয়েল্ড কোথায় হবে অঙ্কন করে দেখাও।
- ১৩। প্রতীক লিডার লাইনে উপর হয়, তবে ওয়েল্ড কোথায় হবে অঙ্কন করে দেখাও।

দশম অধ্যায়

ইলেকট্রোড নির্বাচন

যে বস্তুটি ছাড়া আর্ক ওয়েল্ডিং কোনো ক্রমেই সম্ভব নয় তা হলো ইলেকট্রোড। ইলেকট্রোড একটি তার বা চিকন রড যার এক প্রান্ত হোল্ডারের সাথে যুক্ত থেকে কার্য বস্তু পর্যন্ত ওয়েল্ডিং এর জন্য প্রয়োজনীয় কারেন্ট সরবরাহ করে, আর্ক সৃষ্টি করে এবং কোন কোন সময় নিজে গলে জোড়া স্থানের জন্য পরিপূরক ধাতু সরবরাহ করে। একটি ইলেকট্রোড এর সাইজ কী হবে তা সুনির্দিষ্ট করে বলা খানিকটা কঠিন কারণ বিভিন্ন ব্যবসায়ী প্রতিষ্ঠান তথা বিভিন্ন ইলেকট্রোড প্রস্তুতকারী প্রতিষ্ঠান তাদের নিজস্ব মাপ অনুসারে ইলেকট্রোড তৈরি করে। আই, আই, ডবিউ (ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব ওয়েল্ডিং) এর নির্ধারিত মাপ অনুসারে একটি ইলেকট্রোডের দৈর্ঘ্য ২৫০ মিলিমিটার হতে ৪৫০ মিলিমিটার এবং ব্যাস ১.৭৫ মিলিমিটার হতে ৭.০০ মিলিমিটার পর্যন্ত হতে পারে।

১০.১ ইলেকট্রোডের শ্রেণি বিভাগ ঃ

ওয়েন্ডিং কার্যে ব্যবহৃত ইলেকট্রোডসমূহকে নিমুলিখিত শ্রেণিতে ভাগ করা যায়।

- ১। ক্ষয়িষ্ণু ইলেকট্রোড (Consumable Electrode)
 - (ক) খোলা বা ফ্ল্যাক্সের আবরণ বিহীন
 - (খ) ফ্ল্যাক্সের অল্প আবরণ যুক্ত
 - (গ) ফ্ল্যাক্সের মধ্যম আবরণ যুক্ত
 - (ঘ) ফ্ল্যাক্সের ভারী আবরণ যুক্ত
- ২। অক্ষয়িষ্ণু ইলেকট্রোড (Non Consumable Electrode)
 - (ক) কার্বন বা গ্রাফাইট ইলেকট্রোড
 - (খ) টাংস্টেন ইলেকট্রোড
 - (গ) থোরিয়াম মিশ্রিত টাংস্টেন ইলেকট্রোড
 - (ঘ) জির কোনিয়াম মিশ্রিত, টাংস্টেন ইলেকট্রোড

উলেখ্য যে, ক্ষয়িষ্ণু বা কনজুমঅ্যাবল ইলেকট্রোড নিজে গলে জোড়াস্থান তৈরি করে, এটা ক্ষয় হয় বা খরচ হয় বলে এর এমন নাম হয়েছে। অপরপক্ষে নন কনজুমঅ্যাবল ইলেকট্রোড নিজে ক্ষয় হয় না শুধু আর্ক সৃষ্টি করে, সে আর্ক এর উত্তাপে অতিরিক্ত ফিলারমেটাল গলিয়ে জোড়াস্থান তৈরি করা হয়।

১০.২ ইলেকট্রোড কোটিং এর কার্যাদি ঃ

১। ওয়েন্ডিং এর সময় ফ্ল্যাক্স বহুবিধ কাজ করেঃ যেমন ফ্ল্যাক্স ওয়েন্ডিং জোড়ার চারিদিকে এমন গ্যাসীয় আবরণ সৃষ্টি করে যাতে জোড়া স্থানে বায়ুর অক্সিজেন ক্ষতিকারক অক্সাইড তৈরি করতে পারে না।

- ২। জব এবং ফিলার মেটালকে দ্রুত গলাতে সাহায্য করে।
- ৩। ধাতুমল তৈরিতে সহায়তা করে।
- ৪। ভালো পেনিট্রেশন অর্থাৎ জবের দুই প্রাপ্ত গলে একটির মধ্যে আর একটি প্রবেশ করাতে সহায়তা করে, যাতে জোডার শক্তি বেশি হয়।
- ৫। ফ্ল্যাক্স ওয়েল্ড করা স্থানে স্যাগের আবরণ সৃষ্টি করে যা জ্ঞোড়া স্থানকে ধীরে ধীরে ঠান্ডা হতে সহায়তা করে, ফলে; জ্ঞোড়ান্থান নমনীয় হয় এবং এর শক্তি বেশি হয়।
- ৬। ফ্ল্যাক্স ব্যবহারের ফলে গলিত ধাতু জবের চারিদিকে ছড়িয়ে পড়ে না। তাই জোড়াস্থান সুন্দর হয়।
- ৭। ফ্লাক্স মূল ধাতৃ এবং ফিলার মেটাল অর্থাৎ ওয়েন্ডিং এর জ্ঞাড়া স্থানে যে মেটাল দেওয়া হয় তাকে ভালোভাবে গলিয়ে সঠিক স্থানে পৌছে দিতে সহায়তা করে।

১০.৩ বিভিন্ন ধরনের ইলেকট্রোড শনাক্ত করা ঃ

ইলেকট্রোড প্রস্তুতকারী প্রতিষ্ঠানগুলো তাদের ইলেকট্রোড প্যাকেট কতগুলো কোড মার্ক ব্যবহার করে সেগুলো হতে ইলেকট্রোডের গুণাগুণসহ তার ব্যবহার কৌশল, প্রয়োগ ক্ষেত্র অর্থাৎ কোন অবস্থানে ব্যবহার করা যাবে ইত্যাদি তথ্য জানা যায়। আমেরিকান ওয়েন্ডিং সোসাইটি (AWS) পদ্ধতি অনুসারে ইলেকট্রোড শনাক্তকরণ প্রক্রিয়া বুঝান হলো।

ASME Classification Of Electrodes

E 7018

E = Electrode

70 = UTS in 1000 psi (60/70/80/90/100/110)

1 = Position (1= all, 2= 1G, 1F & 2F, 3= 1G & 1F)

8 = Type of coating (0,1,2,3,5,6,8)

১ম এবং ২য় অংক ঃ প্রথম এবং দিতীয় অংক ইলেকট্রোড দিয়ে গুয়েল্ড করা ধাতুর টানা শক্তি হাজারে প্রকাশ করে যেমন ১ম এবং ২য় অংক যদি ৬০ হয় ভবে এর অর্থ হয় ঐ ইলেকট্রোড দিয়ে গুয়েল্ডিং করলে গুয়েল্ড মেটালের শক্তি হবে ৬০,০০০ পাউন্ড/বর্গইঞ্চি। (যদি ৪র্থ অংকের পর আর একটি অংক কোড মার্কে থাকে তাহলে ০২টি অংকের স্থলে ভিনটি অংক হবে এবং গুয়েল্ড মেটালের শক্তি পূর্বের মতই হাজারে প্রকাশ করতে হবে।)

শেষ অংকের পূর্বের অংকটি ঃ এ অংকটি ওয়েল্ডিং এর পজিশন নির্দেশ করে, এটি ১, ২, এবং ৩ দ্বারা প্রকাশ করা হয়। ১ থাকলে বুঝা যাবে ইলেকট্রোডটি দিয়ে সকল পজিশনে ওয়েল্ডিং করা যাবে। ২ থাকলে বুঝা যাবে এ ইলেকট্রোড দিয়ে ফ্র্যাট এবং হরিজেন্টাল অবস্থানে ওয়েল্ডিং করা যাবে। ৩ থাকলে বুঝা যাবে এ ইলেকট্রোড দিয়ে শুধু ফ্র্যাট পজিশনে ওয়েল্ডিং করা যাবে।

শেষ অংকটি ঃ শেষ অংকটি ০, ১, ২, ৩, ৪ ইত্যাদি হতে পারে। এ অংকগুলোর প্রত্যেকটির জন্য ভিন্ন ভিন্ন অর্থ প্রকাশ করবে, এ শেষ অংকটি হতে জানা যায় ইলেকট্রোড এর উপরের আবরণের প্রকৃতি কেমন, কোন ধরনের কারেন্ট ব্যবহার করতে হবে, পেনিট্রেশন কেমন হবে ইত্যাদি তথ্য জানা যাবে।

টেবিল

সর্বশেষ অংক	আবরণ	ওয়েন্ড কারেন্ট এবং পোলারিটি	ওয়েন্ডের বৈশিষ্ট্য
0	সেলুলোজ সোডিয়াম	ডিসি, রিভার্স পোলারিটি	ডিপ পেনিট্রেশন, কনভেক্স বিড, ফাস্ট ফিল
٥	সেলুলোজ পটাশিয়াম	এসি/ডিসি রিভার্স পোলারিটি	ডিপ পেনিট্রেশন, কনভেক্স বিড, ফাস্ট ফিল
ર	টাইটেনিয়া সোডিয়াম	এসি/ডিসি স্ট্রেইট পোলারিটি	মিডিয়াম পেনিট্রেশন, কনভেক্স বিড
9	টাইটেনিয়া পটাশিয়াম	এসি/ডিসি রিভার্স পোলারিটি ডিসি স্ট্রেইট পোলারিটি	কম পেনিট্রেশন, কনভেক্স বিড
8	টাইটেনিয়া আয়রন পাউডার	এসি/ডিসি রিভার্স পোলারিটি ডিসি স্ট্রেইট পোলারিটি	কম পেনিট্রেশন ফাস্ট ডিপোজিট
Œ	লো-হাইড্রোজেন সোডিয়াম	ডিসি, রিভার্স পোলারিটি	মিডিয়াম পেনিট্রেশন, কনভেক্স বিড, হাই সালফার কনটেন্ট
৬	লো-হাইড্রোজেন পটাশিয়াম	এসি/ডিসি রিভার্স পোলারিটি	মিডিয়াম পেনিট্রেশন, কনভেক্স বিড, হাই সালফার কনটেন্ট
٩	আয়রন পাউডার আয়রন অক্সাইড	এসি/ডিসি রিভার্স পোলারিটি, পোলারিটি	মিডিয়াম পেনিট্রেশন, ফ্লাট বিড
ъ	আয়রন পাউডার লো- হাইড্রোজেন	এসি/ডিসি রিভার্স পোলারিটি	কম পেনিট্রেশন, কনভেক্সবিড

E 6012 ইলেকট্রোডের ক্ষেত্রে প্রথম অক্ষর E দিয়ে বুঝায় এটি এমন ইলেকট্রোড যা ইলেকট্রিক আর্ক ওয়েন্ডিং এর জন্য ব্যবহৃত হয়। প্রথম ২টি অংক অর্থাৎ ৬০ দিয়ে বুঝা যায় ওয়েন্ড মেটালের সর্বনিমু টানশক্তি হবে ৬০,০০০ পাউন্ভ/বর্গইঞ্চি। শেষের পূর্বে অংকটি অর্থাৎ ১ দিয়ে বুঝা যায় ইলেকট্রোড সকল অবস্থানে ওয়েন্ডিং করার জন্য উপযুক্ত। শেষ অংকটি ২ দিয়ে বুঝা যায় ইলেকট্রোডটির উপরের আবরণে টাইটেনিয়া

সোডিয়াম আছে। এটি দিয়ে ওয়েল্ড করার সময় এসি বা ডিসি ব্যবহার করা যাবে, তবে ডিসি ব্যবহার করলে স্ট্রেইট পোলারিটিতে কাজ করতে হবে। এই ইলেকট্রোড ওয়েল্ড হবে মিডিয়াম পেনিটেশন ও কনভেক্স বিড।

১০.৪ বিভিন্ন ধরনের ফ্ল্যাব্র ঃ

ফ্ল্যাক্স এক ধরনের রাসায়নিক পদার্থ যা ওয়েল্ডিং এর সময় জবে অক্সিজেনের যৌগ গঠনে বাধা প্রদান করে এবং অন্যান্য ক্ষতিকারক বিক্রিয়া হতে জবকে রক্ষা হবে। নিখুঁত এবং দুত ওয়েল্ডিং এর জন্য এটি বিশেষ প্রয়োজন। বাজারে প্রচলিত বিভিন্ন প্রকারের ফ্লাক্স পাউডার, পেস্ট, কঠিন এবং তরল আকারে পাওয়া যায়। এদের কতগুলো জোড়া স্থানের ক্ষয় করে, কতকগুলি জোড়াস্থানের কম ক্ষয় করে, আবার কতকগুলি ক্ষয় করে না। এ বিচারে ফ্লাক্সগুলোকে তিনভাগে ভাগ করা যায়।

১। হাইলি করোসিভ ফ্লাক্স ঃ

এদেরকে কাজ শেষ হওয়ার পর দ্রুত জোড়া স্থান হতে পরিষ্কার করা দরকার। কারণ এরা জোড়া স্থানের ক্ষয় করে।

২ ৷ ইন্টারমিডিয়েট করোসিভ ফ্লাক্স ঃ

এরা জোড়া স্থানের কম ক্ষয় করে

৩। নন-করোসিভ ফ্লাব্র ঃ

এটি জোড়া স্থানের কোন ক্ষয় করে না।

ফ্লাক্স হিসেবে যে সকল রাসায়নিক পদার্থ ব্যবহৃত হয় এদের মধ্যে কতকগুলো উলেখযোগ্য ফ্লাক্স হলো ঃ

- (ক) বোরাক্স
- (খ) বোরিক এসিড
- (গ) ম্যাগনেসিয়াম সিলিকেট
- (ঘ) লাইম বা চুন ইত্যাদি।

বিভিন্ন ধাতুর ওয়েন্ডিং কাজে বিভিন্ন রকমের ফ্লাক্স ব্যবহার করতে হয় নিচের টেবিলে কতকগুলো গুরুত্বপূর্ণ ধাতুর ওয়েন্ডিং কাজে ব্যবহৃত ফ্লাক্সের নাম দেওয়া হলো।

ধাতুর নাম	ফ্লাক্স এর নাম
তামা	ফ্লাক্স ছাড়া ওয়েল্ডিং করা যায়, তবে ভালো ফল পেতে বোরাক্স ব্যবহার করা উচিত।
তামার সংকর	বোরাক্স, বোরিক এসিড, ফসফেট, (ব্রাশ, বোঞ্জ) ম্যাগনেসিয়াম, সিলিকেট, চুন ইত্যাদি।
অ্যালুমিনিয়াম এবং অ্যালুমিনিয়াম সংকর	লিথিয়াম ক্লোরাইড, পটাশিয়াম ক্লোরাইড
কাস্ট আয়রন	বোরেট, সোডা অ্যাস, সোডিয়াম ক্লোরাইড ইত্যাদি
স্টেইনলেস স্টিল	বোরাক্স, বোরিক এসিড, ফ্লোরস্পার ইত্যাদি

ইলেকট্রোড নির্বাচন ১০৩

১০.৫ প্রয়েন্ডিং এর জন্য সঠিক ইলেকটোড নির্বাচন ঃ

 ইলেকট্রিক নির্বাচনের সর্বাগ্রে মনে মাখতে হবে যে কোন ধাতু জোড়া দেওয়া হবে, ইলেকট্রোড উক্ত ধাতুর গোত্রীয় হতে হবে। কার্বন ইলেকট্রোডসমূহ কার্বন আর্ক ওয়েল্ডিং পদ্ধতিতে ব্যবহৃত হয়। কার্বন ইলেকট্রোড এবং ওয়ার্ক পিসের মধ্যে আর্ক তৈরি করা হয়। আর্ক ওয়ার্ক পিসকে গুলিয়ে ছোট পুল (Pool) তৈরি করে এবং পরিপূরক দণ্ড ব্যবহার করে অতিরিক্ত ধাতু যুক্ত করা হয়। ওয়েল্ডিং এর কাজে কার্বন আর্ক সীমিত ভাবে ব্যবহার করা হয়, এটি সাধারণত ধাতু কাটার কাজে ব্যবহৃত হয়।

- আবরণ বিহীন ইলেকট্রোড আর্ক ওয়েল্ডিং পদ্ধতিতে ব্যবহৃত হয়। নিদ্ধিয় গ্যাস গলিত ওয়েল্ড মেটালকে
 ঢেকে রাখার কাজে ব্যবহৃত হয়। যাতে তা অক্সিজেন ও নাইট্রোজেন শোষণ করতে না পারে, ঐগুলো
 অক্সাইডস এবং নাইট্রাইডস তৈরি করে ধাতুকে দুর্বল ও ভঙ্গুর করতে চায়।
- আবরণযুক্ত ইলেকট্রোড ব্যাপক হারে ম্যানুয়াল মেটাল আর্ক ওয়েল্ডিং পদ্ধতিতে ব্যবহৃত হয় ৷ আবরণের
 মিশ্রণ ফ্লাব্সের যোগান দেয় যা আর্কের চারিপার্শ্বে প্রতিরোধক আবরণ সৃষ্টি করে এবং জমাকৃত ওয়েল্ড
 মেটালকে ঠাগ্রা হওয়ার সময় একটি প্রতিরোধক ধাতুমল তৈরি করে ৷ এ ইলেকট্রোড নির্মাণ কাজে বিভিন্ন
 পজিশনে ধাতু জোড়ে ব্যবহৃত হয় ৷ আবরণযুক্ত ইলেকট্রোডের মধ্যে মাইল্ড স্টিল ইলেকট্রোড (লোকার্বন) মাইল্ড টিল ধাতু জোড়ের ক্ষেত্রে ব্যবহৃত হয় ।
- সংকর ইস্পাতের জোড়ের ক্ষেত্রে লো-হাইড্রোজেন ইলেকট্রোড ব্যবহৃত হয়ঃ স্টেইনলেস ইলেকট্রোড ঘর্ষণ জনিত কারণ ক্ষয় হওয়া য়য়্রাংশ মেরামত করতে ব্যবহৃত হয়। কাস্ট আয়রন ইলেকট্রোড কাস্ট আয়রন ধাতু জোড় বা মেরামতের জন্য ব্যবহৃত হয়।
 আবার অলৌহ জাতীয় ধাতু জোড়ের ক্ষেত্রেও আবরণয়ুক্ত ইলেকেট্রোড ব্যবহৃত হয়। অ্যালুমিনিয়াম ইলেকট্রোড, অ্যালুমিনিয়াম জাতীয় ধাতু জোড়ের ক্ষেত্রে ব্যবহৃত হয়। ফসফরাস ধাতু জোড়ের ক্ষেত্রে বিশেষ বিবেচ্য বিষয় হলো, ইলেকট্রোড নির্বাচন। সঠিক ধাতুর জন্য সঠিক ইলেকট্রোড নির্বাচন করতে না পারলে ধাতু জোড় দেওয়া সম্ভব হবে না, আবার অনেক ক্ষেত্রে জোড় দেওয়া সম্ভব হলেও তা সঠিক হবে না। তাই ধাতুর গুণাগুণ ও ইলেকট্রোডের গুণাগুণ জেনেই ধাতুজোড় দিতে হবে, তবেই গুণাগুণ ধাতু জোড় পাওয়া যাবে।

প্রশ্নমালা-১০

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। আই, আই, ডবিউ এর পূর্ণ অর্থ লেখ।
- ২। আই, আই ডবিউ এর নির্ধারিত মাপ অনুসারে একটি ইলেকট্রোড এর মাপ কত হবে?
- ৩। ইলেকট্রোডের শ্রেণিবিন্যাস কর এবং বিভিন্ন শ্রেণির ইলেকট্রোডের নাম লেখ।
- ৪। কনজুম অ্যাবল এবং নন কনজুম অ্যাবল ইলেকট্রোড বলতে কী বুঝায়?
- ৫। ফ্লাক্স কী? এটির কাজ কী?

সংক্ষিপ্ত প্রশ্ন

- ৬। ফ্লাক্স হিসেবে ব্যবহৃত হয় এরূপ কয়েকটি রাসায়নিক পদার্থের নাম লেখ।
- ৭। কাস্ট আয়রন ওয়েন্ডিং এর জন্য কোন কোন ফ্লাক্স ব্যবহৃত হয়?
- ৮। ব্রাশ এবং ব্রোঞ্জ ওয়েন্ডিং করতে যে ফ্লাক্সগুলো ব্যবহৃত হয় সেগুলোর নাম লেখ।
- ১। ভিজা স্থানে ইলেকট্রোড রাখলে কী হবে।
- ১০। ইলেকট্রোড কিছুটা আর্দ্রতা শোষিত হলে কী করতে হবে?

রচনামূলক প্রশ্ন

- ১১। ফ্র্যাক্স এর প্রকারভেদ আলোচনা কর।
- ১২। ওয়েন্ডিং এর জন্য সঠিক ইলেকট্রোড নির্বাচন কৌশল লেখ।
- ১৩। ফ্ল্যাক্সের বহুবিধ কাজ আলোচনা কর।

একাদশ অখ্যায়

ওয়েন্ডিং জোড়ের বৈশিষ্ট্য

ধরেন্ডিং জোড়ের বৈশিষ্ট্য সম্পর্কে জাভ হওয়া ঃ যে ধাতৃকে ওরেন্ড করা হচ্ছে তার পুরুত্ব গুণাওশ এবং কোন কাজে জোড়াটি ব্যবহুত হবে তার উপর ভিত্তি করে জোড়া নির্বাচন করতে হয়।

১১.১ খন্তেন্ড জোড়ের শ্রেণিবিন্যাস ঃ খন্তেন্ডিং এর প্রধান প্রধান জোড়গুলিকে নিম্মের শ্রেণিতে ভাগ করা যায়।

১. ৰাটফোড়া (Butt Joint)


- (ক) ক্ষার এজবাট জোড়া (Square edge butt joint)
- (४) अकि अह वॉर्ड क्लाफ़ा (Single V Butt joint)
- (গ) ডবল ভি সহ বাট জোড়া (Double V Butt joint)
- (ম) একটি ইউ বটি জোড়া (Single U Butt joint)
- (a) ভবল ইউ সহ বাট জোড়া (Double U Butt joint)

২. স্যাপ কোড়া (Lap joint)

- (ক) একটি ফিলেটসহ ল্যাপ জোড়া (Single Fillet Lap joint)
- (খ) ডবল ফিলেটসহ ল্যাল জোড়া (Double Fillet Lap joint)
- (গ) "টি" জোড়া (T Joint)
- (খ) কৰ্নার জোড়া (Corner Joint)
- (ঙ) এক জোড়া (Edge Joint)
- (চ) পাগ জোড়া (Plug Joint)


১১.২ ব্যয়েক্ত জোড় শনাককরণঃ

- (১) বটি জোড়া
- (ক) স্বরার এজবাট জোড়া



চিত্র: ১.১ স্কয়ার এজবাট স্লোড়া


(খ) একটি ভি সহ বাট জোড়া



SINGLE-V BUTT WELD

চিত্র: ৯.২ একটি ভি সহ বাট জ্লোডা


(গ) ডবল ভি সহ বাট জ্বোড়া



DOUBLE - V BUTT WELD

চিত্র: ৯.৩ ডবল ভি সহ বাট জোড়া

(ঘ) একটি ইউ সহ বাট জোড়া




SINGLE-U BUTT WELD

চিত্র: ৯.৪ একটি ইউ সহ বাট জোড়া

ওয়েন্ডিং জোড়ের বৈশিষ্ট্য ১০৭


(%) ডবল ইউ সহ বাট জ্বোড়া



চিত্র: ৯.৫ ডবল ইউ সহ বাটজোড়া


(২) ল্যাপ জোড়া

(ক) একটি ফিলেট সহ ল্যাপ জোড়া




চিত্র: ৯.৬ একটি ফিলেট সহ ল্যাপ জোড়া

(খ) ভবল ফিলেটসহ ল্যাপ জোড়া




চিত্ৰ। ৯.৭ ছবল কিলেটসহ ল্যাল জোড়া

(७)'ि' खास



চিন্ন: ১,৮ টি' জোড়া


(৪) কৰ্মাৰ জোড়া



চিন্ন: ১.১ কর্নার ক্ষোড়া


ওয়েন্ডিং জোড়ের বৈশিষ্ট্য

(৫) এজ জোড়া



চিত্ৰ: ৯.১০ এজ জোড়া

(৬) পাগ জোড়া



চিত্র: ৯.১১ পাগ জোড়া

১১.৩ বিভিন্ন প্রকার ওয়েন্ড জোড়ের প্রয়োগক্ষেত্রঃ

১। বাট জোড়ঃ


একই সমতলে রেখে দুইটি পাত বা যন্ত্রাংশের ফেসে ওয়েন্ডিং করা হয়। পার্শ্বদেশ প্রস্তুতি অনুসারে এদের নাম বিভিন্ন হয়।

(ক) স্কয়ার বাট জোড়াঃ কোনরূপ পার্শ্বদেশ প্রস্তুতি ছাড়া দুইটি পেটকে জোড়া দেওয়া হয়। ১.৬ মিলিমিটার পুরু হতে ৬ মিলিমিট পুরু পর্যন্ত পাতলা শিট এই পদ্ধতিতে ওয়েন্ডিং করা যায়।




চিত্র: ৯,১২ করার বাট জোড়া

(খ) সিক্ষেল ভি বটি জোড়াঃ ৬ মিলিমিটারের বেশি কিন্ত ২০ মিলিমিটারের কম জরুত্বের খাড়ুকে গুরেন্ডিং করতে এ জোড়া ব্যবহার উচিত। জোড়ার মাল কেমন হবে তা চিত্রে দেখান হলো।



চিত্র: ১.১৩ সিলেল তি বটি জোড়া


(গ) ভবল তি বটি জোড়াঃ যে কোন ধরনের বল প্রয়োগের ক্ষেত্রে এ জোড়া তৈরি করা চলে। সাধারণত ১৯ হতে ৪৫ মিলিমিটার পুরু ধাড়ুকে ভয়েন্ডিং করতে এ জোড়া খুব উপযুক্ত।



চিন্ম: ১.১৪ ডবল ভি বটি ক্ষোড়া


প্রয়েন্ডিং জ্বোড়ের বৈশিষ্ট্য ১১১

(য) সিক্সে ইউ বাটজোড়াঃ ১২ মিলিমিটার হতে ১৯ মিলিমিটার পর্যন্ত পুরুত্ত্বের ধাতৃকে ওয়েন্ড করতে এ জোড়া ব্যবহৃত হয়। বয়লারের পেট ওয়েন্ডিং করতে এ ধরনের জোড়া বেশি ব্যবহৃত হয়। চিত্র অনুসারে জোড়ান্থান তৈরি করতে হয়।



চিত্র: ৯.১৫ সিঙ্গেল ইউ বাট জ্বোড়া


(১) ডবল 'ইউ' সহ বাট জোড়া ঃ ১৯ মিলিমিটার হতে যে কোন শুরুত্তেও ধাতু ওয়েন্ডিং করতে এ জোড়া তৈরি করা হয়। এটিও বয়লার বা প্রেসারভেনেল ওয়েন্ডিং করতে ব্যবহৃত হয়। অর্থাৎ যেখানে জ্ঞোড়াকে অধিক বল প্রতিরোধ করতে হবে, সেখানে এই ধরনের জ্ঞোড়া ব্যবহার করা যাবে। জ্ঞোড়া নিচের মাপ অনুসারে তৈরি করতে হয়।



চিত্র: ৯.১৬ ডবল 'ইউ' সহ বাট জ্বোড়া


(২) ল্যাপ জোড়াঃ

একটি পাতের উপর একটি পাত রেখে এ জ্বোড়া তৈরি করা হয়। পার্শ্বদেশ প্রস্তুতির কোন পরিশ্রম এ জ্বোড় তেরির জন্য করতে হয় না। ক) নিমেল কিলটনত্ ল্যাল ছোড় : ১২ মিলিবিটার পর্বন্ধ পুরুত্ত্বের পাতকে নকলতাবে এ জেল্পা লেভরা বার।




हिन: 5.39 मार्ग व्यापा

(খ) ভবল কিলেটসত্ দ্যাপ জোড়াঃ সিলেল ফিলেটের ক্রেরে বেশি বল বত্ন করতে পারে।




চিন্তা ৯.১৮ ঘনৰ কিলেটসহ ব্যাপ ছোড়া

(৩) টি জোড়াঃ একটি পাকের উপর আর একটি পাক ৯০° ব্যাবর ছাপন করে এ জোড় তৈরি করা হর। ১ মিলিমিটার প্রদেশ্বর থাড় অভ্যন্ত সুন্দরভাবে এ পদ্ধতিতে জোড়া পেওরা বার। এ ধরনের জোড়ার তথ্ একদিকে ওরেক করা হর, তবে এ জোড়া বেভিং বল প্রতিরোধ করতে পারে মা। বদি উত্তর দিক ওরেক করা বার তবে সে জোড়া, শক্তিশালী হর এবং মোচড় ও বেভিং বল প্রতিরোধ করতে পারে। ২৪ মিলিমিটার এরম ত পুরুত্বেও পাতের টি জোড়া তৈরি করতে হর।




हिवा: 3,35 'वि' ट्लांकां

(৪) কৰ্মীয় জোড়া : সাধারণত পাতপা শিট মেটাপকে জোড়া দিতে এ জোড়া তৈরি করা বায়। ১২ গেজি শিট পর্যন্ত কর্মীর জোড়া তৈরি করার উপযুক্ত, তবে এ জোড়া বেভিং বল পুর কম প্রতিরোধ করতে পারে।



চিত্র: ৯.২০ কর্নার জোড়া

(৫) এক জোড়া ঃ ৬ নিলিমিটার বা ভার চেরে কম পুরুত্বেও ধাতুকে ওরেন্ডিং করতে এ জোড়া উপবৃক্ত। এ জোড়ার পেনিট্রেশন খুব ভালো হয় না। ভাই জোড়ার শক্তিও কম হয়।



চিত্র: ৯.২১ এক জোড়া

প্রশ্নমালা-১১

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। ডবল 'ইউ' জোডা কখন অধিক উপযুক্ত?
- ২। এজজোডা কোন পুরুত্বের ধাতুকে ওয়েন্ডিং করতে এ জোডা উপযুক্ত?
- ৩। পার্শ্বদেশ প্রস্তুতির পরিশ্রম কোন জোড়ার জন্য করতে হয় না?

সংক্ষিপ্ত প্রশ্ন

- ৪। দশটি ওয়েন্ডিং প্রতীক অঙ্কন করে ঐগুলোর পার্শ্বে ওয়েন্ডিং নাম লেখ।
- ৫। ওয়েন্ডিং স্থান দেখিয়ে কীভাবে ওয়েন্ডিং সিম্বল লেখা হয়? ৫টি উদাহরণ দাও।
- ৬ ৷ M.C.G দিয়ে কী বোঝান হয়?

রচনামূলক প্রশ্ন

- ৭। কোন কোন বিষয়ের উপর ভিত্তি করে ওয়েন্ডিং জোড় নির্বাচন করা হয়?
- ৮। ওয়েন্ডিং জোডার শ্রেণি বিভাগ কর এবং বিভিন্ন জোডাগুলির নাম লেখ।
- ৯। বিভিন্ন শ্রেণির ওয়েন্ডিং জোডাগুলোর চিত্র অঙ্কন করে নাম লেখ।
- ১০। স্কয়ার বাটজোড়া কোন ধরনের ওয়ার্কশপ এর জন্য উপযুক্ত এবং এ ধরনের জোড়ার সুবিধা কী?
- ১১। কোন ধরনের ওয়ার্ক পিসের জন্য সিঙ্গেল 'ভি' জোড়া উপযুক্ত। একটি সিঙ্গেল 'ভি' জোড়ার চিত্র অঙ্কন করে এর বিভিন্ন অংশের মাপ দেখাও।
- ১২। কীভাবে 'টি' জোড়া তৈরি করা হয়? মোচড় বল প্রতিরোধ করতে কীভাবে 'টি' জোড়া তৈরি করতে হয়?
- ১৩। কোন ধরনের ওয়ার্ক পিসের জন্য 'এজ' জোড়া অধিক উপযুক্ত?
- ১৪। দুইখণ্ড ধাতুর পুরুত্বঃ ১ম হতে ক্ষেত্রে ১৪ মিলিমিটার

২য় ক্ষেত্রে ২২ মিলিমিটার

৩য় ক্ষেত্রে ৫ মিলিমিটার

৪র্থ ক্ষেত্রে ৪২ মিলিমিটার

কোন ক্ষেত্রে কোন ধরনের জোড়া তৈরি করবে?

দ্বাদশ অধ্যায়

ওয়েল্ডড জোড়ার উপরিতল ও পার্শ্বদেশ প্রস্তুতি

যখন ধাতব পাতের বা জবের পুরুত্ব বৃদ্ধি পায় তখন তার পার্শ্বদেশ প্রস্তুত না করলে ভালো পেনিট্রেশন (Penitration) হয় না ১.৫ মিলিমিটার হতে ৬ মিলিমিটার পুরুত্বের ধাতুকে ওয়েন্ডিং করতে জোড়ার পার্শ্বদেশ প্রস্তুত না করলেও কাজ চলতে পারে, তবে ৬ মিলিমিটার পুরুত্বের বেশি সকল জবের পার্শ্বদেশ অবশ্যই প্রস্তুত করতে হবে। উপযুক্ত ভাবে পার্শ্বদেশ প্রস্তুত না করলে জোড়ার শক্তি সম্ভোষজনক হবে না এবং জোড়া বেঁকে যাওয়ার সম্ভাবনা থাকবে।

কোন জোড়ের পার্শ্বদেশ প্রস্তুতির পূর্বে বিবেচনা করতে হবে সেটা কোন পদার্থের তৈরি, কী প্রকারের জোড়া হবে কোন পদ্ধতির ওয়েন্ডিং করা হবে ইত্যাদি।

১২.১ পার্শ্বদেশ প্রস্তুতির প্রয়োজনীয়তা ঃ

বিকৃতি বিহীন নিখুঁত জোড় পাওয়ার বিষয়টি পার্শ্বদেশ প্রস্তুতির উপর অনেকখানি নির্ভরশীল যখন ধাতব বা জবের গুরুত্ব বৃদ্ধি পায় তখন তা পার্শ্বদেশ প্রস্তুত না করলে ভালো পেনিট্রেশন হয় না বা জোড় প্রস্তুতিও নিখুঁত হয় না। দুই খণ্ড ধাতুকে পাশাপাশি বা মুখোমুখি রেখে ওয়েন্ডিং করা হয় তাকে বাট ওয়েন্ডিং বলে। খণ্ডদ্বয়ের জোড় স্থলে ওয়েন্ডিং এর পূর্বে পার্শ্বদেশ ঢালু করে নিতে হয় এবং ওয়েন্ডিং করার সময় পাতদ্বয়ের মাঝখানে নিয়ম মোতাবেক ফাঁক রাখতে হয়। তৃতীয় ধাতু (Filler Metal) ও খণ্ডদ্বয়ের প্রান্ত সামান্য গলে গিয়ে এ ঢালু এবং ফাঁক পূরণ করে নেয় এবং এভাবে ওয়েন্ডিং কাজ সম্পন্ন হয়। ১.৫ মিমি পুরু ধাতুর পার্শ্বদেশ প্রস্তুত না করলেও কাজ চলতে পারে, তবে ও ৬ মিমি পুরুত্বের ধাতুকে ওয়েন্ডিং করতে জোড়ার পার্শ্বদেশ অবশ্যই প্রস্তুত করতে হবে।

উপযুক্তভাবে পার্শ্বদেশ প্রস্তুত না করলে জোর শক্তি সম্ভোষজনক হবে না এবং জোড়ার বেঁকে যাওয়ার সম্ভাবনা থাকবে। জোড়ের উদ্দেশ্য সাধনের জন্য পার্শ্বদেশ প্রস্তুতি এক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এখানে উলেখ্য যে, পার্শ্বদেশ প্রস্তুতির মুখ্য কাজ হলো গ্রুভ বা খাঁজ, লেভেল, সিঙ্গেল ভি, ডাবল ভি, পিছন দিকে সামান্য চেমফারিং করা ইত্যাদি। আর জোড় স্থান প্রস্তুতির মুখ্য উদ্দেশ্য হলো- উভয় পেটকে সমান অথবা জোড়া রেখা (Line) এ রেখে ফাঁক স্থানটি রক্ষা করা। এর প্রত্যেকটি গুরুত্বপূর্ণ জিনিস একটু এদিক সেদিক হলেই বিকৃতি অনিবার্য, সুতরাং প্রত্যেক পার্শ্বদেশ প্রস্তুতির উপর সতর্ক দৃষ্টি রেখে ওয়েন্ডিং কাজ সমাধান করা উচিত।

১২.২ জোড়ার পার্শ্বদেশ প্রস্তুতির পদ্ধতিগুলো হলো ঃ

- (ক) গ্রাইন্ডিং (Grinding)
- (খ) ফাইলিং (Filing)
- (গ) চিপিং (Chiping)
- (ঘ) আর্ক কাটিং (Arc Cutting)
- (ঙ) গ্যাস কাটিং (Gas Cutting)

- (চ) শিয়ার মেশিনে কাটিং (Shearing)
- (ছ) পাজমা আর্ক কাটিং (Plasma Arc Cutting)
- (জ) গাইজিং (Gauging)

কখনও কখনও জোড়ার পার্শ্বদেশ প্রম্ভুতির কাজ একাধিক পদ্ধতির সমন্বয়ে সম্পন্ন করা হয়। যেমন গ্যাস কাটিং এর পর ফাইলিং অথবা চিপিং এর পর ফাইলিং করা হয়।

১২.৩ পার্শ্বদেশ প্রস্তুতির প্রয়োগ ব্যবস্থা ব্যাখ্যা করা ঃ

(ক) গ্রাইন্ডিং করেঃ

ছোট আকৃতির জবগুলিকে হাত ধরে গ্রাইন্ডিং মেশিনে গ্রাইন্ডিং করে নিলেই চলে। কিন্তু বড় জব অর্থাৎ যে জবকে নাড়ানো, চড়ানো অসুবিধাজনক সেখান প্রর্টেবল হ্যান্ড গ্রাইন্ডার ব্যবহার করে কাজ করা যাবে।

(খ) ফাইলিং করেঃ

জোড়ার পার্শ্বদেশ প্রস্তুতিতে এটি অত্যন্ত উপযুক্ত পদ্ধতি। যে জবকে ভাইসে বাঁধা সম্ভব সেটিকে ভাইসে বেঁধে ফাইল দিয়ে ধাতক্ষয় করে পার্শ্বদেশ প্রস্তুত করা হয়।

কিন্তু ভাইস বাধা না গেলে জবকে সুবিধাজনক অবস্থায় নিয়ে ফাইলিং করে পার্শ্বদেশ প্রস্তুত করা যায়।

(গ) চিপিং করেঃ

মোটা জব অর্থাৎ বেশ খানিকটা ধাতু যেখানে কেটে জোড়ার পার্শ্বদেশ প্রস্তুত করতে হবে সেখানে চিপিং করে পার্শ্বদেশ প্রস্তুত করতে হয়। এ পদ্ধতিতে কোল্ড চিজেলের মাথায় হাতুড়ি দিয়ে আঘাত করে ধাতু কর্তন করতে হয়। কর্তনের পূর্বে অবশ্যই যে স্থানের মেটাল কাটতে হবে সে স্থানে ভালোভাবে মার্কিং করে নিতে হবে। চিপিং করার পর অধিকাংশ ক্ষেত্রে গ্রাইন্ডিং অথবা ফাইলিং করার প্রয়োজন হয়।

(ঘ) আৰ্ক কাটিং পদ্ধতিঃ

আর্কং ওয়েন্ডিং এ যেমন ধাতু জোড়া দেওয়া হয় তেমনি কাটাও যায়। এ পদ্ধতিতে কাটার সময় কারেন্টের পরিমাণ ওয়েন্ডিং করার সময়ের চেয়ে বেশি লাগে এবং কাটার কাজে ইলেকট্রোড ব্যবহৃত হয় তার ব্যাসও ৪ মিলিমিটার এর কম হওয়া উচিত নয়। ওয়েন্ডিং পদ্ধতির মত আর্ক কাটিং পদ্ধতিতেও মোটা ধাতু কাটতে বেশি ব্যাসের ইলেকটোড এবং চিকন বা অল্প গুরুত্বের ধাতু কাটতে কম কারেন্ট ও খানিকটা চিকন ইলেকট্রোড ব্যবহার করতে হয়।

- (২) অক্সি আর্ক কাটিং পদ্ধতি ঃ যে সমস্ত জবের পার্শ্বদেশ সাধারণ মেটালিক আর্ক কাটিং অথবা গ্যাস কাটিং পদ্ধতিতে কাটা অসুবিধাজনক যেমন হাই ক্রোমিয়াম স্টিল, ক্রোমিয়াম নিকেল স্টিল, স্টেইনলেস স্টিল, বোঞ্জ, কপার, অ্যালুমিনিয়াম ইত্যাদি সে সকল ধাতুকে সুবিধাজনকভাবে এ পদ্ধতিতে কাটা যায়। এ পদ্ধতিতে ব্যবহৃত ইলেকট্রোডের মাঝ দিয়ে যে অক্সিজেন সরবরাহ করা হয় সে অক্সিজেনের চাপে ধাতু কাটার কাজ সম্পন্ন হয়।
- (৩) গ্যাস কাটিং প্রক্রিয়া ঃ অক্সিজেন এবং অ্যাসিটিলন গ্যাসের শিখার সাহায্যে মেশিনে অথবা হাতে ধাতু কর্তব্য করে জোড়ার পার্শ্বদেশে প্রস্তুত করা হয়।

(চ) শিয়ার মেশিনে কেটে ঃ অল্প পুরুত্বের ধাতুকে বেঞ্চ শিয়ার মেশিনে কেটেও জোড়া স্থানের পার্শ্বদেশ প্রস্তুত করা যায়, তবে ওয়েন্ডিং ওয়ার্কশপে জোড়া পার্শ্বদেশ প্রস্তুতির জন্য চিপিং ফাইলিং এবং গ্রাইন্ডিং পদ্ধতি খুব বেশি ব্যবহৃত করা হয়। বিভিন্ন রকমের জোড়ার জন্য পার্শ্বদেশ কেমন আকৃতির প্রস্তুত করতে হয় তার চিত্র নিচে দেখান হয়।

১২.৪ পার্শ্বদেশ প্রস্তুতির সতর্কতা ঃ

ধাতুর পার্শ্বদেশ প্রস্তুতির পূর্বে সঠিকভাবে লে আউট (Lay-out) করে নেওয়া প্রয়োজন।

- চিপিং করে পার্শ্বদেশ প্রস্তুতির সময় লক্ষ রাখা উচিত যেন চিজেল ছুটে গিয়ে অন্যের গায়ে না লাগে এবং চিপিং করা ধাতু কণা যাতে অন্য কাউকে আঘাত না করে। তাই তারের তৈরি শিল্ড ব্যবহার করা উচিত।
- গ্রাইন্ডিং করার সময় সেফটি গগলস পড়া উচিত এবং জবকে শক্তভাবে ধরে গাইন্ডিং করা উচিত।
- আর্ক কাটিং এর সময় হেলমেট বা হ্যান্ডশিল্ড অবশ্যই ব্যবহার করতে হবে।
- গ্যাস কাটিং এর সময় ওয়েল্ডিং গগলস পরতে হবে।

প্রশ্নমালা-১২

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। ভালোভাবে জোড়ার পার্শ্বদেশ প্রস্তুত না করলে কী হবে ?
- ২। জোড়ার পার্শ্বদেশ প্রস্তুতির পদ্ধতিগুলোর নাম লেখ।
- ৩। জোড়ার পার্শ্বদেশ প্রস্তুতির পূর্বে কোন কোন বিষয় বিবেচনা করতে হয় ?

সংক্ষিপ্ত প্রশ্ন

- 8। চিপিং করে জোড়ার পার্শ্বদেশ প্রস্তুতির বর্ননা দাও।
- ে। জোড়ার পার্শ্বদেশ প্রস্তুতির পদ্ধতিগুলোর মধ্যে কোনগুলো ওয়ার্কশপে বেশি প্রচলিত ?
- ৬। জোড়ার পার্শ্বদেশ প্রস্তুতির সর্তকতাগুলো লেখ।

রচনামূলক প্রশ্ন

- ৭। গ্রুভ অ্যাঙ্গেল ও বিভেল অ্যাঙ্গেলের পার্শ্বদেশ প্রস্তুতির চিত্র অংঙ্কন করে দেখাও।
- ৮। আর্ক, গ্যাস কাটিং ও চিপিংয়ের সময় নিরাপত্তাগুলো সরঞ্জামাদির ব্যবহারের কারণ উলেখ কর।

ত্ৰয়োদশ অধ্যায়

ওয়েন্ডিং কার্য পদ্ধতি

১৩.১ থরেন্ডিং কার্য পদ্ধতির ধাপগুলো শনাক্ত করা ঃ

প্রমেন্ডিংরের পুরা কাজটি পর্যালোচনা করলে দেখা যায় কতগুলো ধাপ অভিক্রম করে কাজটি শেষ হয়।

(১) কাজের শ্রন্থডি

কাজের উপযুক্ত পোশাক পরিধান করা।




কার্যবন্ধ প্রকৃত ও প্রয়োজনে গার্শদেশ প্রস্তুত করা।


(২) ইলেকট্রোড নির্বাচন/ফিলার নির্বাচন।



ওরেন্ডিং কার্য পদান্তি

(৩) বৈদ্যুতিক সংযোগ/শিখা প্রজ্বলন করা ঃ





(৪) অ্যাম্পিয়ার নিরূপণ/শিখা অ্যাডজাস্টকরণ ৪



- (৫) ট্যাক ওয়েন্ড করা।
- (৬) ধাতু জোড় সম্পন্ন করন ঃ



(৭) ওয়েন্ডিং করা ঃ



ওয়েন্ডিং কার্য পদ্ধতি

(৮) জোড়াস্থান পরিষ্কার করা



১৩.২ ওয়েন্ডিং কার্য পদ্ধতির বর্ণনা কর ঃ

প্রস্তুতি ঃ পর্যায়ে ওয়েন্ডারকে কাজের উপযুক্ত পোশাক পড়তে হবে। কিন্তু আর্ক ওয়েন্ডিংয়ের জন্য হেলমেট পরতে হবে বা হ্যান্ডশিন্ড সংগ্রহ করতে হবে যা কাজের সময় হাতে ধরে চোখকে রক্ষা করা যায়। কার্য বস্তু প্রস্তুত করার জন্য জবের উপর হতে গ্রিজ, বা তৈল জাতীয় পদার্থ এবং মরিচা বা ধুলাবালি পিন্ধার করতে হবে। মোটা জব হলে পার্শ্বদেশ প্রস্তুত করতে হবে পুরুত্ব বিবেচনা করে, সিংগল ভৈ' বা ডাবল ভি' অনুরূপ সিংগল 'ইউ' বা ডাবল 'ইউ' ইত্যাদি আকৃতিতে পার্শ্বদেশ প্রস্তুত করতে হবে।

ইলেকট্রোড/ফিলার রড নির্বাচন ঃ জবের পুরুত্বের উপর ভিত্তি করে আর্ক ওয়েন্ডিং এর জন্য ইলেকট্রোড এবং গ্যাস ওয়েন্ডিং এর জন্য ফিলার রড নির্বাচন করতে হবে। মোটা জবের জন্য মোটা ইলেকট্রোড বা ফিলার রড এবং কম পুরুত্বের জবের জন্য চিকন ফিলার রড বা ইলেকট্রোড নির্বাচন করতে হবে। চার্ট দেখে এটা করা যায়।

তাড়াতাড়ি কাজ করার সময় ধাতুর পুরুত্বের সাথে ৩ মিলিমিটার যোগ করে যোগফলকে দুই দিয়ে ভাগ করেও ইলেকট্রেডের ব্যাস মোটামুটি নির্ণয় করা যায়, তবে খুব মোটা জবের ক্ষেত্রে এ নিয়ম চলে না।

কারেন্ট/শিখা নিরূপণ ঃ আর্ক ওয়েন্ডিং এর সময় কারেন্ট নির্বাচন এবং গ্যাস ওয়েন্ডিং এর সময় শিখা নির্বাচন করতে নিচের বিষয়গুলো বিবেচনা করতে হবে।

- কেমন পুরুত্বের জব ওয়েন্ড করতে হবে।
- কোন ধরনের জোড়া ওয়েল্ড করতে হবে (য়য়য়ন বাট ওয়েল্ড করতে য়ে কারেন্ট লাগে একই পুরুত্বের ফিলেট ওয়েল্ড করতে তার চেয়ে ১০% বেশি কারেন্ট লাগে)
- কত ব্যাসের ইলেকট্রোড ব্যবহার করতে হবে ইত্যাদি বিষয়় বিবেচনা করে কারেন্ট/ শিখা নিরূপণ করতে হবে। কোন ধাতুকে ওয়েল্ডিং করতে হবে তার উপর ভিত্তি করে শিখা নির্বাচন করতে হবে, য়েমনঃ

টেবিল নং-৭

ধাতুর নাম	শিখার নাম
মাইল্ড স্টিল, রট আয়রন, কাস্ট আয়রন, স্টেইনলেস, অ্যালুমিনিয়াম, তামা, সীসা ইত্যাদি	নিউট্রাল শিখা
ম্যাঙ্গানিজ স্টিল, পিতল, ব্রোঞ্জ, তামা ইত্যাদি	অক্সিডাইজিং শিখা
নিকেল, মোনেল মেটাল, অ্যালুমিনিয়াম, ইত্যাদি	কার্বুরাইজং শিখা


ইলেকট্রোডের ব্যাস বেশি হলে ওয়েন্ডিং এর জন্য বেশি কারেন্ট প্রয়োজন হয়, যেমনঃ

টেবিল -৮

ইলেকট্রোড ডায়া	কারেন্ট
১০ গেজি	১২০ অ্যামপিয়ার
৮ গেজি	১৫০ অ্যামপিয়ার
৬ গেজি	২০০ অ্যামপিয়ার
৪ গেজি	২৫০ অ্যামপিয়ার
৬ মিলিমিটার	৩০০ অ্যামপিয়ার
৮ মিলিমিটার	৪০০ অ্যামপিয়ার
৯.৫ মিলিমিটার	৫০০ অ্যামপিয়ার


ট্যাক ওয়েন্ড করাঃ

একে ট্যাক দেওয়া বা ট্যাকিং করাও বলা হয়। জব নড়ে গিয়ে বা ওয়েন্ডিং এর প্রচণ্ড তাপে জোড়া বেঁকে না যায় তার জন্য জবের দুই বা তিন স্থানে ছোট ছোট ওয়েন্ড করে নিতে হয়। এ ছোট ওয়োন্ডগুলোর নাম ট্যাক ওয়েন্ড। এগুলো লম্বায় ৩ মিলিমিটার হতে ৫ মিলিমিটার পর্যন্ত হতে পারে।



ওয়েন্ড করাঃ

- সঠিক কোণে ইলেকট্রোড ধরতে হবে ।
- সুষম গতিতে ইলেকট্রোড টানতে হবে ।
- আর্কের দৈর্ঘ্য ৩ মিলিমিটারের কাছাকাছি রাখতে হবে।
- একটি রান টানার পর আর একটি রান টানতে হলে প্রথম রানটির উপর হতে শাগ (Slug) এর আবরণ পরিষ্কার করার পর নতুন রান টানতে হবে এভাবে ওয়েন্ড এর কাজ শেষ করতে হবে।



প্রস্তৃতিঃ

কোন কাজের ভালো ফলাফলের প্রথম শর্ত হলো ভালো প্রস্তুতি। সূতরাং ভালো প্রয়েক্তিং এর জন্য ভালো প্রস্তুতির অতি প্রয়োজন।

ইলেকটোড/ ফিলার রড নির্বাচনঃ

উপৰ্ক্ত ইলেকট্রোড এবং ফিলার রড নির্বাচন না হলে ওরেন্ডিং ভালো হবে না, কারণ সঠিক ব্যাসের ইলেকট্রোড বা ফিলাার রড দিয়ে সুন্দর ওয়েন্ডিং তৈরি করা যায়।

কারেন্ট নিত্রপণ/শিখা নির্বাচনঃ

নির্দিষ্ট পুরুত্ত্বের ওয়ার্কপিস অথবা নির্দিষ্ট ব্যাসের ইলেকট্রোড বা কিলার রড গলাতে নির্দিষ্ট পরিমাণের কারেন্ট/ শিখা নির্বাচন করতে হবে, অন্যখার ওয়েভিং ভালো হবে না।


ট্যাক প্রক্রেড করাঃ

ট্যাক ওরেন্ড ঠিকমত না করলে সম্পূর্ণ কাজ নষ্ট হরে যায়। কারণ যথপোযুক্ত পোলাক পরা হোক আর সুন্দরভাবে জোড়া প্রস্তুত করা হোক, ট্যাক ওরেন্ড করা না হলে ওরেন্ডিং এর প্রচন্ড তাপে বা জোড়া নড়ে গিরে সম্পূর্ণ ওয়েন্ড কার্যটি একেবারে পণ্ড হরে যাবে।

গুরেন্ড করাঃ পূর্বের সকল প্রস্তুভিন্তলো হলো ভালো ওরেন্ডিং করার জন্য সূতরাং ওরেন্ডিং করা ধাপটি শেষ এবং অতীব গুরুত্বপূর্ব।

ইলেকটোড অ্যামলিয়ার এবং মূল ধাড়ুর পুরুত্তঃ

মূল ধাতুর পুরুত্ব বলতে যে ওয়ার্কপিসকে ওয়েন্ডিং করতে হবে তার পুরুত্বকে বুঝায়।



মূল ধাতুর পূরুত্ব যত বেশি হবে ইলেকট্রোডের ব্যাস তত বেশি লাগবে এবং বেশি ব্যাসের ইলেকট্রোডকে গলাতে বেশি অ্যামশিয়ার কারেন্ট লাগবে। এ বিষয়টি এ বইয়ের ব্যবহারিক অংশে দেখান হয়েছে।

ওয়েন্ডিং কার্য পদ্ধতি

১২.৫ ওয়েন্ডিং পজিশন (সমতল১-জি, আনুভূমিক-২ জি, উলম ৩-জি, ওভারহেড ৪-জি) সমন্ধে জানাঃ

সব অবস্থানে ধাতু জোড় দিতে হয়। উত্তম জোড় সৃষ্টিতে জো ড়র অবস্থান গুরুত্বপূর্ণ। অনুপযুক্ত অবস্থানে দক্ষ ওয়েন্ডার উত্তম ইলেকট্রোড, উত্তম মেশিন ব্যবহারে পর ও ভালো জোড় উৎপাদন সম্ভব হয় না। ভালো জোড়ের জন্য প্রয়োজন জোড়ের ভালো অবস্থান। অবস্থান ভেদে ওয়েন্ডিং করার পদ্ধতিও পরিবতন হয়। এক এক অবস্থানে জোড়কে আটকানো, ইলেকট্রোড চালনার কোণ ও গতি বিভিন্ন হয়। অবস্থান ভেদে নিরাপত্তাও ভিন্নতর হয়। ভালো জোড় সৃষ্টিতে ওয়েন্ডারের বিভিন্ন অবস্থানে জোড় দেওয়ার সব কৌশল রপ্ত করতে হয়। বিশেষ করে পাইপ জোড়ের ক্ষেতে এর গুরুত্ব অত্যাধিক। পেট জোড়ের ক্ষেতে পেনিট্রেশন পরীক্ষণ ছাড়া দেখা সম্ভব হয় না। তাই পেট জোড় এবং পাইপ জোড়ের ওয়েন্ডারের প্রাপ্ত সনদ ভিন্ন। পেট জোড়ের ক্ষেত্রে ওয়েন্ডারের প্রাপ্ত সনদে তার দক্ষতার সীমাবদ্ধতা মোতাবেক 1 F,2 F,3 F,4 F আলাদা আলাদা বা একত্রে সনদ পদান করা হয়ে থাকে। আবার পাইপ জোড়ের ক্ষেত্রে 1 G,2 G,3 G,5 G বা 6 G এর আলাদা আলাদা বা একত্রে সনদ প্রদান করা হয়ে থাকে। 5 G এর সনদ পাওয়ার অর্থ 1 G,2 G,3 G,5 G এর দক্ষতা মান অতিক্রম করা হয়েছে। তাই ওয়েন্ডার জোড়ের উক্ত অবস্থানগুলো সম্পর্কে সঠিক তথ্য জানা থাকতে হবে। আবার 6 G প্রাপ্ত সনদ মানে ওয়েন্ডার পাইপ জোড়ের ক্ষেত্রে সকল অবস্থানে জোড় দানের সমর্থ রয়েছে।

1-G বা ফ্ল্যাট অবস্থানঃ

এ অবস্থানকে পাইপ জোড়ের প্রাথমিক অবস্থান হিসেবে চিহ্নিত করা হয়। অন্যান্য অবস্থান থেকে এ অবস্থানে পাইপ জোড় অনেকটা সহজ। কার্যবস্তুকে সমতল অবস্থানে রেখে এ জোড় দেওয়া হয়। কার্যবস্তুকে সঠিকভাবে সতল অবস্থানে রেখে, সঠিক ইলেকট্রোড, সঠিক কারেন্ট অ্যাডজাস্টমেন্ট ও সঠিক ইলেকট্রোড চালনার কোণ ও গতি ঠিক থাকলে এ অবস্থানে জোড়ের গুণগত মান ও পরিমাণ ঠিক থাকে। অন্যান্য অবস্থানের তুলনায় পাইপ জোড়ের এ অবস্থানে ধাতু জোড়ের ক্রটি-বিচ্যুতি হ্রাস পায়।

2-G/ হরিজন্টাল অবস্থান:

2-G অবস্থানকে পাইপ জোড়ের হরিজন্টাল অবস্থান হিসেবে বিবেচনা করা হয়। দুইটি পাইপের সঠিক প্রান্তদেশ আটকানো হয়। জোড়ের ক্ষেত্রে এ অবস্থানটি ফ্ল্যাট অবস্থান থেকে একটু কঠিন। এ অবস্থানে ইলেকট্রোডের কোণ এবং চালনার গতি ঠিক রাখতে হয়। ইলেকট্রোডের সঠিক কোণ, সঠিক আর্ক লেংথ এবং সঠিক চালনার গতি না হলে নানান ত্রটি-বিচ্যুতি দেখা যাবে। আর্ক লেংথ অপেক্ষাকৃত ছোট রেখে সঠিক গতিতে ইলেকট্রোড চালনা করলে পেনিট্রেশন ভালো হবে। পাইপ জোড়ের ক্ষেত্রে পেনিট্রেশন জরুরি। এ অবস্থানের মূল সমস্যা গলিত ধাতু মাধ্যাকর্ষণ শক্তির দ্বারা প্রভাবিত হয়। যার ফলে ল্যাক অব পেনিট্রেশন, বার্নথাে, আভার কাট, গ্যাস পকেট, শাগ ইনকুশান ইত্যাদি ক্রটি-বিচ্যুতি দেখা দিতে পারে। সঠিক কার্য পদ্ধতি. অপ্রয়োজনীয় ধাতুমল ও সঠিকভাবে শ্লাগ পরিষ্কার দ্বারা ক্রটি-বিচ্যুতি হাস করা সম্ভব।

3-G বা উলম্ অবস্থান:

এ অবস্থানে পাইপ জোড়কে উলম্ব অবস্থানে আটকানো হয়। দুইটি পাইপের প্রান্তদেশ প্রস্তুতি ও ট্যাক ওয়েল্ড শেষে উলম্ব অবস্থানে আটকানো হয়। উর্ধ্বমুখী বা নিম্নাভিমুখী উলম্ব পেট জোড়ের নিজম্ব বৈশিষ্ট্য রয়েছে। পাইপ জোড়ের ক্ষত্রে এর আলাদা বৈশিষ্ট্য রয়েছে। ইলেকট্রোডকে সঠিক কোণে রেখে ডানমুখী অথবা বামমুখী ইলেকট্রোড চালনা করতে হয়। উভয়ক্ষেত্রে গলিত ধাতু মাধ্যাকর্ষণ শক্তির দ্বারা প্রভাবিত হয়। উলম্ব অবস্থানে পাইপ জোড়ের প্রথম রান বা রুট রানের বিশেষ সতর্কতার প্রয়োজন। ইলেকট্রোডের কোণ, আর্ক লেংথ, ইলেকট্রোড চালনার গতি বিশেষ গুরুত্ব বহন করে। এর একটিও ভুল হলে নানান ক্রটি-বিচ্যুতি দেখা দেয়। এ অবস্থানে যেহেতু মাধ্যাকর্ষণ শক্তির দ্বারা প্রভাবিত সেহেতু মূল ধাতুর প্রান্তদেশ দুইটি সমহারে গলার প্রতি সতর্ক থাকতে হয়। প্রতিটি রানের শেষে অপ্রয়োজনীয় ধাতুমল পরিষ্কার করতে হবে। এ অবস্থানে আভার কাট, বার্নপ্রো, ল্যাক অব ফিউশান, অতিরিক্ত ধাতুমল জমা ইত্যাদি ক্রটি-বিচ্যুতি দেখা যায়।

4-G (ওভারহেড অবস্থান):

এ অবস্থানটি পাইপের সাথে পেট জোড় অথবা পেটের সাথে পেট জোড় হতে পারে। এ অবস্থানে পাইপের সাথে পাইপ জোড় দেওয়া সম্ভব নয়। কারণ পাইপের নিচের অংশ জোড় দেওয়ার পর উপর অংশ জোড় দেওয়া যায় না। তাছাড়া পাইপ জোড়ের জন্য কঠিনতম অবস্থান হিসেবে স্বীকৃত হলো 6-G অবস্থান। আর পেটের ক্ষেত্রে 4-G অবস্থান হলো ওভারহেড অবস্থান। এ অবস্থানটিও পেট জোড়ের কঠিনতম অবস্থান। কোন ওয়েল্ডার-এর এ অবস্থানে জোড় দেওয়ার সামর্থ মানে তার বাকি অবস্থানে জোড় দেওয়ার দক্ষতা রয়েছে। পাইপকে পেটের সাথে ওভারহেড অবস্থানে রেখে জোড় দিতে কার্যবস্তুকে মাথার উপর অবস্থানে স্থাপন করা হয়। এ জোড় যেহেতু মাথার উপর অবস্থানে স্থাপন করা হয়। সেহেতু জোড় দেওয়া এবং জোড়ের গুণাগুণ বজায় রাখার জন্য প্রয়োজন দক্ষতার। এ জোড়ের জন্য বিশেষ নিরাপত্তার প্রয়োজন। সঠিক ইলেকট্রোডের কোণ, আর্ক লেংথ ইলেকট্রোড চালনার গতি অত্যাবশ্যাক। সঠিক ইলেকট্রোডের কোণ বজায় না রাখলে এ অবস্থায় জোড় দেওয়া অসম্ভব। এ অবস্থায় ধাতুমল মাধ্যাকর্ষণ শক্তির দ্বারা প্রভাবিত। নিরাপত্তামূলক সরঞ্জামাদি না পরলে শরীরের বিভিন্ন স্থানে উত্তপ্ত ধাতুমল পড়ে ক্ষতের সৃষ্টি করতে পারে।

ওভার হেড জোড়ের প্রধান বৈশিষ্ট্য হলো:

- 🔃 খুব কম কারেন্ট হলে স্যাগ আটকা পড়ে ফাঁক সৃষ্টি করবে, আবার কখনও আর্ক সৃষ্টি করা কঠিন হবে।
- অত্যাধিক বেশি কারেন্ট হলে, আন্তার কাট, বার্নপ্রো, ধাতুমলে এবড়ো ভাব এবং খারাপ আকৃতির জোড়
 সৃষ্টি হবে।
- ইলেকট্রোডের আবরণ ধাতু গলার সাথে পুড়তে হবে।
- 🔃 ইলেকট্রোড চালনার গতি অত্যধিক কম হলে জোড় স্থানে তাপ বৃদ্ধি পেয়ে জোড় স্থানে গর্ত সৃষ্টি করবে।
- ইলেকট্রোডের গতি অত্যাধিক বেশি হলে জোড় স্থানে পেনিট্রেশন হবে না।
- জোড় স্থান ভালোভাবে পরিষ্কার করা না হলে স্যাগ ইনক্লুশান দেখা যেতে পারে।

প্রশ্নমালা-১৩

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। এম. সি মেটাল জোড়ে কোন শিখা ব্যবহার করা হয়?
- ২। 3-G অবস্থানে পাইপ জোডকে কোন অবস্থানে আটকানো হয়।
- ৩। 4-G অবস্থানে পাইপের সাথে পাইপ জোড় দেওয়া সম্ভব নয় কেন ?

সংক্ষিপ্ত প্রশ্ন

- ৪। গ্যাস ওয়েন্ডিং এর শিখাসমূহের নাম উলেখ কর।
- ে। অত্যাধিক বেশি কারেন্ট হলে ওয়েন্ডিং জোড কেমন হয় ?
- ৬। নিরাপত্তামূলক সরঞ্জামাদি না পড়লে শরীরের কিরূপ ক্ষতি হতে পারে?

রচনামূলক প্রশ্ন

- ৭। ওয়েন্ডিং কার্য পদ্ধতির ধাপগুলোর নাম লেখ।
- ৮। কাজের প্রস্তুতি ধাপে একজন ওয়েন্ডারকে কী কী কাজ করতে হয়?
- ৯। আর্ক ওয়েন্ডিং এর জন্য কারেন্ট এবং গ্যাস ওয়েন্ডিং এর জন্য শিখা নির্বাচন করতে একজন ওয়েন্ডারককে কোন বিষয়গুলো বিবেচনা করতে হয়?
- ১০। কী কী ধাতু ওয়েল্ডিং করার জন্য অক্সিডাইজিং শিখা নির্বাচন করতে হয়?
- ১১। দ্রুত, কাজ করার সময় কীভাবে ইলেকট্রোডের ডায়া বা ব্যাস নির্বাচন করতে হয়?
- ১২। ওভার হেড জোডের প্রধান বৈশিষ্ট্যগুলো উলেখ কর।
- ১৩। ওভারহেড অবস্থানকে ধাতু জোড়ের কঠিন অবস্থান বলার কারণ ব্যাখ্যা কর।

চতুর্দশ অধ্যায়

আর্ক ওয়েন্ডিং-এর দোষক্রটি ও প্রতিকারসমূহ

১৪.১ আর্ক ওয়েন্ডিং এর দোবক্রটিগুলির নাম ঃ


ওয়েন্ড মেটালের গঠনগত কতকগুলো অপ্রত্যাশিত ক্রটির কারণে সঠিকভাবে জ্বোড়া লাগে না, জ্বোড়া অসুন্দর হয়, শক্তি কম হয়, তা ভেলে যায় বা যাওয়ার প্রবণতা থাকে একে ওয়েন্ডিং এর ক্রটি হিসেবে বিবেচনা করা হয়। আর্ক ওয়েন্ডিং সাধারণত নিমুলিখিত দোষক্রটিগুলো দেখা যায়।


- (১) ফাটল
- (২) অক্স গলন
- (৩) ধাতুমলের অন্তর্ভুক্তি
- (৪) ছিদ্রময়তা
- (৫) স্বল্প পেনিট্রেশন
- (৬) উত্তপ্ত ধাতু হড়ানো
- (৭) আভার কাট
- (৮) পুড়ে বাওয়া বিকৃতি
- (৯) ওভার ল্যাপিং

১৪.২ আর্ক ওয়েন্ডিং ক্রটিসমূহ শনাক্ত করণঃ

• ফাটল ঃ


ওয়েন্ড মেটালে বা বেস মেটালে বে কোন ধরনের ফাটল ফাইলক্রটি হিসেবে বিবেচিত হয়। অর্থাৎ ওয়েন্ডিং করার পর বেসমেটাল এবং ওয়েন্ড মেটালের সংযোগস্থলে, অথবা বেসমেটাল বা ওয়েন্ড মেটালে যে চিড় ধরে তাকে ফাটল বলে। যে ফাটলগুলি খালি চোখে দেখা বার, তাদেরকে ম্যাক্রো ক্র্যাকিং এবং যে ফাটলগুলো খালি দেখা যায় না. মাইক্রোসকোপ এর সাহায্যে দেখতে হয়় সে ফাটলগুলিকে মাইক্রো ক্র্যাকিং বলে।






্ব অল্ল গলন ঃ

মূল ধাতুর সাথে ওয়েল্ড মেটালের বা ওয়েল্ড মেটালের পুরোপুরিভাবে মিশ্রণের অভাবকে অল্প গলন বলে। কাল দাগ দ্বারা দেখান হয়েছে যে, ওয়েল্ড মেটাল মূল ধাতুর সাথে মিশেনি।



• ধাতুমলের অন্তর্ভুক্তি ঃ

গলিত ওয়েল্ড যখন জমাট বাধে তখন তার অভ্যম্ভরে কোন কোন সময় ধাতুমল আটকে পড়ে একে ধাতুমলের অন্তর্ভুক্তি বলে।




• ছিদ্রময়তা ঃ

ওয়েল্ড শেষে ওয়েল্ড মেটালে অনেক সময় একাধিক ছোট ছোট ছিদ্র দেখা যায় একে ছিদ্রময়তা বলে। যখন এ ছিদ্রগুলো বড় মাপের অর্থাৎ প্রায় ২-৩ মিলিমিটার হয় তখন তাকে বোহোল বলে।



স্থল্প পেনিটেশন ঃ


ইলেকট্রোড গলে মূল ধাতুর অভ্যন্তরে যে পর্যন্ত প্রবেশ করা প্রয়োজন সে পর্যন্ত প্রবেশ না করলে তাকে স্বল্প পেনিট্রেশন বলে।




• উত্তর্ভ থাতু ছাড়ানো ঃ গুয়েন্ডিং করার সময় ইলেকট্রোড গলে জ্বোড়ার স্থানে না পড়ে তার চারপার্শে ছড়িয়ে পড়ে এটি ইংরেজিতে স্প্যাটার ফ্রেটি নামে পরিচিত।



আন্তার কটি ঃ
 বেস মেটাল কিংবা ওয়েন্ড মেটালের পার্শ্বদেশ আর্কের অভিরিক্ত উত্তাপে কেটে পেলে তাকে আতারকটি বলে।




পুড়ে বাওয়া ঃ
 আর্কের অভিরিক্ত উত্তাপে জ্যোড়াছানে পুড়ে গর্ভ হয়, ফলে গলিত ধাড়ু জ্যোড়া ছানে না জমে নিচে পড়ে বায়।
 এটিই পুড়ে যাওয়া ক্রটি।




• বিকৃতি ঃ

ওয়েন্ডিং এর সময় মূল ধাতৃটি অসমভাবে উত্তপ্ত এবং পরবর্তীতে ঠাপ্তা হওয়ার কারণে বেসমেটাল মোচড়ে কিংবা বেঁকে যায় একে বিকৃতি ক্রটি বলে।



ওভার স্যাপিং ঃ

মাত্রাতিরিক্ত ওয়েন্ড মেটাল যখন মূল ধাতুর উপর জমে থাকে তাকে ওভার ল্যাপিং বলে।



১৪.৩ দোষক্রটির কারণ ঃ

বিভিন্ন কারণে ওয়েল্ডিং এর দোষক্রটি হতে পারে, যেমন কারেন্ট এবং ভোল্টেজ এর মান সঠিকভাবে নির্বাচন করতে না পারা, মূল ধাতু ঠিকমত পরিষ্কার না করা, জোড়ার পার্শ্বদেশ ঠিকমত তৈরি করতে না পারা, ইলেকট্রোড এবং বেস মেটালের মাঝের কোণ ঠিক না হওয়া, ইলেকট্রোড চালানোর গতি ঠিক না হওয়া, ফ্লাক্স এবং ইলেকট্রোডে ময়লা থাকা প্রিহিটিং এবং পোস্টহিটিং না করা ইত্যাদি বহুবিধ কারণে ওয়েল্ডিং ক্রটি দেখা দেয়। নিম্নে বিভিন্ন প্রকার ক্রটির সম্ভাব্য কারণগুলো উলেখ করা হলো।

ক্রুটির ধরণ	ক্রেটির কারণ
ফাটল	১। জবের অংশসমূহের খুব বেশি দৃঢ়তা, অর্থাৎ জোড়াস্থান যখন খুব উত্তপ্ত ছিল
	তখন তা প্রসারিত হতে না পারা এবং সংকোচনের সময় সংকোচিত হতে না পারা।
	২। জোড়ার পার্শ্বদেশ প্রস্তুতি ঠিকমত না হওয়া।
	৩। ইলেকট্রোড চালানোর গতি বেশি হওয়া।
	৪। ইলেকট্রোডে হাইড্রোজেন এর পরিমাণ বেশি থাকা ইত্যাদি।
ধাতুমলের উপস্থিতি	১। বেসমেটাল ঠিকমত পরিষ্কার না থাকলে।
	২। ইলেকট্রোড বা ফ্লাব্সে ময়লা থাকলে।
ছিদ্ৰময়তা	১। ইলেকট্রোড কোটিং এ আদ্রতা থাকা।
	২। দ্রুত ওয়েন্ডিং করা।
	৩। মূল ধাতুতে ময়লা থাকা।
	৪। বেসমেটাল বা মূলধাতুতে সালফারের পরিমাণ বেশি হওয়া।
	৫। আর্ক দৈর্ঘ্য অতি ছোট বা বড় হওয়া ইত্যাদি।
উত্তপ্ত ধাতু ছড়ানো	১। কারেন্টের পরিমাণ বেশি হওয়া।
	২। আর্ক দৈর্ঘ্য বেশি হওয়া।
	৩। ইলেকট্রোডের ধরার কোণ ঠিক না হওয়া।
আন্ডার কাট	১। কারেন্টের পরিমাণ বেশি।
	২। ইলেকট্রোডের ব্যাস বেশি।
	৩। আর্ক দৈর্ঘ্য বেশি।
	৪। বেসমেটাল বা মূলধাতুতে মরিচা পড়া।
	৫। দ্রুত গতিতে ওয়েল্ডিং করা ইত্যাদি।
পুড়ে যাওয়া	১। কারেন্ট বেশি।
	২। অতি দীর্ঘ আর্ক।
	৩। ইলেকট্রোড অতি ধীরে চালানো ইত্যাদি।
বিকৃতি	১। অল্প ডায়ার ইলেকট্রোড।
	২। বেশি রান টানা।
	৩। খুব ধীর গতিতে ওয়েন্ডিং করা।
	৪। জোড়া প্রস্তুতি ঠিক না হওয়া (অর্থাৎ বা সঠিক মাপের হওয়া।
ওভার ল্যাপিং	১। কারেন্ট অতি কম হলে।
	২। ইলেকট্রোড এর ব্যাস বেশি হলে।
	৩। ওয়েন্ডিং এর গতি মন্থর হলে।
	৪। আর্ক অতি দীর্ঘ হলে ইত্যাদি।

১৪.৪ আর্ক ওয়েল্ডিং এর দোষক্রটির প্রভাব ঃ

আর্ক ওয়েল্ডিং এর উলিখিত দোষ ক্রটিগুলোর ফলাফল নিম্নে প্রদত্ত হলো ঃ

ক্রটির ধরণ	ফলাফল
ফাটল	ওয়েল্ড মেটাল এবং বেস মেটালে ফাটল দেখা দেয়, জোড়া দুর্বল এবং ক্ষেত্র বিশেষ অকেজো হয়।
অল্প গলন	বিট দেখতে অসমান হবে, অসুন্দর হবে এবং জোড়ার শক্তি কম হবে।
ধাতু মলের উপস্থিতি	জোড়া দুর্বল হয়, ক্ষেত্র বিশেষে অকেজো হয়।
ছিদ্রময়তা	ওয়েল্ড বিড দেখতে অসুন্দর হবে, জোড়ার শক্তি কম হবে।
স্বল্প পেনিট্রেশন	জোড়া দুর্বল হবে এবং এটি লিকপ্রুফ হবে না।
উত্তপ্ত ধাতু ছড়ানো	জোড়া দুর্বল হয়, জবের পৃষ্ঠদেশ অতি অসুন্দর হয়।
পুড়ে যাওয়া	গর্ত বিশিষ্ট জব হয়, লিক প্রুফ হয় না, শক্তি কম হয় এবং দেখতে অসুন্দর হয়।
বিকৃতি	জবের আকৃতি পরিবর্তন হয় এবং বেশি বিকৃতি হলে তা ব্যবহারের অনুপযুক্ত হয়।
ওভার ল্যাপিং	মেশিনিং খরচ বেশি হয়, মাপের সূক্ষতা থাকে না এবং জোড়ার শক্তি কম হয়।

১৪.৫ আর্ক ওয়েল্ডিং এর ক্রটিসমূহ এড়ানোর উপায় ঃ

নিম্নে আর্ক ওয়েন্ডিং এর বিভিন্ন দোষ ক্রটিসমূহ এড়ানোর উপায়সমূহ উলেখ করা হলো।

• বিকৃতি স্ট্রেস উপশম ঃ

প্রি-সেটিং স্টেপ ব্যাক মেথড এবং স্কিপ মেথড প্রয়োগ, জিগ ও ফিকচারের সাহায্যে কাজ সমাধা করতে হবে।

• স্লাগ ইনক্লুশন ঃ

ধাতু যথাযথ ও সুন্দরভাবে পরিষ্কার করতে হবে। সঠিক কোণে ইলেকট্রোড চালনা করে সঠিক কারেন্টে ওয়েল্ডিং কাজ সমাধা করতে হবে। সঠিক ইলেকট্রোড ব্যবহার করতে হবে এবং পূর্ববর্তী রানের স্পাগ সুন্দরভাবে পরিষ্কার করতে হবে।

• আন্ডার কাট ঃ

সঠিক তাপমাত্রায় কারেন্ট নিরূপণ ও সঠিক গতিতে ইলেকট্রোড চালনা করতে হবে।

• অসম্পূর্ণ পেনিট্রেশন ঃ

সঠিক জোড় প্রস্তুত করতে হবে, সঠিক পুরুত্বের ইলেকট্রোড ও সঠিক ধরনের ইলেকট্রোড এবং সঠিক কারেন্ট নির্বাচন করতে হবে। রুটে রানের গ্যাপ এর সাথে ইলেকট্রোডের ব্যাসের মিল থাকতে হবে। সঠিক গতিতে ইলেকট্রোডের চালনা করতে হবে এবং আর্ক লেংথ বজায় রাখতে হবে।

স্প্যাটার ঃ

সঠিক কারেন্ট নির্বাচন, সঠিক আর্ক দৈর্ঘ্য বজায় রাখা ও শুষ্ক ইলেকট্রোড ব্যবহার করতে হবে।

• কম গলা ঃ

অপেক্ষাকৃত বড় ব্যাসের ইলেকট্রোড ব্যবহার করা, সঠিক কারেন্টে ওয়েল্ডিং করা, সঠিক কোণ ও গতিতে ইলেকট্রোড চালনা করা, জোড় স্থান ভালোভাবে পরিষ্কার ও সঠিকভাবে ওয়েল্ডিং এর ধাপসমূহ বজায় রাখা।

• ব্রোহোল ঃ

ওয়েন্ডিং এর ধাপসমূহ ভালোভাবে পরিষ্কার করা, সঠিক কারেন্ট ও আর্ক লেংথ বজায় রাখা।

- পুড়ে ছেদ হওয়া ঃ সঠিক কারেন্ট নিরূপণ করা, সঠিক ইলেকট্রোড নির্বাচন করা এবং সঠিক আর্ক লেংথ ও ইলেকট্রোড গতি বজায় রাখা।
- ওভার ল্যাপ ঃ ঠিকমত কারেন্ট ব্যবহার করা, আর্ক লেংথ ছোট ও একই রাখা, ধাতু সুন্দরভাবে পরিষ্কার করা। সঠিক গতিতে ইলেকট্রোড চালনা করা। প্রয়োজনীয় সাইজের ইলেকট্রোড ব্যবহার করা।
- অতিরিক্ত উত্তল ও অবতল আকৃতি ঃ সঠিক পরিমাণ কারেন্ট ব্যবহার করা, সঠিক কোণে ইলেকট্রোড চালনা করা, ঠিক সাইজের ইলেকট্রোডের ব্যবহার করা।
- ছিদ্রময়তা ঃ কার্যবস্তু সুন্দরভাবে পরিষ্কার করা। শুষ্ক ইলেকট্রোড ব্যবহার করা, সঠিক কোণে ইলেকট্রোড চালনার গতি নিয়ন্ত্রণে রাখা, সঠিক কারেন্ট ব্যবহার করা।
- ফাটল ঃ সঠিক ইলেকট্রোডের ব্যবহার, সঠিক তাপমাত্রায় কারেন্ট নিরূপণ করা, ওয়েন্ডিং এর ধাপসমূহ সঠিকভাবে বজায় রাখা। ১ম রান টানার পরে সেটা ভালোভাবে পরিষ্কার করে ২য় রান টানতে হবে। ধাতু জোড়কে সর্বদা স্ট্রেসমুক্ত রাখতে হবে। কোথাও ফাটল দেখা দিলে উক্ত স্থান কর্তন করে নতুন করে জোড় প্রস্তুত করতে হবে। মনে রাখতে হবে ফাটল মেরামত যোগ্য ক্রটি নয়। এটি কর্তন করতে হবে।

প্রশ্নমালা-১৪

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। ওয়েল্ডিং ক্রটি বলতে কী বোঝায়?
- ২। ম্যাক্রো ক্র্যাকিং কাকে বলে?

সংক্ষিপ্ত প্রশ্ন

- ৩। পাঁচটি ওয়েল্ডিং ক্রটির নাম লেখ।
- ৪। স্প্যাটার ত্রুটির কারণ কী?

রচনামূলক প্রশ্ন

- ে। চিত্র অংকন করে আর্ক ওয়েল্ডিং এর ক্রটিগুলো সম্পর্কে লেখ।
 - (ক) আন্ডার কাট (খ) স্বল্প পেনিট্রেশন (গ) ওভার ল্যাপিং এবং (ঘ) ধাতুমলের অন্তর্ভুক্তি।
- ৬। উপরের ক্রটিগুলোর কারণ লেখ।

ওয়েন্ডিং অ্যান্ড ফেব্রিকেশন-১ নবম শ্রেণি ব্যবহারিক

প্রথম অধ্যায়

ওয়েন্ডিং ট্রান্সফরমারে প্রয়োজনীয় সরঞ্জাম সংযোগ

১.১ সঠিক ওয়েন্ডিং ক্যাবল নির্বাচন ঃ

ভার ঃ ইনসুলেশনের আবরণ ছাড়া পরিবাহী কডাক্টরকে তার বলে।

ক্যাবল ঃ তারের উপর ইনসুলেশনের আবরণ দেওরা থাকলে তাকে ক্যাবল বলে। তারের ইনসুলেশনের যত উনুতমানের হবে, ক্যাবলও তত উনুতমানের হবে। ওয়েন্ডিং জোড়ের ক্ষেত্রে উনুত মানের ক্যাবল ব্যবহার করতে হবে। নিমুমানের ক্যাবল ব্যবহারে বৈদ্যুতিক শক হওরার সম্ভাবনা থাকে।



हित १ ५.५

১.২ ঃ ইলেকট্রোড হোন্ডার নির্বাচন করতে পারবে।

বিভিন্ন কোম্পানি ভিন্ন ভিন্ন ডিজাইনের ইলেকট্রোড হোন্ডার বাজারে ছেড়েছে। কোনো হোন্ডারের ভিতরে
ছিদ্র থাকে। উক্ত ছিদ্র দিয়ে ইলেকট্রোডের আবরণবিহীন অংশ ঢুকাতে হয় আবার কোনটির চোয়াল থাকে,
তবে উক্ত চোয়ালে ঢুকাতে হয়।



ठिख ३ ১.२

১.৩ ক্যাবলের সাথে ইলেকট্রোড হোন্ডার সংযোগ ঃ

 ক্যাবলের যে অংশে হোন্ডার লাগানো হবে সে অংশের ইনসুলেশনের আবরণ সাবধানে অপসারণ করতে হয় । এক্ষেত্রে ইনসুলেশনের আবরণ সাবধানে করে হোন্ডারের নাট খুলে খুব মজবুত করে ক্যাবল সংযোগ দিতে হবে। মনে রাখতে হবে, বৈদ্যুতিক সংযোগ কখনও ঢিলা দেওয়া যায় না, এতে দুর্ঘটনা ঘটে। হোল্ডারের বাইরে উন্মক্ত তার রাখা যাবে না।



চিত্ৰ ঃ ১.৩

১.৪ ক্যাবলের সাথে আর্থ ক্র্যাম্প সংযোগ ঃ

হোল্ডারের সংযোগের ন্যায় এক্ষেত্রেও ক্যাবলের যে অংশ আর্থিং সংযোগ দেওয়া হবে সে অংশের ক্যাবলের ইনসুলেশন আবরণ অপসারণ করতে হবে। স্কু ড্রাইভার দিয়ে আর্থিং এর স্কু খুলে আর্থিং সংযোগ করতে হবে। আর্থিক সংযোগ ঢিলা থাকা চলবে না। এতে বিপদ হওয়ার সম্ভাবনা থাকে।




डि.८ ३ किवी

১.৫ ফেজ ও নিউট্রাল টার্মিনাল করা ঃ

টেস্টার দিয়ে কোন ফেজে বিদ্যুৎ আছে বা নেই চেক করেই ফেজ ও নিউট্রাল টার্মিনাল বের করা যায়।

১.৬ ট্রান্সফরমারে বিদ্যুৎ সংযোগ দিতে পারবে ঃ

মেইন সুইচ অফ করে ট্রান্সফরমারে বিদ্যুৎ সংযোগ দিতে হবে। ট্রান্সফরমারে যে দুইটি টার্মিনাল রয়েছে। একটিতে আর্থিং সংযোগ অন্যটিতে ওয়েন্ডিং ক্যাবল সংযোগ দিতে হবে। উভয় ক্ষেত্রে খেয়াল রাখতে হবে টিলা সংযোগ যেন না হয় কারণ এটা বিপজ্জনক। তবে ট্রান্সফরমার সংযোগের ক্ষেত্রে ইলেকট্রিশিয়ানের সাহায্য নেওয়া উচিত।



চিত্ৰ ঃ ১.৫

প্রশ্নমালা-১


- ১ ৷ ক্যাবল এবং তারের মধ্যে পার্থক্য কী?
- ২। ইলেকট্রোড হোল্ডার কী?
- ৩। কীভাবে ইলেকট্রোড হোন্ডার নির্বাচন করতে হয় উলেখ কর।
- ৪। ক্যাবলের সাথে হোন্ডারের সংযোগের বিবেচ্য বিষয় উলেখ কর।
- ৫। আর্থ ক্ল্যাম্প কী?
- ৬। কীভাবে ক্যাবলের সাথে আর্থ ক্ল্যাম্প সংযোগ করতে হয়? উলেখ কর।
- ৭। ফেজ ও নিউট্রাল টার্মিনাল বলতে কী বোঝায়?
- ৮। কীভাবে ফেজ ও নিউট্রাল শনাক্ত করা হয়? উলেখ কর।
- ৯। ফেজ নিউট্রাল টার্মিনাল, ইলেকট্রোড হোন্ডার ও আর্থ ক্যাবল সংযুক্তকরণ প্রক্রিয়া বর্ণনা কর।
- ১০। ট্রান্সফরমারের বিদ্যুৎ সংযোগ করার প্রক্রিয়া উলেখ কর।

দ্বিতীয় অধ্যায়

আর্ক সৃষ্টি ও তা বজায় রাখা


২.১ সারকেস প্রিপারেশনসহ ওরার্কপিস প্রস্তৃতি ঃ

৬ মিলিমিটার পুরু এবং ১৫০ মিলিমিটার লম্বা এবং ১০০ মিলিমিটার চওড়া এক খণ্ড এমএস পেট লও।



ठिख १ २.১

পেট হতে গ্রিজ অথবা তৈল জাতীয় পদার্থ মরিচা, ময়লা ইত্যাদি উত্তমরূপে পরিষার কর।



विव : २.२


- বাঁকা কিংবা মোচড়ানো কার্যবস্তু এনাভিলের উপর রেখে হাতুড়ির আঘাতে সোজা ও সমতল কর।
- পেটের ধার গ্রাইন্ডিং অথবা ফাইলিং করে ৯০° কর।



চিত্ৰ ঃ ২.৩

২.২ ওয়ার্কপিস সংযোগ করতে পারবে ঃ

কার্যবস্তু ক্ল্যাম্প কর। মেশিনের (+) টার্মিনাল কার্যবস্তুর সাথে এবং (-) টার্মিনাল ইলেকট্রোড হোল্ডারের সাথে সংযোগ কর (ডিসি মেশিনের বেলায়)



চিত্ৰ ঃ ২.৪

• এ.সি মেশিনের ক্ষেত্রে ইলেকট্রোড হোন্ডার এবং গ্রাউন্ড ক্যাবল যে কোন টার্মিনাল লাগান যায়।


২.৩ ইলেকটোড নির্বাচন ঃ

- ইলেকটোড নির্বাচনে বিবেচনা কর ঃ
- ওয়েন্ডিং এর অবস্থান
- মুলধাতুর গুণাগুণ
- মূল ধাতুর পুরুত্ব
- জোড এর ধরন



ष्टिव ३ २.৫

 সাধারণত পাতলা শিট ওয়েন্ডিং করতে রুটাইল ইলেকট্রোড যে সব ক্ষেত্রে অধিক শক্তির প্রয়োজন সেখানে বেসিক ইলেকট্রোড এবং অধিক পুরুত্বের স্টিল ওয়েন্ডিং এ আয়রন পাউডার ইলেকট্রিক ব্যবহৃত হয়।



व्यि ३ २.७

- ইলেকট্রোড নির্বাচনের বাঁধা ধরা তেমন কোন নিয়ম নেই তবে পারিপার্শ্বিক অবস্থা, ওয়েল্ডারের অভিজ্ঞতা এবং কাজের গুরুতানুযায়ী তা নির্বাচিত হয়।
- অধিক পুরুত্বের ধাতু ওয়েল্ডিং করতে অপেক্ষাকত বড় ব্যাস বিশিষ্ট ইলেকট্রোড ব্যবহৃত হয়।
- খরচ কম রাখার জন্য সম্ভাব্য সর্বোচ্চ ব্যাসের ইলেকটোড নির্বাচন করতে হবে।
- জোড় এর রুট রানের জন্য অপেক্ষাকৃত কম ব্যাস বিশিষ্ট ইলেকট্রোড নির্বাচন করতে হবে।

শিটের পুরুত্ব মিমি	ইলেকট্রোড ব্যাস মিমি	গেজ	
٧.٧	۵.৬	১৬	
২.০	২.০	78	
ર.૯	₹.€	১২	
೨. ೦	೨ .೦	20	
৬.০	8.0	ъ	
\$0.00	¢.0	৬	

- বাংলাদেশ অক্সিজেন লিঃ এর রুটাইল ইলেকট্রোড ফেরোম্পিড, ভরটিক মেরিন অথবা অরনিকন এর সিটোবেস্ট, ওভারকর্ড ৩.২৫-৪ মিমি নির্বাচন করা যায়।
- ইলেকটোড প্রস্তুতকারীর নির্দেশাবলি দেখে নির্বাচন করা যায়।

২.২ হোন্ডারে ইলেকট্রোড আটকানো ঃ

- ইলেকট্রোড হোল্ডারের লিভারে চাপ দিয়ে ইলেকট্রোড আটকাও। ইলেকট্রোডের ভালো বৈদ্যুতিক সংযোগ নিশ্চিত করার জন্য হোল্ডারের চোয়াল সর্বদা পরিষ্কার রাখবে।
- বাহুতে ঠেস দিয়ে ইলেকট্রোড হোল্ডার ধর, যেন সহজ আরামদায়কভাবে কাজ করা যায়। সম্ভব হলে ক্যাবল কাঁধে বা কাঁনুইতে জড়িয়ে নিবে, এতে ঝুলম্ভ ক্যাবল হতে সৃষ্ট অসুবিধা এড়ানো যাবে। চিত্র অনুযায়ী ইলেকট্রোড হোল্ডারে হালকাভাবে ধর। খুব শক্তভাবে ধরলে কম্পন হবে এবং তাড়াতাড়ি হাতে ক্রাপ্তি আসবে।



চিত্ৰ ঃ ২.৭

২৩ ঃ কারেন্ট লেট করা ঃ

- কারেট নিরূপণ করতে ইলেকটোডের ব্যাস মৃদ্য বিবেচ্য বিষয়। ইলেকটোডের ব্যাস বস্ত বড়, কারেট ও ডাড বেলি প্রয়োজন ক্রে। যেলিনের সুইচ জন কর এবং কারেট অ্যাডজান্ট কর।
- ইলেকট্রোভের প্রস্তুতকারকের নির্মেশাবলি অনুসরণ কর।
- প্রত্যেক ইলেকটোতের জন্য কারেন্টের উচ্চ ও নিমু ধাপ দেওরা থাকে।



किंदा ३.४

- থাভুর পুরুত্ব বিবেচনা কর, পাভলা থাড় ভরেজিং করতে কারেন্ট রেজ-এর নিব্ল বাপ। পুরু থাড় ভরেজিং
 করতে কারেন্ট রেজ এর উজ্জ্বান নির্বাচন কর।
- প্রেক্তিং এর অবস্থান ভেলে কারেট নিরুপিত হর।

২.৪ ব্যাকীশলে স্ট্রাইকিং পদ্ধতিতে আর্ক তৈরিঃ


— আর্ক স্ট্রাইক করার জন্য ইলেকট্রোড ৭০° কোপে এবং গেট হতে ২০ মিমি উপরে রাধ।



চিত্ৰ ঃ ২,৯


- চিত্রানুযায়ী পেট হতে ইলেকট্রোড ২০ মিমি উপরে উঠিয়ে আলতোভাবে ম্যাচের কাঠির ন্যায় আঘাত কর।
- আর্ক প্রজ্বলনের সঙ্গে সঙ্গে ইলেকট্রোডকে কার্যবস্তু হতে ২-৩ মিমি উপরে ধর।
- আর্ক প্রজ্বলিত অবস্থায় ইলেকট্রোড সরিয়ে যেখান হতে ওয়েন্ডিং করতে হবে সেখানে নিয়ে আসে।

২.৫ সঠিক আর্ক লেংথ নির্বাচন করতে পারবেঃ



हिंदा १ २.১०


- আর্ক লেংথ ইলেকট্রোডের কোর ব্যাসের সমান হবে।
- ইলেকট্রোড প্রতি মিনিটে ১০০ মিমি বেগে টান
- সঠিক আর্ক লেংথ
- ভালো বিড
- ভালো পেনিট্রেশন
- ভালো ওয়েন্ডিং এর নিশ্চয়তা দিবে
- ওয়েন্ডিং বিডের প্রস্থ, ইলেকট্রোড ব্যাসের ২ গুণ হবে।



- রানের মাঝে ইলেকট্রোড বদল করতে কিংবা বিরতির প্রয়োজন হলে ওয়েল্ড বিডের দিকে ইলেকট্রোড হেলিয়ে উঠাও এবং রানের মাঝে ধাতুমল পরিষ্কার কর।
- পুনরায় ওয়েন্ডিং শুরু করতে ক্র্যাটারেরর সামনে স্ক্রাইভ করে কিছুটা লম্বা আর্ক করে ইলেকট্রোড পিছনে
 নিয়ে আসা এবং আর্ক ছোট করে অপেক্ষাকৃত ধীর গতিতে ক্র্যাটার পূর্ণ করতে স্বাভাবিক গতিতে ওয়েন্ডিং
 কর।
- আর্ক অতি দীর্ঘ হলে আন্ডারকাট হবার সম্ভাবনা থাকে।

২.৬ সঠিক ওয়েল্ডিং স্পিড আরম্ভ করাঃ

— ওয়েল্ড স্পিড অতি বেশি হলে গলন ব্যাহত হবে ও ধাতু অমিশ্রিতি অবস্থায় বেস মেটালে পড়ে থাকবে।




চিত্ৰ ঃ ২.১২

- স্পিড অতি মন্থর হলে অনাবশ্যক বড় গলিত ধাতুর আধার সৃষ্টি করবে।
- ওয়েল্ড এর গতি স্বাভাবিক হলে সমভাবে বিষ্ণুত তরঙ্গ, মসুণ ওয়েল্ড এবং ভালো পেনিট্রেশন হবে।

২.৭ সঠিক অ্যাংগল নির্বাচনঃ

- ইলেকট্রোড এর সম্মুখ দিকে ৭০°-৮০° ঢাল এবং পার্শ্ব কোণ ৯০° রেখে ওয়েন্ডিং আরম্ভ কর।



চিত্ৰ ঃ ২.১৩

প্রশালা-২


- ১। সারফেস প্রিপারেশনসহ ওয়ার্কপিস প্রস্তুকরণ প্রক্রিয়া উলেখ কর।
- ২। ওয়ার্কপিস সংযোগকরণ উলেখ কর।
- ৩। ইলেকট্রোড নির্বাচন বর্ণনা কর।
- ৪। হোন্ডারে ইলেকট্রোড আটকানোর নিয়ম উলেখ কর।
- ৫। ধাতুর পুরুত্তের সাথে কারেন্ট সেটকরণ ব্যক্ত কর।
- ৬। ইলেকট্রোডকে ওয়ার্কপিসে স্ক্যাচিং পদ্ধতি বর্ণনা কর।
- ৭। সঠিক আর্ক লেংথ ও সঠিক ওয়েন্ডিং স্পিডের প্রয়োজনীয়তা বর্ণনা কর।
- ৮। ধাতু জোড়ের কালে সঠিক ইলেকট্রোড অ্যাংগেল এর গুরুত্ব উলেখ কর।

তৃতীয় অধ্যায়

সোজা ও ওভারঙ্গ্যাপিং বিড সমতঙ্গ অবস্থানে তৈরি করা


৩.১ ধরাকিপিস প্রস্তুত করাঃ

৬ মিলিমিটা পুরু এবং ৮০ মিলিমিটার প্রস্থ ১৬০ মিলিমিটার লঘা একখণ্ড মাইন্ড স্টিলের পেট নাও।




िए ३ छाउँ

তারের ব্রাশ দিয়ে ওয়ার্কপিসের উপর হতে ধূলি, মাটি এবং তৈল বা প্রিজ জাতীয় পদার্থ পরিকার কর।




- ওয়ার্কপিস বাকা থাকলে অ্যানভিলের উপর রেখে হাতৃড়ির আঘাতে সোজা কর।
- পেটের প্রান্তগুলো ফাইলিং বা গ্রাইন্ডিং করে ৯০° কর।
- পেটের কিনার হতে ১০ মিলিমিটার বাদ দিয়ে স্টিল রুল ও চক দিয়ে সোজা করে রেখা টানে।



৩.২ ওয়ার্কপিস সংযোগ করাঃ

- ডিসি ব্যবহার করলে ইলেকট্রোডকে নেগেটিভ প্রান্তে এবং জবকে পজেটিভ প্রান্তে যুক্ত কর। এটি স্ট্রেই পোলারিটি।
- এসি ব্যবহার করলে জবকে যে কোন প্রান্তে যুক্ত করতে পার।



ठिख १ ७.२

৩.৩ হোন্ডারের ইলেকট্রোড আটকানোঃ

- ভান হাতে ইলেকট্রোড হোন্ডার এবং বাম হাতে ইলেকট্রোড ধর।
- হোল্ডারের লিভারের উপর চাপ প্রয়োগ করে ফ্লাক্সের আবরণবিহীন স্থানটি হোল্ডারের চোওয়াল দুইটির
 মাঝে আটকাও।



চিত্ৰ ঃ ৩.৩

৩.৪ কারেন্ট সেট করাঃ

কারেন্ট নিরূপণের জন্য নিম্নের বিষয়গুলো বিবেচনা করতে হবে।


- যে ধাতৃকে ওয়েন্ডিং করা হচ্ছে তার পুরুত্ব।
- জোড়ার অবস্থান।
- ইলেকট্রোডের ব্যাস।



চিত্ৰ ঃ ৩.৪

৩.৫ বিড তৈরি সম্পন্ন করাঃ

- মেশিনের সুইচ অন কর।
- জবের সাথে ইলেকট্রোডকে ৭০° কোণে ধর।
- আর্ক সৃষ্টি কর।
- আর্কের দৈর্ঘ্য ৩ মিলিমিটার এর মধ্যে সীমাবদ্ধ রাখ।
- চকের দাগ অনুসরণ করে রান টান।
- একই গতিতে ইলেকট্রোড চালনা কর।
- পেটের শেষ প্রান্তে এসে রান টানা বন্ধ কর।
- একটি বিড টানা হলে অন্য দাগটি বরাবর পূর্বের নিয়মে আর একটি বিড টান এবং এভাবে অভ্যাস কর।
- চিপিং হ্যামার দিয়ে বিডের উপর হতে শগের আবরণগুলো তুলে ফেল।
- তারের ব্রাশ দিয়ে জোড়াকে পরিষ্কার কর।




চিত্ৰ ঃ ৩.৫

৩.৬ ওভার শ্যাপিং বিড তৈরি করাঃ

ইলেকট্রোড জবের সাথে ৭০° কোণে আর্ক সৃষ্টি কর এবং শর্ট আর্কে বিড টান।

একটি বিড টানা বলে সেটি চিপিং হ্যামার ও ব্রাশ দিয়ে পরিষ্কার করে দ্বিতীয়টি টান, নতুবা দুইটি বিডের
মাঝে শাগ আটকে থাকবে।


- সম্পূর্ণ পেট ভর্তি করে ওয়েন্ড কর।
- এবার পেটটি উল্টিয়ে অপর পার্শ্বে অনুরূপভাবে বিড টান।
- চিত্র অনুসারে ২য় স্তর ওয়েন্ডিং শেষ কর। প্রতিটি বিড শেষে শাগ ভালোভাবে পরিষ্কার করে পুরু প্যাড
 তৈরি কর।



हिन्दा : ७.७

৩.৭ বিড তৈরির সমর ও পরে পরীক্ষণঃ

- উপরের আড়াআড়ি টান বিডগুলো সমান কীনা?
- বিডগুলোর ওভার ল্যাপিং সমান কীনা?
- বিডগুলোর কোথাও অভিরিক্ত বা কম মাল জ্বমা হলো কীনা?
- বিডগুলোর মাঝে লাগ জ্বমে আছে কীনা?
- পাওয়ার 'স' দিয়ে জবটি কেটে কাটা ছান পরিকার করে দেখ ভিতরের দানার গঠন কেমন? শাগ বা গ্যাস
 পকেট রয়েছে কীনা?
- ফাইলিং বা গ্রাইন্ডিং করার পূর্বেই পাওয়ার 'স' দিয়ে কাটা স্থান দেখতে হবে, ফাইলিং করা হলে ক্রটিসমূহ
 শনাক্ত করা কন্তকর হয়।



চিত্ৰ ঃ ৩.৭

প্রশ্নমালা-৩


- ১। আর্ক ওয়েন্ডিং কালে সমতল অবস্থানে সোজা ও ওভার লাপিং বিড তৈরিতে সারফেন প্রিপারেশনসহ ওয়াকপিস প্রস্তুত প্রণালি বর্ণনা কর।
- ২। সোজা ও ওভার ল্যাপিং বিড তৈরির নিয়ম বর্ণনা কর।
- ৩। ওভার ল্যাপিং বিড তৈরির সময় ও পরে ওয়েন্ডিং এর কী কী শুণাবলি পরীক্ষা করতে হয়? ব্যক্ত কর।
- 8। পাওয়ার 'স' দিয়ে জব কাটার পর ফাইলিং না করার কারণ উলেখ কর।
- ৫। ওভার ল্যাপিং বিডে ইলেকট্রোডের কোণ ও গতি উলেখ কর।
- ৬। আর্ক লেংথ কত মিলিমিটার পর্যস্ত সীমাবদ্ধ রাখতে হয় এবং কেন?

চতুর্থ অধ্যায়

আর্ক ওয়েন্ডিং পদ্ধতিতে সমতল অবস্থানে স্কয়ার বাট জোড় তৈরি করা


৪.১ সারফেস প্রিপারেশনসহ ওয়ার্কপিস প্রস্তুত করাঃ

৬ মিলিমিটার পুরু এবং ৪০ মিলিমিটার ১৫০ মিলিমিটার মাপের দুইটি মাইল্ড স্টিল পেট লও।



চিত্ৰ ঃ ৪.১


পেট দুইটিকে তারের ব্রাশ, এমারি পেপার দিয়ে ভালোভাবে পরিষ্কার কর।



৪.২ ইলেকট্রাড নির্বাচন করাঃ


ইলেকটোড নিৰ্বাচনের জন্য নিচের বিষয়গুলোর বিবেচনা করতে হয়।

- কোন শাভুকে গুরেন্ডিং করতে হবে?
- ধাতুর গুরুত্ব কেমনঃ
- কোন ধরনের জোড়া?
- কোন অবস্থানে ওরেন্ডিং হবে?
- কোন ধরনের কারেন্ট (এসি অথবা ডিসি)




हिया : 8.2

বেশি পুরুত্বের পাতের জন্য মোটা ইলেকট্রোড এবং কম পুরুত্বের পাতের জন্য চিকন ইলেকট্রাড নিতে
হয় । এক্ষেরে উক্ত পুরুত্বের জন্য ১০ গেজি ইলেকট্রোড ব্যবহার করতে হবে ।




हिन्द ३ ह. ७



छिब : 8.8

৪.৩ ধরার্কপিস সংযোগ করতে পারাঃ

- ডিসি মেশিনে ওয়েন্ডিং করলে ওয়ার্কপিস নেগেটিভ প্রান্তে এবং ইলেকট্রোড পজেটিভ প্রান্তে যুক্ত কর।
 একে রিভার্স পোলারিটি বলে। অয় পুরুত্বের ধাতু জোড়ে এ পোলারিটি উপযুক্ত।
- এ.সি মেশিনে ধাতু জোড়ে যে কোন প্রান্তে ওয়ার্কপিস সংযোগ করতে পারা যায়।



छिब : 8.0

৪.৪ ইলেকট্রোড হোন্ডারে আটকানোঃ

- ডান হাতে ইলেকটোড হোন্ডার এবং বাম হাতে ইলেকটোড ধর।
- হোন্ডারের শিভারের উপর ডান হাতের বৃদ্ধাঙ্গুলি চাপ প্রয়োগ করে ইলেকট্রোডের ফ্লাক্সের আবরণ বিহীন স্থানটি হোন্ডারের চোয়াল দুইটির মাঝে আটকাও।
- ভালো সংযোগের জন্য হোন্ডারের চোয়াল দুইটি সর্বদা পরিষ্কার করে রাখতে হবে।



ठिव : 8.७

- 8.৫ কারেন্ট সেট করতে পারাঃ ধাতু জোড়ের সেট করা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। কারেন্ট বেশি সেট করা হলে যেমন সমস্যা সৃষ্টি হবে, তেমনি কারেন্ট কম সেট করা হলে ধাতু জোড়ে বিল্ল সৃষ্টি হবে। তাই কারেন্ট সেট করার ক্ষেত্রে নিম্নের বিষয়গুলো বিবেচনায় আনতে হবে।
 - যে ধাতুকে জ্ঞোড় দেওয়া হচ্ছে তার পুরুত্ব।
 - জোড়ার স্থান।
 - ইলেকট্রোডের ব্যাস।



िख 88.9


তবে এ কাজের জন্য ৯০° হতে ১০০ অ্যাম্পিয়ার কারেন্ট মেশিনে সেট কর। নিম্নের চার্ট হতে সঠিক কারেন্ট সেট করা যেতে পারে।


কাজের পুরুত্ (মিলিমিটারে)	ইলেকট্রোড কোর এর ব্যাস (মিলিমিটারে)	কারেন্ট (অ্যামপিরার)	ভোল্টেজ (ভোল্ট)
0,6	0.5	২০	26
٧.٧	۵.৬	99	26
७. ०	٥.0	के०	39
৬.০	8.0	220	7.
٥,٥٤	¢.0	200	79
٥.9٤	¢.¢	200	۶۶
٥,62	৬.০	7%&	২২
২৫.8	4. 0	২৯৫	22

ইলেকট্রোডের ব্যাস নির্বাচনের জন্য মূল ধাতৃর পুরুত্বের সাথে ৩ মিলিমিটার যোগ করে যোগফলকে ২
দিয়ে ভাগ করলে মোটামুটি ইলেকট্রোড-এর ব্যাস পাওয়া যাবে, কিন্তু ওয়ার্কপিসের পুরুত্ব খুব বেশি বা
কম হলে এ নিয়ম চলে না।

৪.৬ ওয়ার্কপিস ট্যাক করাঃ


• ওয়ার্কপিস দুইটিকে ১ মিলিমিটার থেকে ১.৫ মিলিমিটার ফাক করে পাশাপাশি রাখ। জবের সাথে ইলেকট্রোডকে ৭০° হতে ৮০° কোণে ধরে জবের দুই পার্শ্বে দুইটি এবং মাঝে একটি ট্যাক ওয়েন্ড কর।





৪.৭ ওয়েন্ড সম্পন্ন করাঃ

- ইলেকট্রোডকে জবের দূই পাশ হতে ৯০° কোণে এবং ওয়েন্ডিং-এর দিকে ওয়ার্কপিসের সাথে ৭০° হতে ৮০° কোণে ধর।
- সমগতিতে ও সম আর্ক লেংথ বজার রেখে ইলেকট্রোড চালনা কর।
- ওয়ার্কপিস শেষ পর্যন্ত ওয়েল্ড কর এবং ওয়ার্কপিসের শেষ প্রান্তে ইলেকট্রোড সামান্য সময়ের জন্য ধরে
 একট্র সামনে এনে ওয়েল্ড কাজ সম্পন্ন কর। এতে জোড় ক্রটি মুক্ত হবে।



চিত্ৰ ঃ ৪.১০

 ওয়ার্কশিস ঠাতা হলে জোড়াছাদের উপর হতে চিশিং হ্যামার এবং তারের ব্রাশের সাহায্যে শালের আবরণ পরিভার কর।




BE 18.55

৪,৮খরেডিং এর সময় ও পরে পরীকা করা।

ভৱেন্ডিং এর সময় তদারকি সর্বোভন, এতে ইলেকট্রোড চালনার গতি, আর্ক লেংখ, ইলেকট্রোডের জ্যান্তগল সঠিকভাবে করার রেখেছে কীনা ভা দেখা যায়। খাড়ু জোড়ের পর অবলোকন করা হলে দেখতে হবে।

- = বিভন্তনা সমান হয়েছে কীনাঃ
- আন্তার কটি আছে কীনাং
- গুরাকশিস স্টাটার মুক্ত কীনাং



क्वि । 8.34

প্রশ্নমালা-8


- 🕽 । স্কয়ার বাট জোড়ের কার্যবস্তু প্রস্তুত প্রণালি উলেখ কর।
- ২। স্কয়ার বাট জোডের কার্যবস্তু ট্যাককরণ ব্যক্ত কর।
- ৩। স্কয়ার বাট জোডের কার্যবস্তু ট্যাক করণের সময় লক্ষণীয় বিষয় উলেখ কর।
- ৪। স্কয়ার বাট জোড়ের সময় ও জোড় শেষে পরীক্ষণীয় বিষয়সমূহ বর্ণনা কর।
- ে। ওয়েল্ডিং-এর সময় ও পরে জোড়ের কী কী দেখতে হয় উলেখ কর।
- ৬। ওয়ার্কপিস ট্যাক করতে লক্ষণীয় বিষয়গুলো উলেখ কর।

পঞ্চম অধ্যায়


আর্ক ওয়েন্ডিং পদ্ধতিতে উল্লম্ব অবস্থানে সোজা বিড তৈরি করা

৫.১ সারকেস প্রিপারেশনসহ ওয়ার্কপিস প্রস্তুত করা ঃ

৫ মিলিমিটার পুরুত্ব এবং ১০০ মিলিমিটার ৩০০ মিলিমিটার মাপের দুই খণ্ড মাইল্ড স্টিলের পেট লও।




- পেট দুইটিকে তারের ব্রাশ এমারি পেপার দিয়ে ভালোভাবে পরিষ্কার কর।
- প্রাক্তগলি ফাইলিং বা গ্রাইন্ডিং করে পৃষ্ঠ দেশের সাথে ৯০° কোণে রাখ।
- চিত্র অনুষায়ী পাত দুইটির উপরের দিকে ফাইল দিয়ে বা গ্রাইন্ডং মেশিনে ৩০° কোণ তৈরি কর।
- নিচের রুট ফেসটির প্রক্রুত্ব প্রায় ১.৫ মিলিমিটারের মত রাখ।
- জোড়াটিকে এমনভঅবে স্থাপন কর যেন উপরের অংশে একটি 'ভি' ভৈরি হয় এবং এদের মাঝে রট গ্যাপ
 ১ হতে ১.৫ মিলিমিটার পর্যন্ত থাকে নতুবা ভালো পেনিট্রেশন হবে না।



৫.২ ইলেকট্রোড নির্বাচন করতে পারা ঃ

8.২ এর নিয়ম অনুসারে এই জবের জন্য ৮ গেজি ইলেকট্রোড ব্যবহার করতে হবে। তবে ধাতুর পুরুত্বের উপর নির্ভর করেই ইলেকট্রোড নির্বাচন করতে হয়।



৫.৩ ওয়ার্কপিস সংযোগ করতে পারা ঃ

(৪.৩ এর নিয়ম অনুসারে)

৫.৪ ইলেকট্রোড হোন্ডারে আটাতে পারা ঃ

(৪.৪ এর নিয়ম অনুসারে)


৫.৫ কারেন্ট সেট করতে পারা ঃ

(৪.৫ এর নিয়ম অনুসারে) এই জবের জন্য ১৩০ হতে ১৫০ অ্যাম্পায়ার কারেন্ট মেশিনে সেট করতে পার।




৫.৬ ওয়ার্কপিস ট্যাক করতে পারা

- কাজের সাথে ইলেকটোডকে ৭০° থেকে ৮০° কোণে ধর এবং ওয়ার্কপিসের দুই পৃষ্ঠ দেশের সাথে ৯০°
 কোণ বজায় রাখ।
- জবের দৃই পার্শ্বে দৃইটি এবং মাঝখানে একটি ট্যাক ওয়েন্ড কর।



৫.৭ ধরেন্ড জোড় সম্পন্ন করা ঃ

- জবকে ২° হতে ৩° কোণে ছাপন কর ওয়েল্ডিং-এর পর তা সঠিক অবস্থানে আসবে।
- প্রথম রান বা রুট রান টানার সময় রুটের সাথে ইলেকট্রোডকে ৭০° হতে ৮০° কোণে ধর এবং জবের
 দুই পৃষ্ঠদেশ হতে ইলেকট্রোডকে ৯০°কোণ ধর।
- কোনরূপ বুনন ছাড়া সম আর্ক লেংথ বজায় রেখে সম বুনন গতিতে ওয়ার্কপিসের শেষ প্রান্ত পর্যন্ত বিড
 টান এবং জোড়ের শেষ প্রান্তে সামান্য অপেক্ষা করে ওয়েল্ড সম্পন্ন কর।



- বিডের উর উপর হতে চিপিং হ্যামার ও ওয়্যার ব্রাশের সাহায্যে জ্বোড় স্থান ভালোভাবে পরিষ্কার কর।
- খানিকটা কারেন্ট বাড়িয়ে দিতীয় রান দিতে হয় এতে কোন জ্বোড়ে ক্রটি থাকলে সেরে যাবে।
- দ্বিতীয় রান থেকে খানকিটা বুনন কৌশলে ইলেকট্রোডের মাথাকে দুলিয়ে দুলিয়ে ফিলিং রানগুলো টান।
- ক্যাপিং রান বা শেষ রান টানার জন্য 'ভি' আকৃতির সামান্য অংশ ফাঁকা রাখ।
- ক্যাপিং রানটি টানার সময় বিডের দুই প্রান্ত বুনন কৌশল অবলম্বন কর। ইলেকট্রোড চালনার সময় জোড়ে
 মাঝে অপেক্ষা না করে জোড়ের দুই প্রান্তে সামান্য অপেক্ষা করে বিড টান। এতে আন্তার কাট হবে না
 এবং সুন্দর বিডের বাট জোড় হবে।



৫.৮ ওয়েন্ডিং এর সময় ও পরে পরীক্ষা কর ঃ

- জবের সাথে ইলেকট্রোডের কোণ ঠিক থাকে কীনা?
- আর্ক লেংথ এবং বুনন গতি সঠিক কীনা?
- বিডের মাঝে সঠিকভাবে জোড় শগমুক্ত হয়েছে কীনা?
- ওয়েন্ডিং পরে দেখতে হবে।
- জবের ক্যাপিং রানের বুনন ঠিক আছে কীনা?
- অতিরিক্ত ক্যাপিং রান করা হয়েছে কীনা?
- জব আন্তার কাট বা কপ্যাটার মুক্ত কীনা?
- জবের মধ্যে কনকেভ বা কনভেক্স অবস্থা আছে কীনা?
 জব স্লাগ মুক্ত কীনা?



প্রশ্নমালা-৫


- 🕽 । সমতল অবস্থানে সিঙ্গেল 'ভি' বাট জোড়ের নিমিত্তে কার্যবস্তু প্রস্তুত প্রণালি উলেখ কর।
- ২। পেনিট্রেশন ছাডা সিঙ্গেল 'ভি' বাট জোডের নিমিত্তে কারেন্ট সেটকরণ উলেখ কর।
- ৩। সিঙ্গেল 'ভি' বাট জোড ট্যাককরণ পদ্ধতি ব্যক্ত কর।
- ৪। ওয়েল্ডিং-এর সময় ইলেকট্রোড চালনার কৌশল বর্ণনা কর।
- ৫। ওয়েন্ডিং-এর সময় ও পরে পরীক্ষণীয় বিষয়সমূহ উলেখ কর।

ষষ্ঠ অধ্যায়


আর্ক ওয়েন্ডিং পদ্ধতিতে উল্লম্ব অবস্থানে বাট জ্বোড় তৈরি করা

৬.১ সারফেস প্রিপারেশনসহ ওয়ার্কপিস প্রস্তুত করা ঃ

৫ মিলিমিটার পুরুত্ব এবং ১০০ মিলিমিটার ৩০০ মিলিমিটার মাপের দুই খণ্ড মাইল্ড স্টিলর পেট লও।




- পেট দুইটিকে তারের ব্রাশ বা এমারি পেপার দিয়ে ভালোভাবে পরিষ্কার কর।
- প্রান্তগুলি ফাইলিং বা গ্রাইন্ডিং করে পৃষ্ঠ দেশের সাথে ৯০° কোণে রাখ।
- চিত্র অনুযায়ী পাত দুইটির উপরের দিকে ফাইল দিয়ে বা গ্রাইন্ডং মেশিলে ৩০° কোণ তৈরি কর।
- নিচের রুট ফেসটির পুরুত্ব প্রায় ১.৫ মিলিমিটারের মত রাখ।
- জ্ঞোড়াটিকে এমনভাবে স্থাপন কর যেন উপরের অংশে একটি 'ভি' তৈরি হয় এবং এদের মাঝে রট গ্যাপ ১
 হতে ১.৫ মিলিমিটার পর্বন্ধ থাকে নতুবা ভালো পেনিট্রেশন হবে না।



৬.২ ইলেকট্রোড নির্বাচন করতে পারা ঃ

(৪.২ এর নিয়ম অনুসারে এই জবের জন্য ৮ গেজি ইলেকট্রোড ব্যবহার করতে হবে। তবে ধাতৃর পুরুত্ত্বের উপর নির্ভর করেই ইলেকট্রোড নির্বাচন করতে হয়।



৬.৩ ওয়ার্কপিস সংযোগ করতে পারা ঃ

(৪.৩ এর নিয়ম অনুসারে)

৬.৪ ইলেকট্রোড হোন্ডারে আটাতে পারা ঃ

(৪.৪ এর নিয়ম অনুসারে)

৬.৫ কারেন্ট সেট করতে পারা ঃ

(৪.৫ এর নিয়ম অনুসারে) এই জবের জন্য ১৩০ হতে ১৫০ অ্যাম্পায়ার কারেন্ট মেশিনে সেট করতে পারা।




৬.৬ ওয়ার্কপিস ট্যাক করতে পারা

- কাজের সাথে ইলেকটোডকে ৭০° থেকে ৮০° কোণে ধর এবং ওয়ার্কপিসের দুই পৃষ্ঠ দেশের সাথে ৯০° কোণ বজায় রাখ।
- জবের দুই পার্শ্বে দুইটি এবং মাঝখানে একটি ট্যাক ওয়েন্ড কর।



৬.৭ একক শ্যাপ জ্বোড় সম্পন্ন করা ঃ

- জবকে ২° হতে ৩° কোণে স্থাপন কর ওয়েন্ডিং-এর পর তা সঠিক অবস্থানে আসবে।
- প্রথম রান বা রুট রান টানার সময় রুটের সাথে ইলেকট্রোডকে ৭০° হতে ৮০° কোণে ধর এবং জবের
 দুই পৃষ্ঠদেশ হতে ইলেকট্রোডকে ৯০° কোণ ধর।
- কোনরপ বুনন ছাড়া সম আর্ক লেংথ বজায় রেখে সম বুনন গতিতে ওয়ার্কপিসের শেষ প্রান্ত পর্বন্ত বিড
 টান এবং জাড়ের শেষ প্রান্তে সামান্য অপেক্ষা করে ওয়েল্ড সম্পন্ন কর।



- বিদ্যের উর উপর হতে চিপিং হ্যামার ও ওয়্যার ব্রাশের সাহায্যে জ্বোড় স্থান ভালোভাবে পরিষ্কার কর।
- খানিকটা কারেন্ট বাডিয়ে দ্বিতীয় রান দিতে হয় এতে কোন জোডে ক্রটি থাকলে সেরে যাবে।
- দিতীয় রান থেকে খানকিটা বনন কৌশলে ইলেকটোডের মাথাকে দলিয়ে দলিয়ে ফিলিং রানগুলো টান।
- ক্যাপিং রান বা শেষ রান টানার জন্য 'ভি' আকৃতির সামান্য অংশ ফাঁকা রাখ।
- ক্যাপিং রানটি টানার সময় বিডের দুই প্রান্ত বুনন কৌশল অবলম্বন কর। ইলেকট্রোড চালনার সময় জোড়ে
 মাঝে অপেক্ষা না করে জোড়ের দুই প্রান্তে সামান্য অপেক্ষা করে বিড টান। এতে আভার কাট হবে না
 এবং সুন্দর বিডের বাট জোড় হবে।




৬.৮ ওরেন্ডিং এর সময় ও পরে পরীক্ষা কর ঃ

- জবের সাথে ইলেকট্রোডের কোণ ঠিক থাকে কীনা?
- আর্ক লেংথ এবং বুনন গতি সঠিক কীনা?
- বিডের মাঝে সঠিকভাবে জ্বোড় শাগমুক্ত হয়েছে কীনা?
- ব্য়েন্ডিং পরে দেখতে হবে।
- জবের ক্যাপিং রানের বুনন সঠিক আছে কীনা?
- অতিরিক্ত ক্যাপিং রান করা হয়েছে কীনা?
- জব আন্ডার কাট বা কপ্যাটার মুক্ত কীনা?
- জবের মধ্যে কনকেভ বা কনভেক্স অবস্থা আছে কীনা?

• জব শাগ মৃক্ত কীনা?

Cracks 3.1



প্রশ্নমালা-৬


- ১। সমতল অবস্থানে সিলেল 'ভি' বাট জোড়ের নিমিন্তে কার্যবন্ত প্রস্তুত প্রণালি উলেখ কর।
- ২। পেনিট্রেশন ছাড়া সিঙ্গেল 'ভি' বাট জ্লোড়ের নিমিত্তে কারেন্ট সেটকরণ উলেখ কর।
- ৩। সিঙ্গেল 'ভি' বাট জোড় ট্যাককরণ পদ্ধতি ব্যক্ত কর।
- ৪। ওয়েন্ডিং-এর সময় ইলেকট্রোড চালনার কৌশল বর্ণনা কর।
- ৫। ওয়েন্ডিং-এর সময় ও পরে পরীক্ষণীয় বিষয়সমূহ উলেখ কর।

সপ্তম অধ্যায়


আর্ক ওয়েন্ডিং পদ্ধতিতে সমতলে একাধিক রানের ল্যাপ জোড় তৈরি করা

৭.১ সারকেস প্রিপারেশনসহ ওয়ার্কপিস প্রস্তুত করা ঃ

৬ মিলিমিটার পুরু এবং ১০০ মিলিমিটার
 ৩০০ মিলিমিটার মাপের দুই খণ্ড মাইল্ড স্টিল পেট লও।




- পেট বাঁকা থাকলে এনভিলের উপর রেখে হাতুড়ি দিয়ে পিটিয়ে সোচ্চা কর।
- ভালোভাবে গ্রাইন্ডিং মেশিনের সাহায্যে গ্রাইন্ডিং করে ধারসমূহ সোজা করে ওয়ার্কপিস প্রস্তুত কর।
- ওয়ার ব্রাশ বা এমারি ক্লথ দিয়ে পেট দুইটি পরিয়ার কর।
- একটি পেটের মাঝখানে স্টিল রুল এবং জ্ঞাইবার ব্যবহার করে দাগ দাও যেন ঐ দাগের উপর অপর পেট রেখে জ্যোডা তৈরি করা যায়।



৭.২ ইলেকটোড নিৰ্বাচনঃ

সঠিক পরিমাপের ইলেকট্রোড মান ওয়েন্ডিং এর পূর্বশর্ত। ৪.২ এর চার্ট করে ইলেকট্রোড নির্বাচন করতে পার, তবে এক্ষেত্রে ধাতুর পুরুত্ব অনুসারে ৩.২ মিনি ব্যাসের ইলেকট্রোড বেছে নাও।



৭.৩ ওরার্কপিস সংযোগ করতে পারাঃ

পেটের পার্শ্বদ্ধর পরিষ্কার ও স্কাইবার ও স্টিলরুলের দাগ দেওয়ার পর একটি পেট অপর পেটের উপর এমনভাবে স্থাপন করতে হবে যাতে পেটের ধার অপর পেটের উপর সমকোণী ভাবে অবস্থান করে। উপরের পেটের অপর পার্শ্বে অর্থাৎ যে পার্শ্ব নিচের পেটের বাইরে আছে সে পার্শ্বের নিচে একটি লোহার পাত দাও, যাতে উভয় পার্শ্ব সমতলভাবে অবস্থান করে।

৭.৪ ইলেকটোড হোন্ডারে অটকাতে পারাঃ

ডান হাতে হোল্ডার ধরে হোল্ডারের লিভারে বৃদ্ধাঙ্গুলি দিয়ে চাপ দিয়ে ফাঁক কর। ইলেকট্রোডের যে অংশ কোটিং থাকে না সে অংশ বাম হাত দিয়ে হোল্ডারের ফাঁকে ঢুকাও। এবার হোল্ডারের ক্ল্যাম্প ছেড়ে দিয়ে শক্তভাবে হোল্ডারের সাথে ইলেকট্রোড আটকাও। মনে রাখতে হবে ইলেকট্রোড যেন কোন ভাবে লুজ না থাকে। ভালোভাবে যাচাই করে সঠিকভাবে ইলেকট্রোড লাগিয়ে কার্য উপযোগী কর।



৭.৫ কারেন্ট সেট করাঃ

পেটের পুরুত্ব অনুসারে কারেন্ট সেট করতে হবে। ৪.৫ এর চার্ট হতে পুরুত্ব অনুসারে কারেন্ট নিরূপণ কর। ৬ মিমি পুরু পেটের জন্য ১১০ হতে ১৩০ অ্যাম্পিয়ার সেট করে লক্ষ কর বেসমেটাল এবং ইলেকট্রোড গলছে কীনা। যদি না গলে তবে কারেন্টের পরিমাণ আরও বাড়াও।



৭.৬ ওয়ার্কপিস ট্যাক করাঃ

ষে পেটটির উপর দাগ টানা হয়েছে ঐ দাগ বরাবর অপর পেটটি রাখ।


- পেট দুইটির সংযোগস্থল দুই পার্শ্বে দুইটি এবং মাঝখানে একটি ট্যাক ওয়েন্ড কর।
- জবের দৈর্ঘ্য অনুসারে ২-৩ টি ট্যাক ওয়েন্ড কর। ট্যাক ওয়েন্ডকে জ্বোড়ের প্রস্তুতিও বলা হয়।



৭.৭ একাধিক রানের ওয়েন্ড সম্পন্ন করাঃ

সমতল পেটটির সাথে ইলেকট্রোড ৪৫° কোণে ধর এবং পেট দুইটির সংযোগ স্থল হতে ৯০° কোণে ধরে রান টানতে থাক।

- ইলেকট্রোডের ব্যাস অনুসারে আর্কের দৈর্ঘ্য প্রায় ৩ মিনি রক্ষা করতে চেষ্টা কর।
- ইলেকট্রোড চালনার গতি সব সময় একই রাখ।
- পেট দুইটির সংযোগস্থল বরাবর ইলেকট্রোড চালনা কর। সংযোগস্থল হতে দূরে ইলেকট্রোড চালনা করে
 একটি পেটের উপর ওয়েল্ড মেটাল বেশি জমা হবে। অপর পেটটি গলবে না বা মেটাল জমবে না। যার
 ফলে জোড়া লাগবে না।
- চিপিং হাতুড়ি দিয়ে শাগের আবরণ তোলার পর তারের ব্রাশ দিয়ে জোড়া স্থান উত্তমরূপে পরিষ্কার কর।




৭.৮ ওয়েন্ডিং এর সময় ও পরে পরীক্ষা করাঃ

ওয়েন্ডিং জোড়ের সময় লক্ষণীয় বিষয়গুলো হলো

- ইলেকট্রোড অ্যাংগেল সঠিক রাখছে কীনা?
- আর্ক লেংথ সঠিকভাবে বজায় রাখতে পারছে কীনা?
- ইলেকট্রোড চালনার গতি সমভাবে হচ্ছে কীনা?

Cracks 3.1



খাতু জোড়ের পর লক্ষ্ণীয় বিষয়গুলো হলোঃ

- বিডটি পেট দুইটির সংযোগ স্থলে টানা হয়েছে কীনা?
- ওয়েল্ডের লেগ লেংথ সমান আছে কীনা?
- ধয়েন্ডিং পেটের কোন আকৃতি পরির্তন হয়েছে কীনা?
- ভাইসে বেঁধে ওয়েভিং-এর উপর চাপ দিয়ে যদি জ্বোড়া খুলে যায়, তাহলে বুঝা যাবে ভালো পেনিট্রেশন
 হয়।
- মৃল ধাতু না গলে যদি ইলেকট্রোড গলে ওভার ল্যাপ হয়ে থাকে তাহলে বুঝবে ওয়েল্ডিং ভালো হয়নি।

প্রশ্নমালা-৭


- ১। সারফেস প্রিপারেশনসহ ওয়ার্কপিস প্রস্তুতিকালের করণীয়সমূহ বর্ণনা কর।
- ২। ইলেকট্রোড হোন্ডারে আটকানোর নিয়ম উলেখ কর।
- ৩। ল্যাপ জ্বোড় সম্পন্ন করার ধাপসমূহ বর্ণনা কর।
- ৪। ধাতু জোড়ের সমর ও পরে লক্ষণীর বিষয়সমূহ উলেখ কর।
- ৫। ওয়ার্কপিস ট্যাককরণের ধাপসমূহ উলেখ কর।
- ৬। কারেন্ট সেট করতে লক্ষণীয় বিষয়গুলো উলেখ কর।

অষ্ট্রম অধ্যায়


আর্ক ওয়েন্ডিং পদ্ধতিতে সমতল অবস্থানে আউট সাইড কর্নার জোড় তৈরি করা

৮.১ সারকেস প্রিপারেশনসহ ওয়ার্কপিস প্রস্তুত করা ঃ


– ৬ মিলিমিটার পুরু এবং ৫০ মিলিমিটার ১৬০ মিলিমিটার মাপের দুই খণ্ড মাইল্ড স্টিলের পেট লও।



তারের ব্রাশ বা এমারি ক্রথ দিয়ে পেট দুইটি পরিকার কর।



- পেট বাঁকা থাকলে অ্যানভিলের উপর রেখে হাতুড়ির আঘাতে সোজা কর।
- একটি পেটের মাঝে ক্রাইবার এক স্টিল ক্ষেল ব্যবহার করে দাগ টান।



৮.২ঃ ইলেকটোড নিৰ্বাচন ঃ

(৬.২ এর অনুরূপ)

৮.৩ঃ ওরার্কপিস সংযোগ করা ঃ

(৬.৩ এর অনুরগ)

৮.৪ : ইলেকটোড হোকারে অটকানো :

(৬.৪ এর অনুরূপ)

৮.৫ঃ কারেন্ট সেট করা ঃ

(৬.৫ এর অনুরূপ)


৮.৬ঃ ওরার্কিসন ট্যাক ওরেন্ড করা :

- যে পাতটির মাঝখানে গাদ টানা হয়েছে, উক্ত দাগের অপর পাতটি ৯০° কোপে খাড়া করে রাখ।
- ইলেকট্রোড নিচের পাতটির সাথে ৩০° হতে ৪৫° কোলে ধরে ট্যাক গুয়েন্ড কর।
- ট্যাক ওরেল্ড ৮ মিলিমিটার হতে ১০ মিলিমিটর লখা হতে পারে।
- এরূপ ট্যাক গুরুন্ত ২ প্রান্তে দুটি এবং মাঝে একটি কর।



৮.৭ একক রানের ওয়েন্ড সম্পন্ন করা ঃ

- ইলেকট্রোডকে নিচের পেটের সাথে ৩০°-৪০° কোণে ধর এবং জোড়ের দিকে ৭০°-৮০° কোণে ধর।
- আর্কের দৈর্ঘ্য ও ৩ মিলিমিটার রক্ষা করে অত্যন্ত সাবধানে রান টান এবং শেষ প্রান্তে ক্ষণিকের জন্য ইলেকট্রোড ধরে রাখ এবং আর্ক বন্ধ কর।
- ইলেকট্রোড চালনার গতি সমান রাখ।
- ইলেকট্রোডের গতি অধিক দ্রুত বা মন্থ্র যেন না হয় খেয়াল রাখ।
- ওয়েন্ডিং শেষে চিপিং হ্যামার দিয়ে জ্বোড় স্থান হতে শাগের আবরণ তুলে ফেল।
- তারের ব্রাশ দিযে উত্তম রূপে জ্বোড় স্থান পরিষ্কার কর।




৮.৮ খরেন্ডিং এর সময় ও গরে গরীক্ষণ করা।

প্রয়েন্ডিং এর সময় দেখতে হবে।

- আর্ক লেংখ সঠিকভাবে বজায় রাখে কীনা?
- ইলেকটোডের কোণ ঠিক থাকে কীনা?
- ইলেকটোড চালনার গতি ঠিক আছে কীনা?
- প্রেক্টিং এর পরে পরীক্ষাণীয় বিধায়
- লেগ লেংথ ঠিক আছে কীনা?
- আন্তার কাট দেখা যায় কীনা?
- বিভের মাঝে শার্গ দেখা যায় কীনা?
- পেট দুইটির মাবে ৯০° কোণ ঠিক আছে কীনা? ট্রাই ক্ষয়ার দিয়ে পরীক্ষা করে দেখ।

Cracks 3,1



প্রশ্নমালা-৮

- ১। সমতল অবস্থানে একক রানের টি-জোড় তৈরিতে সারফেন প্রিপারেশনসহ ওয়ার্কপিস প্রস্তুত প্রণালি বর্ণনা কব।
- ২। টি-জোডের নিমিত্তে ট্যাক ওয়েল্ড-এর প্রণালি উলেখ কর।
- ৩। টি-জোড়ের সময় ইলেকট্রোড অ্যাংগেল, আর্ক লেংথ, ইলেকট্রোড চালনার গতি বর্ণনা কর।
- ৪। টি-জোডের সময় ও পরে পরীক্ষণ প্রক্রিয়া উলেখ কর।
- ে। ওয়ার্কপিস ট্যাক ওয়েন্ডিং নাম উলেখ কর।
- ৬। একক রানের টি-জোড়ের ওয়েল্ডিং-এর নিয়ম কানুন উলেখ কর।

নবম অধ্যায়

আর্ক ওয়েন্ডিং পদ্ধতিতে সমতলে অবস্থানে একাধিক রানের টি-জোড় তৈরি করা

৯.১ সারফেন প্রিপারেশনসহ ওয়ার্কপিস প্রস্তুত কর।

- ৬ মি মি পুরু এবং কমপক্ষে
 ৫০ মিমি ২০০ মিমি দুই খণ্ড এমএস পেট লও।
- কার্যবস্তু প্রস্তুতি
 ৮.১ এর অনুরূপ
- ৯.২ ইলেকট্রোড নির্বাচন করা।

(৬.২ এর অনুরূপ)

৯.৩ ওয়ার্কপিস সংযোগ করা।

(৬.৩ এর অনুরূপ)

৯.৪ ইলেকট্রোড হোন্ডারে আটকানো ঃ

(৬.৪ এর অনুরূপ)

৯.৫ কারেন্ট সেট করা ঃ

(৬.৫ এর অনুরূপ)

৯.৬ ওয়ার্কপিস ট্যাক ওয়েন্ড করা ঃ

(৮.৬ এর অনুরূপ)

৯.৭ একাধিক রান ওয়েল্ড সম্পন্ন করা ঃ

- ইলেকট্রোডকে নিচের পেটের সাথে ৩০°-৪০° কোণে ধর এবং পেটের দৈর্ঘ্য বরাবর ৭০°-৮০° তে ধর।
- পূর্বের ন্যায় ইলেকট্রোডের কোণ ও আর্ক লেংথ ঠিক রেখে রুট রানটি টান।
- ১ম রানের পর স্গ ভালোভাবে চিপিং হ্যামার ও ওয়ার ব্রাশ দিয়ে পরিষ্কার কর।
- দ্বিতীয় রানের জন্য ইলেকট্রোড পেটের সঙ্গে ৬০° কোণে ধর।
- প্রত্যেক রানের জন্য ইলেকট্রোডের কোণ পেটের দৈর্ঘ্য বরাবর ওয়েন্ডিং এর দিকে ৭০°-৮০° রাখ।
- একই গতিতে ইলেকট্রোড চালনা কর।
- আর্ক লেংথ অপরিবর্তিত রাখ, আর্ক লেংথ খুব বড় হলে কিংবা অত্যাধিক কারেন্ট হলে আন্ডার কাট হবে।

- কার্য বস্তুর শেষ প্রান্ত পর্যন্ত ওয়েরত করে দ্বিতীয় রান সম্পন্ন কর।
- শাগ চিপিং কর এবং কয়েল এলাকা ব্রাশ কর, তৃতীয় শেষ রান ওয়েন্ড করতে।
- ইলেকট্রোড পেটের পার্শ্বের সঙ্গে ৩৫°-৪০° কোণে এবং পেটের দৈর্ঘ্য বরাবর ৭০°-৮০° কোণে ধর।
- ইলেকট্রোড চালনার গতি ও আর্ক লেংথ দ্বিতীয় রানের অনুরূপ।
- কার্যবস্তু শেষ প্রান্ত পর্যন্ত করে শেষ প্রান্তে ক্ষণিকের জন্য অপেক্ষা করে তৃতীয় রান সমাপ্ত কর।
- শাগ চিপিং কর এবং ওয়েন্ড এলাকা পরিষ্কার কর।



৯.৮ ওয়েন্ডিং-এর সময় ও পরে পরীক্ষা করা ঃ

ওরেন্ডিং এর সময় ভালোভাবে তদারকি করা হলে দোষ কুটি পাওয়া যায় এবং প্রতিরোধ করা যায়। ওয়েন্ডিং এর সময় লক্ষণীয়ঃ


- ইলেকট্রোড চালনার গতি ও কোণ ঠিক আছে কীনা?
- আর্ক লেংথ সঠিকভাবে বজায় রাখতে পারে কীনা?
- প্রতি রানের মাঝে বজকে শাগ মুক্ত করে কীনা?

ওরেন্ডিং সম্পন্ন হওরার পরঃ

- আভার কাট হয়েছে কীনা?
- পেটের কোণ ৯০° ঠিক আছে কীনা?

- লেগ লেংথ ঠিক আছে কীনা?
- বিডগুলোর মধ্যে সমন্বয় আছে কীনা?

Cracks 3.1



প্রশ্নমালা-৯


- ১। একাধিক রানের টি-জোড়ের ওয়ার্কপিস প্রস্তুত প্রণালি উলেখ কর।
- ২। একাধিক রানের টি-জোড়ের ওয়ার্কপিস ট্যাককরণ ব্যক্ত কর।
- ৩। একাধিক রানের টি-চ্ছোড়ের প্রথম বিডের অবস্থান ব্যক্ত কর।
- ৪। একাধিক রানের টি-জোড়ে বাকি রানসমূহের অবস্থান উলেখ কর।
- ৫। ইলেকট্রোড, অ্যাংগেল, ইলেকট্রোড চালনার গতি ও আর্ক লেংথ বর্ণনা কর।
- ৬। ওয়েন্ডিং সময় ও পরে ওয়েন্ডিং পরীক্ষণ উলেখ কর।

দশম অধ্যায়


আর্ক ওয়েন্ডিং এ সিঙ্গেল ভি বাট জোড় ওয়েন্ড (আনুভূমিক অবস্থানে/১জি)

১০.১ সারফেস প্রিপারেশনসহ ওয়ার্কপিস প্রস্তুত করা ঃ


- ১০-১২ মিমি পুরু এবং কমপক্ষে ৬০ মমি ২০০ মিমি দুই খণ্ড এমএস পেট লও।



- কার্য বস্তুর প্রান্তদেশ গ্রাইন্ডিং এবং ফাইলিং করে ৯০° কোণে প্রস্তুত কর।




- ওয়্যার ব্রাশ দিয়ে ভালোভাবে পরিস্কার কর।



১০.২ ইলেকট্রোড নির্বাচন করা ঃ

- ইলেকট্রোড নির্বাচনের বাঁধা ধরা তেমন কোন নিয়ম নেই, তবে পারিপার্শ্বিক অবস্থা, ওয়েন্ডারের অভিজ্ঞতা এবং কাজের শুরুত্বানুযায়ী তা নির্বাচিত হয়।
- অধিক পুরুত্ত্বের ধাতু ওয়েন্ডিং করতে অপেক্ষাকৃত বড় ব্যাস বিশিষ্ট ইলেকট্রোড ব্যবহৃত হয়।
- খরচ কম রাখার জন্য সম্ভাব্য সর্বোচ্চ ব্যাসের ইলেকট্রোড নির্বাচন করতে হবে।
- জোড় এর রুট রানের জন্য অপেক্ষাকৃত কম ব্যাস বিশিষ্ট ইলেকট্রোড নির্বাচন কর।
- এক্ষেত্রে ১০ গেজি বা ৩.২ মিমি ব্যাসের ইলেকট্রোড ব্যবহার কর।



১০.৩ ওয়ার্কপিস সংযোগ করা ঃ

(৬.৩ এর অনুরূপ)

১০.৪ঃ ইলেকট্রোড হোন্ডারে আটকানো ঃ

(৬.৪ এর অনুরূপ)

১০.৫ঃ কারেন্ট সেট করা ঃ

(৬.৫ এর অনুরূপ)


১০.৬ সিকেল ভি করতে পারা ঃ

- পেনিট্রেশনের জন্য প্রায় ১.৫ মিমি রুট গ্যাপ রাখ।
- চিত্রানুযায়ী পাত দুইটির দুই প্রান্তে এবং মাঝে একটি ট্যাক ওয়েল্ড কর।
- কার্যবস্তুকে অভিরিক্ত ২°-৩° কোণে প্রি-সেট কর, যেন ওয়েন্ডিং করার পর তা ৯০° হয়।
- ট্যাকের উত্তর অংশ চিচ্চেল ও হ্যান্ড গ্রাইন্ডার দারা গ্রাইন্ডিং কর।




১০.৭ ওয়ার্কপিস ট্যাক ওয়েন্ড করা ঃ

- যে পাতটির মাঝখানে দাগ টানা হয়েছে, উক্ত দাগের অপর পাতটি ৯০° কোণে খাড়া করে রাখ।
- ইলেকট্রোড নিচের পাতটির সাথে ৩০° হতে ৪৫° কোণে ধরে ট্যাক ওয়েন্ড কর।
- ট্যাক ওয়েন্ড ৮ মিলিমিটার হতে ১০ মিলিমিটর লম্বা হতে পারে।
- এরূপ ট্যাক ওয়েল্ড ২ প্রান্তে দুইটি কর।



১০.৮ ওয়েন্ড সম্পন্ন করতে পারা ঃ

- ইলেকট্রোডকে পার্শ্বের সাথে ৪৫° কোণে রাখি।
- ইলেকট্রোড ঢাল ওয়েন্ডিং লাইন বরাবর ৭০°-৮০° কোণে রেখে রুট রান টানতে আরম্ভ কর।
- কার্যবস্তুর শেষ পর্যন্ত ওয়েল্ড করে প্রথম রান (রুট রান) সম্পন্ন কর।
- স্পাগন্তলো চিপিং কর এবং ওয়্যার ব্রাশ দিয়ে ভালোভাবে পরিষ্কার কর।
- দ্বিতীয় এবং পরবর্তী ফিলিং রানসমূহ ওয়েল্ড কর।
- কিছুটা বুনন প্রক্রিয়ায় ওয়েল্ড কর এবং প্রত্যেক প্রান্তে ক্ষণিকের জন্য থাম।
- সঠিক আর্ক লেংথ বজায় রাখ।
- প্রত্যেক রানের জন্য ইলেকট্রোড পেটের পার্শ্বের সাথে ৪৫° কোণ এবং ওয়েল্ডিং এর দিকে ৭০°-৮০° কোণ বজায় রাখ।
- পুরু পেটের জন্য একাধিক রানের ওয়েন্ড কর।
- সর্বশেষ রান অর্থাৎ ক্যাপিং রান ওয়েল্ড করতে ইলেকট্রোড রেডিয়াল বুনন প্রক্রিয়ায় চালনা কর।
- ইলেকট্রোড ঘারা কেবলমাত্র ফিউশন ফেসের ধার স্পর্শ কর।
- উপরের পৃষ্ঠ উত্তল আকৃতিতে ওয়েন্ড কর।
- বৃত্তাকার গতিতে ইলেকট্রোড চালনা করে রান শেষ কর এবং স্পাগ পরিষ্কার কর।




১০.৯ ওরেন্ডিং এর সমর ও পরে পরীক্ষা করা :

কথার বলে Prevention is better than Cure অর্থাৎ প্রতিরোধ সর্বোত্তম পস্থা। তাই জ্যোড় করার সময় বিদি ভালো তদারকি করা হয়, তবে ক্রটি বিচ্যুতি অনেক বেশি ধরা পড়ে। বা নিরাময় করা সম্ভব হয়। জ্যোড়ের সময় দেখতে হবেঃ

- ইলেকট্রোডের কোণ ঠিক আছে কীনা?
- ইলেকট্রোড চালনার গতি ঠিক আছে কীনা?
- আর্ক লেংখ সঠিকভাবে বন্ধায় রেখেছে কীনা?
- রানের বিডের বুননগুলো টিকমত হচেছ কীনা?
- প্রতি রানের পর জোড়স্থান ভালোভাবে পরিষার করছে কীনা?

Cracks 3.1



- জ্বাড় শহুডির পর জাড় মৃদ্যারনের জন্য দেখতে হবেঃ
 - জোড় বথাবথভাবে পরিকার করছে কীনা?
 - ওয়েন্ড জোড় আভার কাটযুক্ত কীনাঃ
 - শাগ, ওভার দ্যাপ মৃক্ত কীনা?
 - ওয়েন্ড গেজের সাহায্যে উত্তল আকৃত্তি নিরীক্ষণ কর।

প্রশ্নমালা-১০


- ১। সমতল অবস্থানে আউট সাইড কর্নার জোড়ের নিমিত্তে সারফেস প্রিপারেশনসহ কার্যবস্তু প্রস্তুত প্রণালি বর্ণনা কর।
- ২। আউট সাইড কর্নার জোডের নিমিত্তে ট্যাক ওয়েল্ডকরণ পদ্ধতি উলেখ কর।
- ৩। আউট সাইড কর্নার জোডের নিমিত্তে কারেন্ট সেটকরণ শনাক্ত কর।
- ৪। আউট সাইড কর্নার জোড়ের সময় ইলেকট্রোড অ্যাংগেল, ইলেকট্রোড চালনার গতি, বুননের নিয়ম,আর্ক লেংথ ইত্যাদি বর্ণনা কর।
- ৫। আউট সাইড কর্নার জোড়ের সময় পরীক্ষণীয় বিষয়সমূহ উলেখ কর।
- ৬। আউট সাইড কর্নার জোড় শেষে লক্ষণীয় বিষয়সমূহ উলেখ কর।

একাদশ অধ্যায়


আর্ক ওয়েন্ডিং এ সিঙ্গেল ভি বাট জ্যোড় ওয়েন্ড (আনুভূমিক অবস্থানে/২জি)

১১.১ সারফেস প্রিপারেশনসহ ওয়ার্কপিস প্রস্তুত করা ঃ

- ১০-১২ মিমি পুরু এবং কমপক্ষে ৬০ মমি ২০০ মিমি দুই খণ্ড এমএস পেট লণ্ড।



- কার্য বন্তর প্রান্তদেশ গ্রাইভিং এবং ফাইলিং করে ৯০° কোণে প্রস্তুত কর।
- ওয়্যার ব্রাশ দিয়ে ভালোভাবে পরিষ্কার কর।



১১.২ ওয়ার্কপিস আনুভূমিক অবস্থানে আটকানো ঃ

- ইলেকট্রোড নির্বাচনের বাঁধা ধরা তেমন কোন নিয়ম নেই, তবে পারিপার্শ্বিক অবস্থা, ওয়েন্ডারের অভিজ্ঞতা এবং কাঞ্চের শুরুত্বানুযায়ী তা নির্বাচিত হয়।
- অধিক পুরুত্ত্বের ধাতৃ ওয়েন্ডিং করতে অপেক্ষাকৃত বড় ব্যাশ বিশিষ্ট ইলেকট্রোড ব্যবহৃত হয়।
- খরচ কম রাখার জন্য সম্ভাব্য সর্বোচ্চ ব্যাসের ইলেকট্রোড নির্বাচন করতে হবে।
- জ্যোড় এর রুট রানের জন্য অপেক্ষাকৃত কম ব্যাস বিশিষ্ট ইলেকট্রোড নির্বাচন কর।
- এক্ষেত্রে ১০ গেঞ্জি বা ৩.২ মিমি ব্যাসের ইলেকট্রোড ব্যবহার কর।

১১.৩ ইলেকটোড নির্বাচন করা ঃ

১১.৪ ওয়ার্কপিস সংযোগ করা ঃ

(৬.৩ এর অনুরূপ)

১১.৫ঃ কারেন্ট সেট করা ঃ


(৬.৫ এর অনুরূপ)

১১.৬ সিকেল ভি বাট জোড তৈরি করতে পারা ঃ

- পেনিট্রেশনের জন্য প্রায় ১.৫ মিমি রুট গ্যাপ রাখ।
- চিত্রানুযায়ী পাত দুইটির দুই প্রান্তে এবং মাঝে একটি ট্যাক ওয়েন্ড কর।
- কার্যবস্তুকে অতিরিক্ত ২°-৩° কোপে প্রি-সেট কর, যেন প্রয়েন্ডিং করার পর তা ৯০° হয়।
- ট্যাকের উত্তর অংশ চিজেল ও হ্যান্ড গ্রাইন্ডার দ্বারা গ্রাইন্ডিং কর।


প্রবার্কপিস ট্যাক প্রবেক্ত করা ঃ

- যে পাতটির মাঝখানে গাদ টানা হয়েছে, উক্ত দাগের অপর পাতটি ৯০° কোপে খাডা করে রাখ।
- ইলেকট্রোড নিচের পাতটির সাথে ৩০° হতে ৪৫° কোপে ধরে ট্যাক ওয়েন্ড কর।
- ট্যাক ওয়েন্ড ৮ মিলিমিটার হতে ১০ মিলিমিটর লম্বা হতে পারে।
- এরূপ ট্যাক ওয়েন্ড ২ প্রান্তে দুইটি এবং মাঝে একটি কর।



ধ্বরেন্ড সম্পন্ন করতে পারা ঃ

- ইলেকট্রোডকে পার্শ্বের সাথে ৪৫° কোণে রাখি।
- ইলেকট্রোড ঢাল ওয়েন্ডিং লাইন বরাবর ৭০°-৮০° কোণে রেখে রুট রান টানতে আরম্ভ কর।
- কার্যবস্তুর শেষ পর্যন্ত ওয়েন্ড করে প্রথম রান (রুট রান) সম্পন্ন কর।
- শাগগুলো চিপিং কর এবং ওয়্যার বাশ দিয়ে ভালোভাবে পরিষ্কার কর।
- দিতীয় এবং পরবর্তী ফিলিং রানসমূহ ওয়েন্ড কর।
- কিছুটা বুনন প্রক্রিয়ায় ওয়েল্ড কর এবং প্রত্যেক প্রান্তে ক্ষণিকের জন্য থাম।
- সঠিক আর্ক লেংথ বজায় রাখ।
- প্রত্যেক রানের জন্য ইন্সেকট্রোড পেটের পার্শ্বের সাথে ৪৫° কোণ এবং ওয়েন্ডিং এর দিকে ৭০°-৮০° কোণ বজায় রাখ।
- পুরু পেটের জন্য একাধিক রানের ওয়েন্ড কর।
- সর্বশেষ রান অর্থাৎ ক্যাপিং রান ওয়েন্ড করতে ইলেকট্রোড রেডিয়াল বুনন প্রক্রিয়ায় চালনা কর।
- ইলেকট্রোড দারা কেবলমাত্র ফিউশন ফেসের ধার স্পর্শ কর।
- উপরের পৃষ্ঠ উত্তল আকৃতিতে ওয়েন্ড কর।
- বৃত্তাকার গতিতে ইলেকট্রোড চালনা করে রান শেষ কর এবং স্পাগ পরিষ্কার কর।




১১.৭ ওয়েন্ডিং নিরীক্ষণ করা ঃ

কথায় বলে Prevention is better than Cure অর্থাৎ প্রতিরোধ সর্বোত্তম পছা। তাই জোড় করার সময় যদি ভালো তদারকি করা হয, তবে ক্রেটি বিচ্যুতি অনেক বেশি ধরা পড়ে। যা নিরাময় করা সম্ভব হয়। জোড়ের সময় দেখতে হবেঃ

- ইলেকটোডের কোপ ঠিক আছে কীনা?
- ইলেকট্রোড চালনার গতি ঠিক আছে কীনা?
- আর্ক লেংখ সঠিকভাবে বজায় রেখেছে কীনাঃ
- রানের বিভের বুননগুলো টিকমত হচ্ছে কীনা?
- প্রতি রানের পর জ্বোডস্থান ভালোভাবে পরিষ্কার করছে কীনা?

Cracks 3.1



জোড় প্রস্তুতির পর জোড় মৃশ্যারনের জন্য দেখতে হবে ঃ

- জ্বোড় যথাযথভাবে পরিষ্কার করছে কীনা?
- ওয়েন্ড জোড় আন্তার কাটমুক্ত কীনা?
- শাগ, ওভার ল্যাপ মুক্ত কীনা?
- ওয়েন্ড গেন্ধের সাহায্যে উত্তপ আকৃতি নিরীক্ষণ কর।

প্রশ্নমালা-১১

- ১। সমতল অবস্থানে আউট সাইড কর্নার জোড়ের নিমিত্তে সারফেস প্রিপারেশনসহ কার্যবস্তু প্রস্তুত প্রণালি বর্ণনা কর।
- ২। আউট সাইড কর্নার জোডের নিমিত্তে ট্যাক ওয়েল্ডকরণ পদ্ধতি উলেখ কর।
- ৩। আউট সাইঢ কর্নার জোডের নিমিত্তে কারেন্ট সেটকরণ শনাক্ত কর।
- ৪। আউট সাইড কর্নার জোড়ের সময় ইলেকট্রোড অ্যাংগেল, ইলেকট্রোড চালনার গতি, বুননের নিয়ম, আর্ক লেংথ ইত্যাদি বর্ণনা কর।
- ৫। আউট সাইড কর্নার জোড়ের সময় পরীক্ষণীয় বিষয়সমূহ উলেখ কর।
- ৬। আউট সাইড কর্নার জোড় শেষে লক্ষণীয় বিষয়সমূহ উলেখ কর।


ওয়েন্ডিং অ্যান্ড ফেব্রিকেশন — ১ ২য় পত্র দশম শ্রেণি তাত্ত্বিক অংশ

প্ৰথম অধ্যায়

ধাতব তলে হ্যান্ড টুলসের সাহায্যে গ্রুভ ও স্লট কাটিং পদ্ধতি


১.১ ক্লন্ড (Groove) ও মুট (Slot) কাটিং টুলন এর নাবঃ

- প্রশ্নত ও শট কাটিং করতে হলে বিভিন্ন ধরনের হ্যাভ টুলস প্রয়োজন। এ হ্যাভ টুলস্সমূহকে দুই ভাবে ভাগ করা যায়, (১) মার্কিং টুলস্ (২) কাজের জন্য হ্যাভ টুলস। নিম্নে হ্যাভ টুলস্সমূহের নাম উলেখ করা হলো।



• মার্কিং টুলস্ঃ

ভার্নিয়ার হাইটগেজ, সেন্টার হেড, মাকিং বলক, স্টিল কল, জাইবার সেন্টার পাঞ্চ, হাড়ুড়ি, এ টুলসগুলো ছাড়াও মার্কিং শনাক্ত করশের জন্য জিনিসগুলো পাওয়া যার সেগুলো হলো রং, চক, ফিটকিরি বা তুঁত ইত্যাদি।




হ্যান্ড টুলস্ঃ
 ফ্ল্যাট ফাইল, ক্ষোরার ফাইল, রেকটেঙ্গুলার ফাইল, নিডল ফাইল্ সেট, ক্রুসকাট চিজেল, ভারমন্ড পরেন্ট
চিজেল, রাউন্ড নোজ চিজেল, হ্যামার, বেশিষ ধরনের ভার্নিয়ার ক্যালিপার্স (যা ছারা প্রুন্ত বা শটের ভিতর
বাহির এবং গভীরতা পরিমাপ করা যায়) জব আটকানোর ভাইস ইত্যাদি।



১.২ হ্যান্ড টুলসের সাহায্যে গ্রুন্ড ও সুট কাটিং পদ্ধতিঃ

হ্যান্ড টুলসের সাহায্যে গ্রুভ ও স্ট কাটতে হলে কাজের ধারাবাহিকতা অবশ্যই বজায় রাখতে হয়।

মার্কিংঃ গ্রুভ বা স্ট কাটার পূর্বে প্রথমে মার্কিং করতে হয়। মার্কিং করতে জবকে মার্কিং টেবিল বা সমতল কো টেবিল বা স্থানে রাখতে হয়। যে স্থানে মার্কিং করা হবে উক্ত স্থানে জব রাখবার পূর্বে রং দিয়ে নিতে হবে। এবার যে মাপের গ্রুভ বা স্ট কাটা হবে উক্ত মাপ মেজারিং টুলস এর সাহায্যে দাগ দিতে হবে। স্টিল রুল, জ্রাইবার বা সেন্টার পাঞ্চ ও হ্যামার ব্যবহার করে মার্কিং সম্পন্ন করতে হবে। মার্কিং শনাক্ত করার নিমিত্তে ব্যবহৃত রং সঠিকভাবে লেগেছে কীনা দেখতে হবে। কাজের সময় দাগ যাতে উঠে না যায় সে জন্য সেন্টার পাঞ্চ ও হ্যামার ব্যবহার করে দাগগুলো চিহ্নিত করতে হবে।



কার্টিং ঃ হ্যান্ড টুলস ব্যবহার করে কাটিং আরম্ভ করতে হবে। মেজারমেন্টের প্রতি নজর রাখতে হবে। কাটিং যেন দাগের বাইরে না যায় আবার দাগের ভিতরে থেকে না যায়। হ্যান্ড টুলস্ এলোমেলোভাবে ব্যবহার করা যাবে না। এতে গ্রুন্ড বা স্টের সঠিন হবে না ফলে কাজটি নষ্ট হবে। সঠিক নিয়মে হ্যান্ড টুলস্ ব্যহার করে গ্রুন্ড ও স্ট কাটিং সম্পন্ন করতে হবে।




মেজারিং বা ইনসংগকশনঃ গ্রুভ বা শট কটোর পর দেখতে হবে পরিমাপ মোডাবেক গ্রুভ বা শট কটো হয়েছে কীনাঃ কাটিং প্রাক্তবলো মসৃশ আছে কীনাঃ কাটিং ভল সমতল কীনাঃ



১.৩ হ্যান্ড টুলসের সাহায্যে গ্রুন্ড ও স্রট কাটিং সতর্কতাঃ

হ্যান্ড টুলস্ এর সাহায্যে গ্রুন্ড ও স্ট কাটিং এ সতর্কতা অবলমন প্রয়োজন। গগলস ব্যবহার না করা হলে চিপিং করার সময় চিপস্ চোখে পড়ে চোখ নষ্ট হওয়ার সম্ভবনা থাকে। চিপিং চিজেলের মাধায় 'মাশরুম' আছে কীনা তা লক্ষ করতে হবে যা চিপিং কাজে বাধা প্রদান করে। হ্যামার এর হাতল ভালোভাবে আটকানো আছে কীনা? জন ভাইসে ভালোভাবে আটকানো আছে কীনা? তা না হলে চিপিং বা কাটিং এর সময় জব নড়া চড়া করবে ও মাকিংং নষ্ট হবে। চিপিং শেষে চিপস্সমূহ ব্রাশ করে ফেলে দিতে হবে।



১.৪ ঞ্চন্ড ও সুট কাটিং হ্যান্ড টুলসের যত্ন ও রক্ষণাবেক্ষণঃ

- যে সমস্ত হ্যান্ড টুলস্ ব্যবহার করে গ্রুন্ড ও স্ট কাটিং করা হয়, তাদের যত্ন নেওয়া অত্যাবশ্যক।
- মাকিং টুলস্সমূহে যদি গ্রিজ, মবিল, চিপস্, ধুলাবালি ইত্যাদি পড়ে থাকে তবে মার্কিং পয়েন্টগুলো নষ্ট
 হয়ে যায়। তাই মাকিং টুলস্গুলো য়য়লা মুক্ত করে যথাছানে রাখতে হবে, যাতে ধুলাবালি না লাগে।

কাটিং টুলস্সমূহ যেমন ফাইলস্ সমূহে কোনো চিপস্ ও ধুলাবালি লেগে থাকলে পরিষ্কার করে যথা স্থানে রাখতে হবে, বিশেষ করে ফাইল রাখার র্যাকে ফাইলগুলো রাখতে হবে। ফাইলসমূহে গ্রিজ, মবিল জাতীয় পদার্থ লাগানো যাবে না।

চিজেলসমূহের মুখ এবড়ো থেবড়ো হয়ে মাশরুমের হয়ে থাকলে পয়েন্ট গ্রাইন্ডিং করে ঠিক করে যথাস্থানে র্যাকে রাখতে হবে।

যে সমস্ত হ্যান্ত টুলস্ বা মেজারিং টুলস্ এ মবিল বা গ্রিজ দেওয়ার নিয়ম রয়েছে, সেগুলোতে মবিল বা গ্রিজ দিয়ে যথাস্থানে রাখতে হবে।

প্রশ্নমালা-১

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। ৩টি গ্রুভ কাটিং টুলস্ এর নাম উলেখ কর।
- ২। ৩টি স্ট কাটিং এর নাম উলেখ কর।

সংক্ষিপ্ত প্রশ্ন

৩। গ্রুভ ও স্ট কাটিং হ্যান্ড টুলস্ সমূহের নাম উলেখ কর।

রচনামূলক প্রশ্ন


- ৪। হ্যান্ড টুলস্ এর সাহায্যে গ্রুভ ও স্ট কাটিং কালে সতর্কতা মূল ব্যবস্থাসমূহ বর্ণনা কর।
- ৫। গ্রুভ ও স্ট কাটিং হ্যান্ড টুলস্ সমূহের যত্ন ও রক্ষণাবেক্ষণ উলেখ কর।

দ্বিতীয় অধ্যায়

উত্তম ওয়েন্ড তৈরির শর্তাবলি

২,১ উত্তম ওরেন্ড এর বৈশিষ্ট্য

ওয়েন্ডিং একটি জটিল এবং কঠিন কাজ। ভালো ওয়েন্ডিং করা মোটেও সহজ্ঞ নর। তাই ওয়েন্ডারকে ধাতুর গুণাগুণ, প্রকৃতি ওয়েন্ডিং এর পরিভাষা, ওয়েন্ডিং এর নিয়ম-কানুন ইত্যাদি সম্পর্কে জ্ঞান থাকতে হবে। একজন দক্ষ ওয়েন্ডার এর কাছে ভালো ওয়েন্ড করা মোটেও কঠিন কাজ নয়। অনেক সময় অনেক দক্ষ ওয়েন্ডারও অবহেলা করে ভুল নিয়মে ওয়েন্ড করে গুণাগুণ সম্পন্ন জ্ঞাড় তৈরি করতে পারে না।




ওরেন্ডের মান ও শক্তি নিরূপণে নিম্লে বর্ণিত বিষয়াদি বিবেচনা করতে হবে-

- উত্তম পেনিট্রেশন বা সঠিক পেনিট্রেশন।
- নির্দিষ্ট পরিমাণ ধাতুর গলন।
- ধাতু জমাকৃতির নিবিড়তা।
- প্রয়েন্ড এর আকৃতি এবং রং
- ধাতু ছিটানো (স্প্যাটার)
- বিভসমূহের ধারাবাহিকতা ও মসৃণতা।

২.২ উত্তম ওয়েল্ড এর শুরুত্ব বর্ণনাঃ

পেনিট্রেশনের শুরুত্বঃ

জোড়ের শক্তির জন্য এটি সবচেয়ে শুরুত্বপূর্ণ। অনেক ক্ষেত্রে অপর্যাপ্ত পেনিট্রেশনের জন্য অন্যান্য বিষয়াদি বিবেচনা ছাড়াই জোড় সম্পূর্ণরূপে বাতিল হতে পারে। সিংগল 'ভি' বাট জোড় পেনিট্রেশন বিড সমান এবং জোড়ের মাঝখানে জোড়াতে বিরতিহীন হবে। পেনিট্রেশন বিডের গলন রুটফেসেরে মধ্যে উত্তমরূপে হতে হবে। তবে এরও মাপ রয়েছে। পেনিট্রেশন এর উচ্চতা হবে ইলেকট্রোডের ব্যাসের সমান। সামান্য বেশি বা কম গ্রহণযোগ। কম গলন বেড টেস্ট বা ধ্বংসাত্মক পরীক্ষায় ধরা পড়ে। ফিলেট জোড়ে পেনিট্রেশন কর্নার পর্যন্ত পুরাপুরি হওয়া উচিত। ফিলেট ওয়েল্ড ব্রেক টেস্টে পরিষ্কার ধারু রুট বরাবর দৃশ্যমান হওয়া উচিত। ওয়েল্ডিং জোড়ের মধ্যে অনেক সময় বার্নপ্রো দেখা যায়। এক্ষেত্রে মূল ধাতুর জোড়ের স্থান হিট অ্যাফেকটেড জোন হয়ে পড়ে। যার ফলে উক্ত স্থানে ফাটল দেখা দিতে পারে।



গলনের গুরুত্বঃ

মূল ধাতুর মধ্যে এবং একাধিক রানের ওয়েল্ড এর মধ্যে পেনিট্রেশনের জন্য ভালো গলন অত্যাবশ্যক। ইন্টার রানের মধ্যেভালো গলন না হলে বিভিন্ন ধরনের ক্রটি দেখা যায়, যেমন ল্যাক অফ ফিউশান, গ্যাস পকেট, শাগ ইনক্রশান ইত্যাদি। তাই ওয়েল্ডিং এর ক্ষেত্রে ইন্টার রানের গুরুত্ব অপরিসীম।

- **ওরেল্ড জমাকৃতির বর্ণনাঃ** ওয়েল্ড এর গঠন নিবিড় এবং অপদ্রব্য যথা শাগ ইনকুশান এবং ছিদ্রাময়তামুক্ত হওয়া উচিত।
- ওরেন্ড এর আকৃতি এবং রং এর বর্ণনাঃ
 ডিজাইন মোতাবেক ওয়েন্ডড জোড়ের শক্তি প্রাপ্তির নিমিত্তে ওয়েন্ড এর নির্দিষ্ট আকৃতি বজায় রাখা
 গুরুত্বপূর্ণ। ওয়েন্ড এর আকৃতি জোড়ের কর্ম-ক্ষমতাকে প্রভাবিত করে। প্রট থিকনেস (Throat Thickness) কম হওয়ার দরুন স্বাভাবিক মিটর ফিলেটের তুলনায় অবতল ফিলেট ওয়েন্ড দুর্বল হয়।

জোড়ের শক্তি বজায় রাখতে বাট ওয়েল্ডের আকৃতি মসৃণ এবং ওয়েল্ড এর উপর সমভাবে কেন্দ্রীভূত হবে এবং রিইনফোর্সমেন্ট উচ্চতা পেটের পুরুত্বের প্রায় শতকরা ১০ ভাগ হবে। ভালো ওয়েল্ড এর রং উজ্জ্বল হবে।

• স্প্যাটারঃ যদিও ওয়েন্ডিং জোড়ের ক্ষেত্রে স্প্যাটার তেমন ক্রটি হিসেবে বিবেচিত নয়, তবু যখন কোন জোড়ে অত্যাধিক স্প্যাটার দেখা যায়, তখন বুঝতে হবে জোড়াটি কম শক্তিধর। স্ট্যাটার তখনই দেখা দেয় যখন ওয়েন্ডার কিছু ভুল করে থাকে, আর ভুলের কারণেই জোড়ে ক্রটি দেখা দেয়।

২.৩ উত্তম ওয়েল্ড তৈরিতে গৃহীতব্য ব্যবস্থাঃ

- উত্তম ওয়েল্ড তৈরতি প্রথম প্রয়োজন ওয়েল্ডার এর পরিভাষার উপর যথেষ্ট জ্ঞান ও দক্ষতা। ওয়েল্ডার এর
- দক্ষতা থাকলেই হবে না. তা বাস্তবায়ন করতে হবে।
- সঠিক নিয়মে জব প্রিপারেশন করতে হবে।
- ⁻ সঠিক কারেন্ট সেটিং উত্তম জোড়ের শর্ত।
- সঠিক আর্ক লেংথ, বুনন গতি, সঠিক ইলেকট্রোড চালনা অত্যাবশ্যক।
- কম পেনিট্রেশনের সাধারণ কারণসমূহ হলো, অত্যাধিক কম কারেন্ট অথবা সঠিক ভোল্টেজ সেটিং এর অভাব এবং অত্যাধিক লম্বা আর্ক। তাই সঠিক পেনিট্রেশনের জন্য উলিখিত ক্রুটিসমূহ এড়িয়ে চলতে হবে।
- রুট ফেস গলনের জন্য আর্ক লেংথ ছোট এবং সঠিক ইলেকট্রোড চালনার গতি হতে হবে। ইলেকট্রোড অ্যাংগলও গুরত্বপূর্ণ।
- উত্তম জোড়ের জন্য মূল ধাতুর গুণাগুণের সাথে ইলেকট্রোডের গুণানগুণ থাকতে হবে।
- ওয়েন্ডার স্ট্যাটার প্রতিরোধ করা প্রয়োজন। স্প্যাটার ক্রটিপূর্ণ ওয়েন্ড কৌশল নির্দেশ করে। অত্যাধিক কারেন্ট, লম্বা আর্ক লেংথ ও আর্কথ্রো এগুলো প্রতিরোধের জন্য সঠিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- জোড়ের স্থানে অতিরিক্ত মাল জমার কারণ, ইলেকট্রোড চালনার গতি অত্যাধিক কম। এটা প্রতিরোধ করতে হলে সঠিক কারেন্ট ও সঠিক গতিতে ইলেকট্রোড চালনা করতে হবে।
- গ্যাস পকেট বা স্থাগ ইনক্সুশান হওয়ার অন্যতম কারণ, ড্যাম্প ইলেকট্রোড বা জোড় ভালোভাবে পরিষ্কার না করা, উলিখিত ক্রটি প্রতিরোধ করতে সঠিক ইলেকট্রোড ও জোড় স্থান ভালোভাবে পরিষ্কার করতে হবে।

প্রশ্নমালা-২

সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। ধাতু গলনের গুরুত্ব স্প্যাটার উলেখ কর।
- ২। উত্তম ওয়েল্ড জোড়ের গুরুত্ব ব্যাখ্যা কর।
- ৩। উত্তর ওয়েল্ড জোড় তৈরিতে গৃহীতব্য ব্যবস্থাসমূহ বর্ণনা কর।
- ৪। উত্তম ওয়েল্ড জোড়ের বৈশিষ্ট্যসমূহ বর্ণনা কর।

রচনামূলক প্রশ্ন


- ৫। ধাতু জোড়ে সঠিক ব্যবস্থা গ্রহণ না করলে কী কী অসুবিধা হত বর্ণনা কর।
- ৬। ধাতু জোড়ের ক্ষেত্রে পেনিট্রেশনের গুরুত্ব বর্ণনা কর।

তৃতীয় অধ্যায়


অবস্থান ভেদে ওয়েন্ডিং-এর কলাকৌশল

৩.১ ওয়েন্ডিং-এর অবস্থানসমূহ লিপিবদ্ধ করতে পারা

ওয়েল্ডিং-এর বিভিন্ন অবস্থনসমূহ নিম্নে প্রদত্ত হলোঃ




- ডাউন হ্যান্ড/ক্লটি
- হরাইজন্ট্যাল/ভার্টিক্যাল
- কৌণিক
- ভার্টিক্যাল



৩.২ অবস্থান ভেদে ওয়েন্ড এর বুনন কৌলল বর্ণনাঃ


উলম্ব ওরেন্ডিংঃ উর্ধাভিমুখী কিংবা নিম্নাভিমুখী ওয়েন্ডোর নিজম্ব বৈশিষ্ট্য ও সীমাবদ্ধতা আছে। উভয় ক্ষেত্রেই গলিত ধাতু মাধ্যাকর্ষণ শক্তি দ্বারা প্রভাবিত হয়। উর্ধাভিমুখী উলম্ব ওয়েন্ডিং এর সময় ধাতু আর্কের ভিতর হতে ক্রোটারের মধ্যে পতিত হয়, ভারপর তা ঠাগু না হওরা পর্যন্ত) নিচের দিকে গড়িয়ে পড়তে থাকে, এটিই উর্ধাভিমুখী গতিকে বাধা দান করে উত্তল বিভ এবং গভীর পেনিট্রেশন উৎপন্ন করে।

এ অবস্থায় কিছুটা বুনন গতিতে ওয়েন্ডিং করতে করতে উপরের দিকে অগ্রসর হতে হয়।



নিম্লাভিমুখী উলম্ব ওরেন্ডিংঃ এ ওয়েন্ডিং এর গতি অত্যম্ভ দ্রুত হয়। কারেন্ট অত্যাধিক না হলে আভার কটি পড়ে। অবতল আকৃতির ওরেন্ডিং উৎপন্ন করে। পেনিট্রেশন কম হয়।


সাধারণতঃ রুট রানের ক্ষেত্রে এ ওয়েন্ড প্রযোজ্য নয়। অন্যান্য রানের ক্ষেত্রে বুননের সময় জোড়ের দুই প্রাস্তে ক্ষণিকের জন্য অপেক্ষা করতে হবে। নতুবা ধাড়ু জোড়ের বিড উৎপন্ন হবে না।



কৌশিক ওয়েন্ডঃ যে ওয়েন্ডিং এর ঢাল প্রায় ৪৫° সাধারণত তাকে কৌশিক ওয়েন্ডিং ধরা হয় এবং উলঘ অবস্থানের জন্য একই বুনন নীতি অনুমোদিত।

হরিজন্টাল ঃ ভার্টিক্যাল ওয়েন্ডিং এ পেনিট্রেশন যে ক্ষেত্রে প্রযোজ্য সে ক্ষেত্রে ১ম রান 'কি' হোল বজায় রেখে ধাতুর গলিয়ে সম বুনন নীতি মেনে চলতে হবে। অন্যান্য রানের ক্ষেত্রে জোড়ের দুই ধারে সামান্য থেমে থেমে হেলিয়ে দুলিয়ে বুনন করে ওয়েন্ডিং সম্পন্ন করতে হবে।

ওভারহেড ওয়েন্ডিংঃ ওভারহেড ওয়েন্ডিং কোন কঠিন কাজ নয়। সূতরাং ওভার হেড নাম শুনলেই ভয় পাওয়ার কারণ নেই। সঠিক আর্ক লেংথ ছোট রেখে ইলেকট্রোডকে সঠিক কোণে ধরে ধাতু জোড় করতে হবে। রুট রানের ক্ষেত্রে একটু পার্থক্য রয়েছে, ওভার হেড জোড়ের ক্ষেত্রে কারেন্টের পরিমাণ একটু বেশি লাগবে, তবে অত্যাধিক হতে পারবে না। ধাতুর দুই প্রান্ত গলানোর জন্য যে সময় প্রয়োজন বুনন গতিতে শুধু তত সময় ব্যয় করতে হবে। অধিক সময় ব্যয় করা হলে বার্নপ্রো হতে পারে।



৩.৩ চালনা কৌশলঃ

অবস্থান ভেদে ওয়েন্ডিং জোড়ের কৌশল বদল করতে হয়। ফ্লাট অবস্থানে ধাতু জোড়ের যে কৌশল ব্যবহার করা হয়। ওভার হেড অবস্থানে তার সম্পূর্ণ বিপরীত। হরিজন্টাল অবস্থানে ধাতু-জোড়ের ক্ষেত্রে গলিয়ে ধাতু ততটা নিচের দিকে না পড়লেও উলম্ব অবস্থানে মাধ্যাকর্ষণ জনিত কারণে গলিত ধাতু নিচের দিকে পড়তে থাকে। তাই উত্তম জোড়ের জন্য হরিজন্টাল এবং উলম্ব অবস্থানে আলাদা আলাদা কৌশলাবলম্বন করতে হয়। ওভার হেড অবস্থানে মধ্যাকর্ষণের প্রভাব অত্যন্ত বেশি। তাই আর্ক লেংথ ছোট রেখে, সঠিক কারেন্ট অ্যাডজাস্ট করে সঠিক গতিতে ধাতু জোড় দিতে হবে। ধাতু জোড়ের ক্ষেত্রে মধ্যাকর্ষণের প্রভাব যত বেশি থাকবে গলিত ধাতু তত শরীরের দিকে স্প্যাটার করতে থাকবে। তাই বিশেষ নিরাপত্তামূলক সরঞ্জাম ব্যবহার করতে হবে।

৩.৪ অবস্থান ভেদে ইলেকট্রোড এর কৌনিক অবস্থার মান নিয়ন্ত্রণঃ

পেনিট্রেশন এর জন্য ইলেকট্রোডের আর্ক লেংথ সর্বদা কম রাখতে হবে। ফ্লাট অবস্থায় ইলেকট্রোডকে ধাতুর জোড়ের দিকে ৭০°-৮০° কোণে এবং দুই পৃষ্ঠদেশ থেকে ৯০° কোণে রেখে সঠিক গতিতে ইলেকট্রোড জোড় দিতে হয়। হরিজন্টাল অবস্থায় মূল ধাতুর জোড়ের উপর নিচ থেকে ইলেকট্রোডকে ৪৫° কোণে রেখে সঠিক গতিতে ইলেকট্রোড চালনা করে ধাতু জোড় দিতে হয়। আবার ওভারহেড অবস্থায় ইলেকট্রোডকে ধাতু জোড়ের সাথে ৯০° কোণে রেখে হোট আর্ক লেংথ কারেন্ট একটু বেশি অ্যাডজাস্ট করে সঠিক গতিতে ইলেকট্রোড চালনা করতে হয়। ইলেকট্রোড এর কোণ বেশি কম হলে ধাতুমল ঝরে পড়তে থাকবে। উলম্ব ওয়েন্ডিং এর ক্ষেত্রে ইলেকট্রোড এমন ভাবে ধরতে হয়। যাতে এটি আনুভূমিক রেখার প্রায় ১০-১৫ ডিগ্রি নিচে এবং অগ্র ভাগে আর্ক (ক্রাস্টারের প্রায় ৩.২৫ মিমি উপরে থাকে।

৩.৫ অবস্থান ভেদে ওয়েন্ডিং এর সতর্কতাসমূহ ব্যাখ্যাঃ

সতর্কতা বলতে আমরা সাধারণত মানুষের সতর্কতাকে বুঝে থাকি, কিন্তু সতর্কতা বলতে মানুষ, টুলস ইকুপমেন্ট কাঁচামাল সবকিছুরই সতর্কতা বা নিরাপত্তাকে বুঝায়। থাতু জোড়ের ক্ষেত্রে অবস্থান ভেদে নিরাপত্তা ভিন্ন ভিন্ন হয়ে থাকে। ডাউন হ্যান্ড বা ফ্লাট পজিশনে নিরাপত্তা ঝুঁকি কম মনে হলেও অবহেলার কারণে ঝুঁকি বেড়ে যায়। উর্ধাভিমুখী কিংবা নিম্নাভিমুখী ওয়েল্ডের নিজস্ব বৈশিষ্ট্য ও সীমাবদ্ধতা আছে, উভয় ক্ষেত্রেই গলিত থাতু মধ্যকার্ষণ শক্তির দ্বারা প্রভাবিত হয়। উর্ধাভিমুখী উলম্ব এ ওয়েল্ডিং থাতু আর্কের ভিতর হতে ক্রেটারের মধ্যে পতিত হয়। তারপর ঠাণ্ডা না হওয়া পর্যন্ত নিচের দিকে গড়িয়ে পড়তে থাকে। এ গলিত থাতুর ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হয়। ইলেকট্রোড এর কোণ ঠিক রেখে, সঠিক গতি ও আর্ক লেংথ বজায় রাখলে সুন্দর জোড় দেওয়া সম্ভব। ওভারডেড ওয়েল্ডিং এর উপর উলেখযোগ্য ভাবে প্রতিফলিত হয় এবং যেহেতু ওভারহেড ওয়েল্ডিং ঢিবির আকৃতি ওয়েল্ড এবং আন্ডার কাট হয় এবং সেহেতু ওভার হেড ওয়েল্ডিং পদ্ধতি প্রয়োগে অবশ্যই বিশেষ যত্নবান হতে হবে। গলিত ধাতু রুটের মধ্যে স্থাপনের আর্কের গতি পথের বল ব্যবহার করে ইলেকট্রোড ওয়েন্ডিং এর দিকে প্রায় ৮০° এবং উলম্ব তল হতে ২০° কোণে চালনা করলে ভালো ফল পাওয়া যায়।

প্রশ্নমালা-৩

অতি সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

- ১ ৷ ওয়েন্ডিং পজিশন বলতে কী বোঝায়?
- ২। হরিজন্টাল পজিশন কী?
- ৩। ভার্টিক্যাল পজিশন কী?

সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

- ৪। ওভার হেড পজিশন বলতে কী বোঝায়?
- ে। ফ্লাট পজিশন বলতে কী বোঝায়?
- ৬। কৌণিক পজিশন বলতে কী বোঝায়?

- ৭। অবস্থান ভেদে ওয়েন্ডিং এর বুনন কৌশল বর্ণনা কর।
- ৮। অবস্থান ভেদে ওয়েন্ডিং এর চালনা কৌশল ব্যক্ত কর।
- ৯। অবস্থান ভেদে ওয়েন্ডিং এর সতর্কতা ব্যক্ত কর।

চতুর্থ অধ্যায় ওয়েন্ড জোড়ের বিকৃতি দমন কৌশল

৪.১ ওয়েন্ড জোড়ের বিকৃতির কারণসমূহ ঃ

বিকৃতি ওয়েন্ড জোড়ের একটি অন্যতম দোষ। এটি দমন করা ওয়েন্ডারের প্রধান কর্তব্য। এ বিকৃতির কারণে উৎপাদন ধরচ বৃদ্ধি পায়। সময় ও অর্থের অপচয় হয়। বিকৃতির কারণ, প্রকার ইত্যাদি সঠিক ভাবে জেনে তা দমনের জন্য ওয়েন্ডারকে সঠিক কৌশল প্রয়োগ করতে হবে। বিকৃতির কারণসমূহ হলো ওয়েন্ডিং চলাকালীন সময়ে ধাতুর অসম প্রসারণ ও সংকোচন। প্রসারণ ও সংকোচনজনিত বল নিয়ন্ত্রণ না করলে বিকৃতি ঘটে।

জোড় এর বিকৃতিসমূহকে সাধারণত তিন ভাগে ভাগ করা যায় (ক) আড়াআড়ি বিকৃতি (খ) লখালমি বিকৃতি এবং (গ) কৌণিক বিকৃতি।


৪.২ ওয়েন্ড জোড়ের বিকৃতির প্রতিক্রিয়া ঃ

আড়াআড়ি বিকৃতি ঃ


যখন দুইটি পেট না আটকিয়ে বাট জ্বোড় দেওয়া হয়। ওয়েন্ড মেটাল সংকোচনের দরুন উক্ত পেটছয় পরস্পরের দিকে টেনে নিকটবর্তী হতে থাকবে। এটি আড়াআড়ি বিকৃতি নামে পরিচিত।

লঘালমি বিকৃতি ঃ

না আটকিয়ে একটি সমতল সরু শিট মেটালের উপর ওয়েন্ড করলে উক্ত টুকরা উপরের দিকে বেঁকে উঠে। একে লখালিথি বিকৃতি বলে এবং এটি ওয়েন্ড মেটালের দৈর্ঘ্য বরাবর ঠাগা ও সংকোচিত হওয়ার দরুন হয়ে থাকে।



(A) Transverse shrinkage




(B) Longitudinal shrinkage





(C) Longitudinal distortion



কৌণিক বিকৃতি ঃ দৃইটি পেট সমকোণে রেখে একদিকে ওয়েন্ড করলে ঠান্ডা হওয়ার পর উক্ত পেট সমকোণে থাকবে না। সংকোচন জনিত ক্রেস পেট এবং ওয়েন্ডকে একে অপরের দিকে টানবে। অনুরূপ ভাবে সিংগেল- তি বাট জোড় একে অপরের দিকে টেনে অক্ষ্যুত করবে।



৪.৩ ওয়েন্ড জোড়ের বিকৃতি দমনের উপায় ঃ

বিকৃতি দমনের উপায়গুলো নিচে দেওয়া হলো-

- স্ট্রেস বিস্কৃতি করণ
- প্রি-সেটিং
- পিনিং
- স্টেপবেক মেথড
- ওয়ান্ডারিং/স্কিপ মেথড
- জিগ এবং ফিকচার দ্বারা

• বিকৃতি দমনের পদ্ধতিগুলোর বর্ণনা ঃ

স্ট্রেস বিস্তৃতিকরণ ঃ এটি সংকোচন জনিত বল। অন্যটির বিরুদ্ধে সমন্বয় করাই স্ট্রেস বিস্তৃতিকরণ ওয়েন্ডিং। এর ধারাবাহিকতা সঠিকভাবে বজায় রেখে এটি করা হয়ে থাকে।

যন্ত্রাংশের প্রি-সেটিং

এ পদ্ধতিতে ওয়েন্ডিং সংকোচনের জন্য অ্যালাউস রাখা হয়। অভিজ্ঞতার আলোকে ধারণা করা সম্ভব জোড় কতখানি সংকোচিত হবে এবং জবকে সেটিং করতে বিপরীত দিকে তাকে হেলাতে হবে।

পিনিং ঃ ওয়েন্ডিং ঠাণ্ডা হয়ে সংকোচিত হয়। ঠাণ্ডা হওয়ার সময যদি হাতুড়ির আঘাত (পিনিং) করা হয় এতে ওয়েন্ড মেটাল এর বিস্কৃতি হবে এবং সংকোচনের বিপক্ষে কাজ করবে।

স্টেপব্যাক মেথড ঃ চিত্রে প্রদর্শিত নিয়মে বিকৃতি দমন করা যায়।

ওয়ান্ডারিং/স্কিপমেথড ঃ চিত্রে প্রদর্শিত চিত্র অনুযায়ী বিকৃতি দমন করা যায়।

জিগ এবং ফিকচার ঃ জিগ এবং ফিকচার ব্যবহার করে বিকৃতি দমন করা যায়।

প্রশ্নমালা-8

অতি সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

- ১। ওয়েল্ডিং জোড়ের বিকৃতি বলতে কী বোঝায়?
- ২। ওয়েন্ডিং জোড়ে বিকৃতির কারণসমূহ উলেখ কর।

সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

- ৩। ওয়েন্ডিং জোড়ের বিকৃতির ফলে যে প্রতিক্রিয়া হয়, তা বর্ণনা কর।
- 8। ওয়েন্ডিং জোড়ের বিকৃতি দমনের উপায়গুলো ব্যাখ্যা কর।
- ৫। স্টেপব্যাক মেথড উলেখ কর।

- ৬। স্কিপ মেথড কী? চিত্রাঙ্কন করে দেখাও।
- ৭। জিগ এবং ফিকচারের কার্যকারিতা বর্ণনা কর।
- ৮। প্রি-সেটিং বলতে কী বোঝায়? উলেখ কর।


পঞ্চম অধ্যায়

আর্ক ওয়েন্ডিং এর পোলারিটির ব্যবহার

৫.১ আর্ক ওরেন্ডিং এর পোলারিটির শুরুতঃ

মহান স্রষ্টার পৃথিবীতে রয়েছে বিভিন্ন রকমের পদার্থ। কোনটি তরল, কোনটি কঠিন, আর কোনটি বা বায়বীয়। প্রতিটি পদার্থকে ভাঙতে ভাঙতে ক্ষুদ্র কণা আকারে আনা যায়। এরূপ অতি ক্ষুদ্র কণা যতক্ষণ পর্যন্ত তার মধ্যে সে পদার্থের গুণ বিদ্যমান থাকে, তাকে সে পদার্থের অনু (Molecule) বলে। অনুকে ভাঙলে পাওয়া যায় পরমাণু কিন্তু পরমাণুকে ভাঙলে কী পাওয়া যাবে? হাঁ। পরমাণুকে ভাঙলে দুইটি জিনিস পাওয়া যাবে।

- (১) নিউক্লিয়াস (Necleous)
- (২) ইলেকট্রোন (Electron)



ইলেকট্রন পজেটিভ চার্জ

নিউক্লিয়াস পরমাণুর মধ্যস্থলে থাকে এর মধ্যে থাকে প্রোটন এবং নিউট্রন। প্রোটনের আছে ধনাত্বক চার্জ, আর নিউট্রনের কোন চার্জ নাই। ইলেকট্রোন অতি হালকা কণিকা। এরা নিউক্লিয়াসের চারদিকে ডিম্বাকার কক্ষপথে যুরতে থাকে। এদের ভর একটি প্রোটনের ভরের প্রায় ১১৮৩৭ ভাগ মাত্র। প্রত্যেকটি পরমাণুতে যতটি ধনাত্বক চার্জের প্রোটন থাকে। ফলে পরমাণু স্বাভাবিক অবস্থায় (Neutral) থাকে। যদি কোন হালকা একটি ইলেকট্রোন সরিয়ে অন্য পরমাণুতে আনা যায়, তখন যেখান হতে ইলেকট্রোন আসল তথায় হবে ধনাত্বক চার্জ এবং যেখানে ইলেকট্রোন যোগ হলো সেখানে হবে ঋণাত্বক

চার্জ, আর এ ইলেকট্রোন এর প্রবাহকেই বলা হয় ইলেকট্রিসিটি বা বিদ্যুৎ। যার মধ্যে দিয়ে ইলেকট্রিসিটি প্রবাহিত হয় তাকে বলা হয় পরিবাহী। কোন নির্দিষ্ট প্রস্তুচ্ছেদের ইলেকট্রিক কারেন্ট দুই প্রকার ঃ

- (১) একমুখী প্রবাহী বা ইংরেজিতে ডাইরেক্ট কারেন্ট (সংক্ষেপে একে ডিসি বলে)
- (২) পরবর্তী প্রবাহী বা ইংরেজিতে অলটার নেটিং কারেন্ট (সংক্ষেপে একে এসি বলে)
- (১) ওয়েন্ডিং এর ক্ষেত্রে ডি.সি. কারেন্ট পেতে সাধারণত ডি.সি. ডিজেল জেনারেটর বা ডি.সি. রেকটিফায়ার ব্যবহৃত হয়। ডি.সি. কারেন্ট স্বাধারণত অধিক গুণাগুণ সম্পন্ন ধাতু জোড়ের ক্ষেত্রে ব্যবহৃত হয়। যে সবক্ষেত্রে বিভিন্ন ধাতু এবং পুরত্ব ও গুণাগুণ সম্পন্ন ইলেকট্রোড ব্যবহারের প্রয়োজন হয় সে সব ক্ষেত্রে ডি.সি. কারেন্ট ব্যবহৃত হয়। এ ক্ষেত্রে পোলারিটি পরিবর্তন করা যায়। সাধারণত ভারী ধাতু জোড়ের ক্ষেত্রে ব্যবহার হয়।
- (২) যে সব ক্ষেত্রে পাতলা ধাতু জোড় দেওয়া হয়, সে সব ক্ষেত্রে এ.সি কারেন্ট ব্যবহৃত হয়। এ ক্ষেত্রে পোলরিটি পরিবর্তন করা যায় না।

(ক) ওয়েন্ডিং এর ক্ষেত্রে সম্পর্কযুক্ত কতকগুলো বৈদ্যুতিক সংজ্ঞাঃ

- (১) ভোল্টেজ (Voltage)
- (২) রেজিস্ট্যান্স (Resistance)
- (৩) অলটারনেটিং কারেন্ট (এসি) (A.C)
- (8) ডাইরেক্ট কারেন্ট (ডিসি) (D.C)
- (৫) ইলেকট্রিক পাওয়ার (Electric Power)
- (৬) সার্কিট (Circuit)
- (৭) পোলারিটি (Polarity)
- (৮) স্ট্রেট পোলারিটি (Straight Polarity)
- (৯) রিভার্স পোলারিটি (Reverse Polarity)
- (১০) আর্ক ভোল্টেজ (Arc Voltage)
- (১১) ওপেন সার্কিট ভোল্টেজ (Open Circuit Voltage)
- (১২) স্ট্রাইকিং ভোল্টেজ (Striking Voltage)
- (১৩) আৰ্ক বো (Arc Blow)
- (১৪) তার (Wire)
- (১৫) ক্যাবল (Cable)

(খ) ওয়েন্ডিং এর সাথে সম্পর্কিত বৈদ্যুতিক সংজ্ঞান্তলোর বর্ণনাঃ

ভোল্টেজঃ নলের মধ্য দিয়ে পনি প্রবাহিত করতে যেমন চাপের প্রয়োজন অনুরূপভাবে পরিবাহীর মধ্য দিয়ে কারেন্ট প্রবাহিত করতে চাপের প্রয়োজন হয় এবং চাপকে ভোল্টেজ বলে। এর এককের নাম ভোল্ট।


রেজিস্ট্যালঃ কোন পদার্থের ভিতর দিয়ে বিদ্যুৎ প্রবাহিত হওয়ার সময় উক্ত পদার্থ যে বাধা প্রদান করে তাকে ঐ পদার্থের রেজিস্ট্যান্স বলে। রেজিস্টান্স পরিমাপের এককের নাম ওহম।

অলটারনেটিং কারেন্ট (এসি) ঃ যে বিদ্যুৎ প্রতি মুহুর্তে দিক পরিবর্তন করে তাকে পরিবর্তী প্রবাহ বা ইংরেজিতে অলটারনেটিং কারেন্ট বলে। (সংক্ষেপে এসি বলা হয়)

ভাইরেক্ট কারেন্ট (ডিসি) ঃ যে কারেন্ট প্রবাহের সময় দিক পবিবর্তন করে না, তাকে একমুখী প্রবাহ বা ইংরেজিতে ডাইরেক্ট কারেন্ট বলে (সংক্ষেপে ডিসি বলে)।

ইলেকট্রিক পাওয়ার ঃ কোন সার্কিটে বলের সাহায্যে একক সময়ে যে কাজ হয় তাকে ইলেকট্রিক পাওয়ার বলে। এর একক ওয়াট। এক ওয়াটকে এক হাজার গুণ করলে তাকে কিলোওয়াট বলে। অর্থাৎ ১ ওয়াট ১০০০= ১ কিলোওয়াট।

সার্কিট : ইলেকটিসিটি চলার পথকে বাংলায় বর্তনী এবং ইংরেজিতে সার্কিট বলে।



পোলারিটি ঃ কোন সার্কিটে ইলেট্রোন কোন দিকে প্রবাহিত হচ্ছে তা নির্দেশ করাকে পোলারিটি বলে। উলেখ্য যেহেতু ডিসি কারেন্ট একমুখী সুতরাং এর পোলারিটি আছে কিন্তু এসি কারেন্ট প্রতি মুহূর্তে দিক পরিবর্তন করে তাই এর কোন পোলারিটি নেই। ওয়েন্ডিং ক্ষেত্রে এ পোলারিটির গুরুত্ব অপরিসীম।

৫.২ পোলারিটির শ্রেণি বিন্যাস উল্লেখ করতে পারবে ঃ


পোলারিটি দুই প্রকার, যথাঃ

- (ক) স্ট্রেইট পোলারিটি
- (খ) রিভার্স পোলারিটি

ম্ট্রেইট পোলারিটি ঃ যখন ইলেকট্রোড ঋণাতাক প্রান্তে এবং জব ধনাত্ত্বক প্রান্তে থাকে তখন সে ব্যবস্থাকে স্ট্রেইট পোলারিটি বলে।




রিভার্স পোলারিটি ঃ রিভার্স অর্থ উন্টা, সুতরাং এবার পূর্বের সংযোগ উন্টা করে করতে হবে। অর্থাৎ ইলেকট্রোডযুক্ত হবে ধনাত্ত্বক প্রান্তে এবং জ্বযুক্ত ঋণাত্মক প্রান্তে তাহলে এ ব্যবস্থাকে বলা হবে রিভার্স পোলারিটি।




৫.৩ পোলারিটির বর্ণনা ঃ

স্ট্রেইট পোলারিটির ব্যবহার ঃ ইলেকট্রোড হোন্ডার যখন নেগেটিভ (-Ve) মেরুতে সংযুক্ত হয় তা স্ট্রেইট পোলারিটি। এতে ইলেকট্রোড হতে পেটের দিকে ইলেকট্রোন প্রবাহিত হয়। ফলে মোট তাপের ৬৬.৬৬% সৃষ্টি হয় পেটে এবং বাকি ৩৩.৩৩% সৃষ্টি হয় ইলেকট্রোডে।



স্ট্রেইট পোলারিটি ভারী বা মোটা জব ওয়েন্ডিং করতে ব্যবহৃত হয়। সুতরাং এক্ষেত্রে সরু ব্যাস বিশিষ্ট পাতলা আবরণযুক্ত বা নগ্ন ইলেট্রোড ব্যবহৃত হয়। ইলেকট্রোডে কম তাপ উৎপন্ন হওয়া উক্ত ইলেকট্রোড অভিরিক্ত পোড়া হতে রক্ষা পায়।

রিভার্স পোলারিটির ব্যবহার ঃ ইলেকট্রোড হোল্ডার যখন নেগেটিভ (+Ve) মেরুতে সংযুক্ত হয় তখন তা রিভার্স পোলারিটি। এ ক্ষেত্রে পেট হতে ইলেকট্রোডের দিকে ইলেকট্রোন প্রবাহিত হয় ফলে ইলেট্রোডে ৬৬.৬৬% এবং পেটে ৩৩.৩৩% তাপ উৎপন্ন হয়ে ইলেকট্রোডের প্রান্তে ধাতৃ গলে পড়ার প্রবণতা বেশি দেখা যায়। সূতরাং পাতলা বা চিকন জব ওয়েন্ডিং করার কাজে এই পোলারিটি ব্যবহৃত হয়।



প্রশ্নমালা-৫

অতি সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

১। পোলারিটি বলতে কী বোঝায়?

সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

- ২। আর্ক ওয়েন্ডিং এ পোলারিটির গুরুত্ব উলেখ কর।
- ৩। পোলারিটি শ্রেণি বিন্যাস কর।
- 8। স্ট্রেইট পোলারিটি ও রিভার্স পোলারিটি বলতে কী বোঝায়? অঙ্কন করে দেখাও।
- ে। পোলারিটির ব্যবহার বর্ণনা কর।

- ৬। ওয়েন্ডিং এর সাথে সম্পর্কযুক্ত ১০টি বৈদ্যুতিক সংজ্ঞার নাম উলেখ কর।
- ৭। এ.সি ও ডি.সি এর পার্থক্য চিত্রাঙ্কন করে দেখাও।
- ৮। সংজ্ঞা লিখঃ (ক) ভোল্টেজ (খ) রেজিস্ট্যান্স (গ) ইলেকট্রিক পাওয়ার (ঘ) সার্কিট।

ষষ্ঠ অধ্যায়


ফিলেট জোড়ার দৃঢ়তা

৬.১ দৃঢ় ফিলেট ওয়েন্ড এর বিভিন্ন অংশের নাম লিখতে পারবে ঃ

ওয়েন্ডিং জোড়াগুলোর মধ্যে ফিলেট- জোড়া একটি শক্তিশালী জোড়া। এটি প্রকৌশল ক্ষেত্রে ফেব্রিকেশন বা জোড়া দেওয়ার কাজের বেশির ভাগ ক্ষেত্রেই ব্যবহাত হয়। ফিলেট জোড়ার বিভিন্ন অংশ যথা রুট, টো, লেগ ইত্যাদি সঠিকভাবে তৈরি করলে এটি অবশ্যই দৃঢ় হবে।

ফিলেট জ্বোড় এর বিভিন্ন অংশের নাম নিয়ে প্রদন্ত হলো।

- –কট
- **–টো**
- –লেগ লেংথ
- –শ্রোট থিকনেস



৬.২ দৃঢ় ফিলেট ওয়েন্ড এ বিভিন্ন অংশ উল্লেখ করতে পারবে ঃ

- ফিলেট ওয়েন্ড এর বিভিন্ন অংশের বর্ণনা।
- রুট ঃ উলম্ব এবং আনুভূমিক পেটম্বয়ের মিলনস্থল এবং যেখান হতে ওয়েন্ডিং আরম্ভ হয়, সেটাই রুট।

- টো ঃ যে চূড়ান্ত বিন্দুতে ওয়েল্ডিং সম্পন্ন হয় সেটা টো।
- লেগ লেংথ ঃ ফিলেট ওয়েন্ড এর রুট হতে টো পর্যন্ত দূরতকেই লেগ লেংথ বলে।
- থ্রোট থিকনেস ঃ রুট হতে টো দ্বয়ের মধ্যবর্তী বিন্দু পর্যন্ত লম্বা দূরত্বকেই থ্রোট থিকনেস।

৬.৩ দৃঢ় ফিলেট ওয়েল্ড তৈরির কৌশল ঃ দৃঢ় ফিলেট ওয়েল্ড তৈরি করতে হলে নিমের বিষয়গুলোর প্রতি যত্নবান হতে হবে।

- প্রস্কৃতি
- পেনিট্রেশন
- থোট থিকনেস
- আকৃতি ও কার্যকরী দৈঘ্য
- আকার ও সাধারণ প্রয়োজনীয়তা
- উল্লিখিত কৌশলাদির বর্ণনা নিয়ে প্রদন্ত হলো ঃ

প্রস্তুতি ঃ সাধারণত তেমন কোন প্রস্তুতির প্রয়োজন হয় না তবে ওয়েল্ড এলাকা পরিষ্কার এবং পেটের স্পর্শক তলদ্বয় মসৃণ হতে হবে। পেটের পুরুত্তের ভিত্তিতে সিংগল কিংবা ডাবল বিভেল প্রস্তুত করতে হয়।

- পেনিট্রেশন ঃ যেহেতু সব জোড়েই পেনিট্রেশন অত্যাবশ্যক এবং ফিলেট ওয়েল্ডের বেলায় অবশ্যই ভালো পেনিট্রেশন অত্যাবশ্যক। সুতরাং এ ব্যাপারে লক্ষ রাখতে হবে।
- খোট থিকনেস ঃ এটি রুট হতে ফেসের কেন্দ্র পর্যন্ত দূরত্বের পরিমান। মিটার কিংবা স্বাভাবিক ফিলেটের ফেস পেট তলের সাথে ৪৫° ডিগ্রি কোণ অবস্থান করে (সমান লেগ লেংথ)। অন্যান্য ধরনের ওয়েল্ড উত্তল কিংবা অবতল।
 - সম্পূর্ণ দৈর্ঘ্য হতে ওয়েল্ড আকৃতির দুই গুণ বাদ দিলে কার্যকর দৈর্ঘ্য পাওয়া যায়। দৃ

 ঢ় ওয়েল্ডিং পেতে

 হলে পরিমাণ অনুসারে ওয়েল্ড হলো কীনা সে বিষয়ে লক্ষ রাখতে হবে।

উদাহরণঃ একটি ওয়েল্ড ৪০০ মিমি লম্বা এবং ১২ মিমি ফিলেট। তাহলে, কার্যকরী লেংথ ৪০০-(১২ ২) = ৩৭৬ মিমি হবে। ওয়েল্ডের শুরুতে এবং ক্রেটারের প্রান্তে পেনিট্রেশন হওয়ার দরুন এ অ্যালাউন্স দেওয়া হয়।

আকার ও সাধারণ প্রয়োজনীয়তাঃ ওয়েল্ডের কার্যকরী এলাকা বর্গ মিমি এ = থোট থিকনেস কার্যকরী দৈর্ঘ্য।

উদাহরণ ঃ একটা জোড়ের পেট থিকনেস ৪ মিমি এবং কার্যকরী দৈর্ঘ্য ২০ মিমি। অতএব, এর কার্যকরী এলাকা = ৪ ২০ =৮০ বর্গ মিমি।

প্রশ্নমালা-৬

অতি সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

- ১। রুট বলতে কী বোঝায়?
- ২। টো বলতে কী বোঝায়?
- ৩। লেগ লেংথ বলতে কী বোঝায়?

সংক্ষিপ্ত প্রশ্নঃ

- ৪। থ্রোট থিকনেস বলতে কী বোঝায়?
- ৫। পেনিট্রেশন বলতে কী বোঝায়?
- ৬। ফিলেট জোড়ার দৃঢ়তা বলতে কী বোঝায়?

- ৭। ফিলেট ওয়েল্ডের বিভিন্ন অংশের নাম লেখ।
- ৮। ফিলেট ওয়েল্ডের বিভিন্ন অংশ বর্ণনা কর।
- ৯। দৃঢ় ফিলেট ওয়েল্ড তৈরির কৌশল বর্ণনা কর।

সপ্তম অধ্যায়


ওলেন্ডিং ফ্লাক্সের ব্যবহার

৭.১ বিভিন্ন ধরনের ফ্লাক্সের নাম উল্লেখ করতে পারা ঃ

সুন্দর ওয়েন্ডিং করতে ফ্লাব্সের ব্যবহার অপরিহার্য, এটি এক প্রকার রাসায়নিক যৌগ, যা অক্সিডেশন ও বিভিন্ন ক্ষতিকারক রাসায়নিক বিক্রিয়া প্রতিরোধ করার জন্য ব্যবহৃত হয়।

নিয়ে ধাতুভেদে বহুল প্রচলিত ফ্লাক্সসমূহের নাম উলেখ করা হলো ঃ

- (क) সোডিয়াম বোরেট এবং অন্যান্য উপাদানের সংমিশ্রিত রোরেক্স ধরনের।
- (খ) অন্যান্য পদার্থের মিশ্রণসহ রোরেক্স।
- (গ) লিথিয়াম ক্লোরাইড, পটাশিয়াম ক্লোরাইড, পটাশিয়াম বাই সালফেট এবং পটাশিয়াম ক্লোরাইডস জাতীয় ক্লাক্স।
- (ষ) সোডিয়াম, পটাশিয়াম বা অন্যান্য অ্যালকালিন বোরেট, কার্বনেটস্ এবং শাগ তৈরির উপাদান সমূহঃ এছাড়াও আর্ক ওয়েন্ডিং এর ইলেকট্রোড এর উপর যে আবরণ থাকে তাকে ইলেট্রোড ফ্লাক্স বলে।




চিত্র ঃ বিভিন্ন ধরনের ফ্লাক্স

ইলেকটোড ফ্লাক্সে সমূহঃ

- সেলুলুজ
- এসিড
- এসিড রুটাইল
- রুটাইল
- অক্সিডাইজিং
- বেসিক

৭.২ বিভিন্ন ধরনের ফ্লাক্সের কার্যকারিতা ঃ

- অক্সিজেন কমাতে
- সৃষ্ট অক্সাইড দূর করতে
- শক্তিশালী ও অধিকরতর নমনীয় জ্বোড় তৈরি করতে।
- ওয়েন্ডিং কার্য সহজ্ঞতর করতে।
- ওয়েন্ড মেটালে গ্যাসের আবরণ সৃষ্টি করে, যা গলিত ধাতু বায়বীয় দূষিতকরণ প্রক্রিয়াকে প্রতিরোধ করে।



চিত্র ঃ ফ্লাক্সের কার্বকারিতা

- ওয়েন্ড মেটালের তারল্য, পেনিট্রেশন এবং ওয়েন্ড বিডের নিয়ন্ত্রণ করতে।
- জমাকৃত ওয়েন্ড মেটালে অ্যালয় বোগ করতে।
- ওয়েন্ড মেটালের জমাকৃতির হার নিয়ন্ত্রণ করতে।
- ওয়েন্ড মেটাল ঠাগু করণের হার কমাতে।

৭.৩ বিভিন্ন ধরনের ফ্লাক্সে বর্ণনা করতে পারা ঃ

নিম্নে ধাতু ভেদে বহুল প্রচলিত গ্যাস ওয়েন্ডিং ফ্লাক্সসমূহ প্রদত্ত হলো ঃ

ধাতু	ফ্লাক্স
ব্রাশ এবং ব্রোঞ্জসমূহ	সোডিয়াম বোরেট এবং অন্যান্য উপাদানের সংমিশ্রিত রোরাক্স ধরনের।
কপার	অন্যান্য পদার্থের মিশ্রণসহ বোরাক্স
অ্যালুমিনিয়াম এবং অ্যালুমিনিয়াম অ্যালয়সমূহ	লিথিয়াম ক্লোরাই, পটাশিয়াম ক্লোরাইড, পটাশিয়াম বাইসালফেট এবং পটাশিয়াম ক্লোরাইডস
কাস্ট আয়রন	সোডিয়াম পটাশিয়াম বা অন্যান্য অ্যালকালিন বোরেট, কার্বনেটস, বাই-কার্বনেটস এবং স্পগ তৈরির উপাদনসমূহ

- নিমে ধাতুভেদে বহুল প্রচলিত কোটেড ইলেট্রোডসমূহের ব্যবহার
- সেলুলুজ ঃ সকল শ্রেণির মাইল্ড স্টিল, সকল অবস্থানে এ.সি অথবা ডি.সি ইলেকট্রোড
- এসিড ঃ সচরাচর কেবলমাত্র সমতল অবস্থানে ব্যবহার যোগ্য কিন্তু তা অন্য অবস্থানেও এসি অথবা ডিসিতে ব্যবহার হতে পারে।
- -রুটাইল (মধ্যম আয়রন) ঃ সব ধরনের স্টিল ওয়েলডিং- এর জন্য ব্যাপক হারে ব্যবহৃত হয়। সকল অবস্থানে এসি অথবা ডিসি সরবরাহে বিশেষ ভার্টিক্যাল এবং ওভারহেল অবস্থানের উপযোগী।
- -রুটাইল (ভারী আয়রন) ঃ প্রধানত সমতল অবস্থানের জন্য এ.সি এবং ডি.সি সরবরাহে উপযোগী।
- –অক্সিডাইজিং ঃ ডি.সি অথবা এ.সি সরবরাহে ওপেন সার্কিট ভোল্টেজ ৪৫ ভোল্ট এর মতো কম রেখে।
- –বেসিক ঃ ডি.সি সরবরাহে ইলেকট্রোড (+Ve) এর উপযোগী। এ.সি তে ওপেন সার্কিট ভোল্টেজ ৭০ হবে।
 মাইল্ড লো অ্যালয় হাইটেনসাইল এবং স্ট্রাকচারাল স্টিলের ক্ষেত্রে বিশিষ করে যেখানে উচ্চ প্রতিরোধক
 শক্তি প্রয়োজন। ফ্লাট, ভার্টিক্যাল এবং ওভারহেড অবস্থানে ওয়েল্ড করা হয়, শেষোক্ততে সমতলে জমা
 হয়।

ওলেন্ডিং ফ্লাক্সের ব্যবহার

প্রশ্নমালা-৭

অতি সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

- ১। ফ্লাক্স বলতে কী বোঝায়?
- ২। ফ্লাক্সের শ্রেণি বিন্যাস কর।

সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

- ৩। বিভিন্ন ধরনের ফ্লাক্সের কার্যকারিতা বর্ণনা কর।
- ৪। বিভিন্ন ধরনের ফ্লাক্সের ব্যবহার বর্ণনা কর।

- ৫। অ্যালুমিনিয়াম এবং অ্যালুমিনিয়াম অ্যালয় সমূহের জোড়ের ক্ষেত্রে ব্যবহার্য ফ্লাক্সসমূহের নাম উলেখ কর।
- ৬। ব্রাশ এবং ব্রোঞ্জসমূহ জোড়ের ক্ষেত্রে ব্যবহৃত ফ্লাক্সসমূহের নাম উলেখ কর।
- ৭। সেলুলুজ, রাইটাল, অক্সিডাইজিং এবং বেসিক ধরনের ফ্লাক্স বলতে বোঝায়?

অষ্টম অধ্যায়

সংকর ইস্পাতের ওয়েন্ডিং উপযোগিতা

৮.১ সংকর ইস্পাতের ওয়েন্ডিং সংশ্রিষ্ট গুণাগুণ ঃ

যে কোন ধাতুর গুণাগুণ জানা থাকলে সংশিষ্ট ধাতু জোড়ের ক্ষেত্রে ধাতুর গুণাগুণ মোতাবেক সঠিক ইলেকট্রোড সঠিক কারেন্ট সেটিং, সঠিক ওয়েন্ডিং এর অবস্থান নির্বাচন ও সঠিক ধাতু জোড়ের টেকনিক গঠন গ্রহণ করা যায়।

নিম্নে প্রধান প্রধান সংকর ইস্পাতসমূহের গুণাগুণ প্রদত্ত হলো ঃ

নিকেল স্টিল– অত্যন্ত শক্ত, শক্তি সম্পন্ন এবং মজবুত

- ক্ষয় প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন
- উত্তমরূপে পালিশ হয়ে থাকে
- অধিক টানা শক্তি সম্পন্ন

ম্যাঙ্গানিজ স্টিল্ অত্যন্ত শক্ত

- চুম্বক দ্বারা আকৃষ্ট হয় না
- উত্তমরূপে কাস্টিং করা যায়
- উত্তমরূপে রোলিং করা যায়

ক্রোমিয়াম- নিকেল স্টিলের চেয়ে শক্ত

- নিকেল স্টিলের চেয়ে শক্তি সম্পন্ন
- যে কোন স্টিলের চেয়ে করোশান রোধক

স্টেইনলেস স্টিল- অত্যন্ত শক্ত এবং মজবুত

- স্টেইনলেস স্টিল চুম্বক দ্বারা আকৃষ্ট হয় না এবং হার্ডেভ করা যায়
- স্টেইনলেস স্টিল এসিড এবং অ্যামোনিয়া দ্বারা আক্রান্ত হয় না
- সহজে ওয়েল্ডিং করা যায়
- টানা শক্তি প্রতি বর্গ সেন্টিমিটারে ৬.২-৮.৩ টন
- ব্রিনেল হার্ডনেস নং ২০-২৪

টাংস্টেন স্টিল- অত্যন্ত শক্ত এবং মজবুত

- একে তাপ প্রক্রিয়া দ্বারা শক্ত করা যায়
- কাটিং টুলস্ ম্যাটেরিয়ালস্ হিসেবে ব্যবহৃত হয়
- উচ্চ গলন তাপমাত্রা
- ওয়েল্ড করা কঠিন তবে ওয়েল্ড করা সম্ভব

৮.২ সংকর ইস্পাতের ওয়েন্ডিং বৈশিষ্ট্যঃ

ওয়েন্ডিং জোড়ের ক্ষেত্রে বর্তমান জগতে অসম্ভব বলে কিছু নেই। ধাতুর গুণাগুণের উপর এর পদ্ধতি বা প্রক্রিয়ার পরিবর্তন হয়। তবে মূল ধাতুর সঙ্গে সামঞ্জস্য রেখেই ফিলার রড বা ইলেকট্রোড নির্বাচন করা হয়। ফ্লাক্স বা ফ্লাক্স কোটেড ইলেকট্রোডের ক্ষেত্রেও এর ভিন্নতা রয়েছে।

কার্যত সকল সংকর ধাতু জোড়া সম্ভব। কোন কোন সংকর ধাতু জোড়া দেওয়ার ক্ষেত্রে দক্ষ ওয়েল্ডারের প্রয়োজন। নিয়ম অনুযায়ী মাইল্ড স্টিলের তুলনায় অ্যালয় স্টিল ওয়েল্ডিং অনেক বেশি অসুবিধাজনক, এর কারণ ওয়েল্ডিং করার সময় ওয়েল্ড এলাকার নিকটবর্তীস্থানে ফাটল সৃষ্টি হয়, বিডে স্পাগ ইনক্লুশান এবং গ্যাস পকেট সৃষ্টি হয় এবং ঐ ক্রটিগুলো জোড় দুর্বল করে দেয়। কোন জোড়ে ফাটল দেখা দিলে উক্ত জোড় কেটে ফেলে দিতে হয়, কারণ ফাটল মেরামত যোগ্য ক্রটি নহে। একবার ফাটল আরম্ভ হলে তা শুধু ছড়াতেই থাকে। শুধু সঠিক নিয়ম, সঠিক অ্যালয় ইলেকট্রোড এবং সঠিক অবস্থানসহ সব ধরনের প্রতিরোধক ব্যবস্থা গ্রহণ করলেই এ ধাতু জোড় সহজতর হয়। নির্দিষ্ট অ্যালয় স্টিলের জন্য নির্দিষ্ট ধরনের ইলেকট্রোডের ব্যবহার করা হলে এ ধরনের ক্রটি প্রতিরোধ বা হ্রাস করা যেতে পারে।

প্রশ্নমালা-৮

সংক্ষিপ্ত প্রশ্নঃ

- ১। সংকর ইস্পাত কী?
- ২। ক্রোমিয়াম স্টিল কী?
- ৩। ম্যাঙ্গানিজ স্টিল কী?

সংক্ষিপ্ত १

- ৪। নিকেল স্টিলের গুণাগুণ উলেখ কর।
- ৫। ম্যাঙ্গানিজ স্টিলের গুণাগুণ উলেখ কর।
- ৬। টাংস্টেন স্টিলের গুণাগুণ উলেখ কর।

- ৭। সংকর ধাতুর গুণাগুণ ব্যাখ্যা কর।
- ৮। সংকর ধাতু জোড়ের বৈশিষ্ট্য উলেখ কর।
- ৯। ম্যাঙ্গানিজ স্টেইনলেস স্টিলের গুণাগুণ উলেখ কর।

নবম অধ্যায়

অলৌহজ ধাতুর ওয়েন্ডিং বৈশিষ্ট্য

৯.১ ওয়েন্ডিং উপযোগী অলৌহজ ধাতুসমূহের নামঃ

- অলৌহজ ধাতু ও অলৌহজ ধাতুর সংকরের ওয়েলিং উপযোগিতা জানা না থাকলে ওয়েলার কখনও ওয়েলিং করতে পারবে না, এক সময় অনেক অলৌহজ ধাতু বা এর সংকরের ওয়েলিং সম্ভব ছিল না কিন্তু বর্তমানে নতুন ওয়েলিং পদ্ধতি ও কৌশলে তা খুবই সহজেই ওয়েলিং করা যায়। ওয়েলিং উপযোগী প্রধান প্রধান অলৌহজ ধাতুসমূহ যথা
- কপার (তামা)
- ব্রাস
- জিংক
- ব্ৰোঞ্জ
- লেড
- অ্যালুমিনিয়াম

৯.২ ওয়েন্ডিং উপযোগী অলৌহজ ধাতুসমূহের নাম ঃ

- ওয়েন্ডিং উপযোগী কতকগুলো অলৌহজ ধাতু ও তাদের সংকরসমূহের নাম নিম্নে উলেখ করা হলো।

কপার (তামা) ঃ

- তাপ এবং বিদ্যুৎ সুপরিবাহী।
- নমনীয়
- উত্তমরূপে মেশিনিং করা যায়।
- এসিডের দারা ভীষণভাবে আক্রান্ত হয়।
- ঠাণ্ডা এবং উত্তপ্ত প্রণালিতে কার্যোপযোগী।
- টানা শক্তি প্রতি বর্গ সেন্টিমিটারে ২ টন।
- গলনাঙ্ক = ১০৮৩ ডিগ্রি সেঃ
- স্ফূটনাঙ্ক = ২৩২৫ ডিগ্রি সেঃ

সাধারণ পিতল ঃ

- উপাদান তামা ৬৭%
- দস্তা- ৩৩%
- সাধারণ অবস্থায় তামার চেয়ে শক্ত
- উজ্জ্বল হরিদ্রাভ
- আবহাওয়ার প্রভাবে আক্রান্ত হয় না

- প্রলেপ দেওয়ার কাজে ব্যবহৃত হয়
- টানাশক্তি প্রতি বর্গ সেন্টিমিটার ১৯০-২৫০ কেজি
- গলনাস্ক ৪১৯ ডিগ্রি সেঃ
- স্ফুটনাঙ্ক ৯০৭ ডিগ্রি সেঃ

লোড (সীসা) ঃ

- অত্যন্ত নমনীয
- টানাশক্তি প্রতি বর্গ সেন্টিমিটারে ১০০-২০০ কেজি
- ব্রিনেল হার্ডনেস নং ৩২-৪৫
- গলনাঙ্ক = ৩২৭ ডিগ্রি সেঃ
- স্ফুটনাঙ্ক = ১৫২৫ ডিগ্রি সেঃ

অ্যালুমিনিয়াম ঃ

- তাপ এবং বিদ্যুৎ সুপরিবাহী
- সাধারণ আবহাওয়ায় আক্রান্ত হয় না
- সমুদ্র পানি এবং এসিড দ্বার আক্রান্ত হয় না।
- নমনীয়
- উত্তমরূপে মেশিনিং করা যায়
- ঠাণ্ডা এবং উত্তপ্ত প্রণালিতে কার্যোপযোগী
- টানাশক্তি প্রতি বর্গ সেন্টিমিটারে ৯০০ কেজি
- চুম্বক দারা আকৃষ্ট হয় না
- গলনান্ধ = ৬৫৯.৮ ডিগ্রি সেঃ
- স্ফুটনাঙ্ক = ১৮০০ ডিগ্রি সেঃ
- ব্রিনেল হার্ডনেস নং ১৯-২৩

৯.৩ অলৌহজ ধাতু ও এর সংকরের ওয়েন্ডিং উপযোগিতাঃ

কার্যত ঃ অধিকাংশ অলৌহজাত এবং তাদের সংকরসমূহ ওয়েন্ডিং উপযোগী। কিন্তু কতকগুলো অলৌহজাত ধাতু এবং তাদের সংকরসমূহের বিশেষ বৈশিষ্ট্যের দক্ষন ওয়েন্ডিং করা অসুবিধাজনক। ধারাবাহিক পরীক্ষা এবং উনুয়নের ফলে বর্তমানে ঐ সমস্ত ধাতু সম্ভোষজনকভাবে ওয়েন্ডিং করা সম্ভব। যেমন অ্যালুমিনিয়াম জোড়ের ক্ষেত্রে টিগ ওয়েন্ডিং ও গ্যা ওয়েন্ডিং প্রযোজ্য ছিল কিন্তু বর্তমানে বিশেষ ধরনের ফ্লাক্স কোটেড ইলেকট্রোড দ্বারা সহজে ইলেকট্রিক আর্ক ওয়েন্ডিং করা হচ্ছে। তদ্রুপ অ্যালুমিনিয়ামের সংকরসমূহ কপার এবং তাদের সংকরসমূহ আর্ক এবং গ্যাস উভয় পদ্ধতিতে সহজভাবে জোড় দেওয়া যায়। অ্যালুমিনিয়াম, ম্যাগনেসিয়াম এবং তাদের সংকরসমূহ, ক্রটিমুক্ত এবং শক্তিশালী ওয়েন্ড তৈরি জন্য বর্তমানে টিগ এবং মিগ ওয়েন্ডিং বেশি নির্ভরযোগ্য। অনেক গুরুত্বপূর্ণ অ্যালুমিনিয়াম এর নিখুঁত জোড়ের ক্ষেত্রে টিগ ওয়েন্ডিং অধিক গ্রহণযোগ্য।

প্রশ্নমালা-৯

অতি সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

- ১। অলৌহজ ধাতু কী?
- ২। কপার (তামা) বলতে কী বোঝায়?
- ৩। পিতল কী?

সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

- ৪। জিংক বলতে কী বোঝায়?
- ে। লিড বলতে কী বোঝায়?
- ৬। অ্যালুমিনিয়াম বলতে কী বোঝায়?


- ৭। ওয়েল্ডিং উপযোগী অলৌহজ ধাতুসমূহের নাম উলেখ কর।
- ৮। ওয়েন্ডিং উপযোগী অলৌহজ ধাতুর সংককরসমূহের নাম উলেখ কর।
- ৯। অলৌহজ ধাতুর ওয়েল্ডিং উপযোগিতা ব্যাখ্যা কর।

দশম অখ্যায়

গ্যাস ওয়েভিং-এফিলার মেটালের ব্যবহার

১০.১ किनाब (बंगालब व्यंति विनाम :

- তরেভিং, সোভারিং ও ব্রেজিং করার সময় বে অভিরিক্ত থাড়ু ব্যবহৃত হয় ভাই কিলার মেটাল নামে
 পরিচিত। বে ক্ষেত্রে ৬খু মূল থাড়ু জোড়া দেওরা সম্ভব নয়, সে ক্ষেত্রে কিলার মেটাল ব্যবহৃত হয়। তবে
 কিলার মেটাল প্রোপের কৌশল, প্রকার ও বৈশিষ্ট্য ইত্যাদি সম্পর্কে প্রক্রের ক্ষান থাকা দরকার।
- ভৱেন্ডিং, ব্রেজিং এবং লোভারিং করার সময় ব্যবহৃত অতিরিক্ত ধাতু সাধারণত নিমুলিনিত ধরনের ফিলার মেটাল বিসেবে পাওয়া বায়।
- ফ্রান্সের আবরণ বিশিষ্ট কিলার রড যা ইলেকট্রোড হিসেবে বহুল গরিচিত।




COMPOSITE ELECTRODE


দথাকৃতি ফিলার রড প্যাস খরেন্ডিং-এ ব্যবহৃত হয়।




– অভানো ভারের আকৃতি বিশার মেটাল বা সোভারিং কাজে ব্যবহৃত হয়।



ভারের কুঙ্গী আকারের ফিলার মেটাল মিগ এবং স্বরংক্রিয় গুয়েন্ডিং মেশিনে ব্যবহৃত হয়।





- রকমারি ফিলার মেটাল।




ILIGON CONTENT INDICATED BY COLOUR CODED ROD ENDS

শিটের কাটা কালির ফিলার মেটাল।







১০.২ রকমারি ফিলার মেটালের বর্ণনা ঃ

ফ্রাক্সের আবরণ বিশিষ্ট ফিলার রড ঃ

এ রড বিভিন্ন জাতীয় ফ্লাক্স দ্বারা আবৃত থাকে। এ জাতীয় ফিলার রড আর্ক ওয়েন্ডিং এর কাজে ব্যবহৃত
হয়। এ জাতীয় ইলেকট্রোড সাধারণত সেলুলোজ এসিড, রুটাইল, অক্সিডাইজিং, বেসিক ইত্যাদি ধরনের
হয়ে থাকে। আবরণের উপাদানের বৈশিষ্ট্যের উপর ইলেকট্রোডের শ্রেণি বিন্যাস করা হয়।

দর্ভাকৃতির ফিলার রড ঃ

এ জাতীয় ফিলার রভ বিভিন্ন ধাতুর হয়ে থাকে, সরু থেকে পুরু হয়ে থাকে। বিভিন্ন কোম্পানি বিভিন্ন
আকার আকৃতির ফিলার মেটাল বাজারজাত করে থাকে।

ভারের কুঙ্গী আকারের ফিলার রড ঃ

- অনেক তার একত্রে কুণ্ডলীর মতো হইল বা চাকাতে জড়ানো থাকে, যা ব্যবহারের সময় চাকা থেকে ঘুরতে ঘুরতে বেরিয়ে আসে। আমাদের দেশের বাতাসে জলীয় বাস্পের পরিমাণ বেশি থাকাতে এ জাতীয় কুণ্ডলী দীর্ঘ দিন অব্যবহৃত অবস্থায় রাখা হলে মরিচা পড়ে, ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ে। এ জাতীয় কুণ্ডলীতে মাইল্ড স্টিলের উপর কপারের হালকা আবরণ দেয়া থাকে যাতে তারের উপর মরিচা না পড়ে।
- বাণিচ্চ্যিক কোম্পানিশুলো প্রত্যেক ধরনের রডের সিলিকনের পরিমাণ শনাক্ত করার জন্য রং এর কোড
 ব্যবহার করে থাকে। রড এর প্রান্তে রং কোড করা হয়ে থাকে।
- এছাড়াও বিভিন্ন ধরনে শিট কেটে, শিটের ছোট ছোট পাত ফিলার মেটাল হিসেবে বাজারজাত করা হয়ে থাকে।
- বাণিজ্যিক শিটের পাত বা রডের বিকল্প হিসেবে শিটের ছোট ছোট ফালি কেটে নেওয়া যেতে পারে।

১০.২ রকমারি ফিলার মেটালের বর্ণনা ঃ

- ফিলার মেটাল সাধারণত সোন্ডারিং, ব্রেজিং এবং ওয়েন্ডিং করার সময় ব্যবহৃত অতিরিক্ত ধাতৃ, রকমারি
 ফিলার রডের ব্যবহার নিয়ে বর্ণনা করা হলােঃ
- ফ্লাব্রের আবরণ বিশিষ্ট রড যা ইলেকট্রোড হিসেবে অধিক পরিচিত। এ ইলেকট্রোডের প্যাকেট বা
 ইলেকট্রোডের আবরণ ছাড়া অংশে রং এর কোড দেওয়া থাকে। ওয়েন্ডার উক্ত রং এর কোড দেখে এর
 ব্যবহার বুঝতে পারে। এর রং এর কোড তার আবরণের যৌগের উপর ভিত্তি করে হয়ে থাকে।

দপ্তাকৃতির ফিলার ঃ

বিভিন্ন সাইজ এবং মাপের হয়ে থাকে। এটি সাধারণত গ্যাস ওয়েন্ডিং এর কাজে ব্যবহৃত হয়। দণ্ডাকৃতি রডের মুখে রং এর কোড থাকে। রং এর কোড দ্বারা বুঝা যায় এটি কোন ধাতুর মূল ধাতু এবং ফিলার রড সমজাতীয় হতে হয়।

- জড়ানো তারের আকৃতির ফিলার মেটাল সোল্ডারিং কাজে ব্যবহৃত হয়।
- মিগ ওয়েন্ডিং বা স্বয়ংক্রিয় মেশিনের জন্য কুণ্ডলী আকৃতির ফিলার মেটাল ব্যবহার করা হয়। এতে সুবিধা হলো বার বার ফিলার মেটাল বদলাতে হয় না। এতে অল্প সময়ে অধিক পরিমাণের ধাতু জোড়া দেওয়া সম্ভব। এ ফিলার রড ব্যবহারে ওয়েন্ডিং এর গুণ, মান ও পরিমাণ সবই পাওয়া যায়।
- রকমারি ফিলার, বাণিজ্যিক রডের বিকল্প হিসেবে শিটের ফালি ধাতু
 — জোড়ের ক্ষেত্রে বহুলভাবে ব্যবহৃত
 হয়। ফিলার মেটাল ব্যবহারে বিশেষ কৌশল অবলম্বন করতে হয়। জোড়স্থান ভালোভাবে পরিষ্কার করতে
 হয়। ধাতুর পাতের উপরিভাগের আবরণ পরিষ্কার করতে হয়। ওয়্যার ব্রাশ বা এমারি ক্লথ দিয়ে পরিষ্কার
 করে।

প্রশ্নমালা-১০

সংক্ষিপ্ত প্রশ্ন ঃ

- ১। গ্যাস ওয়েল্ডিং-এ ফিলার মেটাল ব্যবহারের গুরুত্ব উলেখ কর।
- ২। ফিলার মেটালের শ্রেণি বিন্যাস কর।
- ৩। রকমারি ফিলার মেটালের বর্ণনা দাও।
- ৪। রকমারি ফিলার মেটালের ব্যবহার বর্ণনা কর।

- ৫। দপ্তাকৃতি ফিলার রড বলতে কী বোঝায়? এ ধরনের ফিলার রড ব্যবহারের সুবিধাসমূহ উলেখ কর।
- ৬। ফ্লাক্স ও আবরণ বিশিষ্ট ফিলার রড ও দগুকৃতি ফিলার রডের তুলনামূলক আলোচনা কর।
- ৭। বাণিজ্যিক রডের বিপরীতে শিটের কালি ব্যবহারের গুরুত্ব উলেখ কর।

একাদশ অধ্যায়

ওয়েল্ড জোড়ের ক্রটি–বিচ্যুতি পরীক্ষার ধারণা

১১.১ ওয়েল্ড জোড়ের ক্রটি-বিচ্যুতি পরীক্ষার প্রয়োজনীয়তাঃ

ওয়েন্ডিং প্রযুক্তিবিদদের মতে. দোষমুক্ত কোন নিখুঁত ওয়েন্ডিং বেস মেটালের চেয়ে বেশি শক্তিশালী জোড় তৈরি করে। ওয়েন্ডিং এ নানা প্রকার যান্ত্রিক বা অযান্ত্রিক কারণে দোষ বা ডিফেক্ট হতে পারে। ফলে সহজেই তা ভেঙে যায়। যার ফলে ওয়েন্ডিং করার উদ্দেশ্যই ব্যহত হয় একেই ওয়েন্ডিং এর ক্রটি বলে। কিন্তু ওয়েন্ডিং জোড ক্রটি অবস্থায় কখনও রাখা উচিত না। দোষ-ক্রটিগুলো ধরা পড়লে সাথে সাথে তার প্রতিকার করে ক্রটিমুক্ত করা উচিত। অনেক সময় ওয়েল্ডারদের দক্ষতার অভাবে বা অসতর্কতাবশত কাজের অবহেলায় ওয়েন্ডিং-এ প্রচর দোষ থেকে যায়। তাদের জানতে হবে ওয়েন্ড জোড়ের ক্রটি-বিচ্যুতি খুব ক্ষতিকারক। যে কোন মুহর্তে জোড স্থান ভেঙে যেতে পারে বা জোডার দক্ষতা কমে যেতে পারে। অনেক সময় ওয়েল্ডিং জোডে সামান্য ক্রটি হয়ে থাকে, যা মেরামত যোগ্য। সামান্য মেরামতের ফলে উক্ত জোড় শক্তিশালী জোড় হবে। শুধু জোড স্থান পরীক্ষার মাধ্যমেই ক্রটি শনাক্ত করা যায়। আবার অনেক ক্রটি আছে যেমন ফাটল, যা একবার দেখা দিলে তা বাড়তেই থাকবে। কোন জোড়ের ফাটল দেখা দিলে তা কেটে ফেলে নতুনভাবে জোড় দিতে হবে। পরীক্ষা ছাড়া ওয়েল্ড জোড়ের ক্রটি-বিচ্যুতি আদৌ শনাক্ত করা যায় না। কিছু কিছু ক্ষেত্র রয়েছে, যেখানে আদৌ ক্রটি-বিচ্যুতি গ্রহণযোগ্য নয়, যেমন উড়োজাহাজ, সমুদ্রগামী জাহাজ, প্রেসার ট্যাংক প্রভৃতি গুরুত্বপূর্ণ কাজের জোড় ১০০% নিখুঁত হয়, এ সমস্ত কাজের জোড় নিখুঁত না হলে অর্থাৎ কোন ক্রটি থেকে গেলে যে কোন মুহূর্তে প্রাণনাশক দুর্ঘটনা ঘটতে পারে। তাই এ ধরনের জোড়ে অধ্বংসাত্মক পরীক্ষা দ্বারা জোড় ক্রটিমুক্ত কীনা তা নিশ্চিত হতে হয়। এছাড়াও ক্রুড ওয়েল, রিফাইনারি, গ্যাস লাইন, গ্যাস প্যান্ট, পাওয়ার স্টেশন ইত্যাদি ক্ষেত্রেও ক্রটি মুক্ত জোডের প্রয়োজন। এক্ষেত্রেও অধ্বংসাত্মক পদ্ধতিতে জোড পরীক্ষা করে ক্রটি-বিচ্যুতি শনাক্ত করা হয় এবং মেরামতযোগ্য ক্রটি-বিচ্যুতি মেরামত করা হয়। এমতাবস্থায় শুধু পরীক্ষর মাধ্যমেই ক্রটি-বিচ্যুতি শনাক্ত করা যায়। ক্রটি-বিচ্যুতি শনাক্ত করা গেলে তার প্রতিরোধ ব্যবস্থা গ্রহণ করা সহজতর হবে। আর সে জন্যই ওয়েন্ডিং-এর দোষ-ক্রটি সম্বন্ধে জ্ঞানার্জন করে তা থেকে ওয়েন্ডিং স্থানকে মুক্ত রাখবার চেষ্টা করতে হবে।

১১.১ ওয়েল্ড জোড়ের ক্রটি-বিচ্যুতি পরীক্ষার প্রয়োজনীয়তা ঃ

- ওয়েন্ডিং জোড়ের চাক্ষুষ পরীক্ষার সর্বোত্তম পরীক্ষা হিসেবে বিবেচিত। আন্দাজ না করে চোখে দেখে দোষ-ক্রেটি শনাক্ত করাই বাস্তব সম্মত বলে বিবেচিত। সব ধরনের ব্যাপক সংখ্যক ওয়েল্ডের জোড় সর্বপ্রথম চাক্ষুষ পরীক্ষা করা হয়় এবং এতে নিম্লুলিখিত বিষয়সমূহ দেখা হয়−
- ওয়েল্ডের চেহার/আকৃতি-প্রকৃতি
- পরিমাপের সৃক্ষতা এবং যন্ত্রাংশসমূহ একই অক্ষ রেখায় কীনা?
- ওয়েল্ডের আকৃতি
- জোড়ের অসম্পূর্ণ পেনিট্রেশন
- আন্ডার কাট
- স্থাগ ইনকুশানস

- পৃষ্ঠে ছিদ্রময়তা
- ওয়েল্ডের ফাটল
- ক্রেটার এবং বিশেষ করে ওয়েল্ডের প্রান্তে ক্রেটারের মধ্যকার ফাটল
- ওয়েল্ড বিডের মসৃণতা
- অতিরিক্ত ক্যাপিং রান
- কনকেভ/কনভেক্স আকৃতি
- মাল পুড়ে ঝুলে পড়া
- ওয়েল্ড জোড়ের ফলে ধাতুতে বিকৃতি

এছাড়াও ওয়েন্ডিং করার সময় চাক্ষুষ তদারকিতে জোড়ের ক্রটি প্রতিরোধ করা সম্ভব হয়.

১১.৩ ওয়েল্ড জোড়ের ক্রটি-বিচ্যুতি পরীক্ষার প্রয়োজনীয়তাঃ

- ওয়েন্ডিং জোড় সাধারণত দুইভাবে পরীক্ষণ করা হয় । যথা-
 - (১) ধ্বংসাত্মক পরীক্ষা
 - (২) অধ্বংসাত্মক পরীক্ষা

ধ্বংসাত্মক পরীক্ষা ঃ

জোড় স্থানের উপরিভাগে ক্রটি-বিচ্যুতি চাক্ষুষভাবে দেখা যায় কিন্তু জোড়ের ভিতরে ক্রটি-বিচ্যুতি রয়েছে তা দেখার জন্য এ পদ্ধতি অবলম্বন করা হয়। এ পদ্ধতিতে জোড়কে টুলস, ইকুইপমেন্ট, মেশিনারির সাহায্যে ভেঙে জোড়ের ভিতরের ক্রটিসমূহ চাক্ষুষ অবলোক করা হয়।


অনেক সময় উৎপাদন প্রক্রিয়ায় বা মূল্যবান ধাতুকে জোড় দেওয়া হয়, তা ধ্বংসাত্মক পদ্ধতি অবলম্বন করে জোড়ের ক্রটি-বিচ্যুতি পরীক্ষা করা যায় না। কারণ এতে সময়, অর্থ বা মালামাল নষ্ট হবে। এক্ষেত্রে অধ্বংসাত্মক পদ্ধতি অবলম্বন করা হয়। এ পদ্ধতিতে মূল ধাতু বা জোড় স্থানের কোন ক্ষতি না করে বিভিন্ন উপায়ে জোড়ের ক্রটি-বিচ্যুতি পরীক্ষা করা হয়। একে অধ্বংসাত্মক পদ্ধতি বলা হয়, যেমন এক্সরে টেস্ট। মেকানিক্যাল টেস্ট বা যান্ত্রিক পরীক্ষা ধ্বংসাত্মক পদ্ধতির মধ্যেই পড়ে। এ পদ্ধতির মধ্যে রয়েছে বেক টেস্ট, বেন্ড টেস্ট, টেনসাইন টেস্ট, হার্ডনেস টেস্ট, ইমপ্যাক্ট টেস্ট, ফেটিগ টেস্ট ও ম্যাক্রোনকোমিক টেস্ট।

ব্ৰেক টেস্ট ঃ


ওয়েল্ড বাঁকিয়ে ভেঙে তার প্রস্থচ্ছেদ পরীক্ষা করে অভ্যন্তরস্থ ক্রটিসমূহের অবস্থান নির্ণয় করা হয়। এটিই নিকব্রেক টেস্ট নামে পরিচিত। ওয়েল্ডের নির্দোষ অবস্থা নির্ণয়ের জন্য এটি একটি আদর্শ ধ্বংসাত্মক পরীক্ষা।

ব্রেক টেস্টের পদ্ধতি ঃ


একটি নমুনা টুকরা ওয়েল্ডেড জোড় হতে কেটে নাও এবং না ভেঙে যাওয়া পর্যন্ত আড়াআড়িভাবে বাঁকাও।



নমুলা প্রায় ২৫ মিমি প্রস্থ এবং ৮ মিমি পুরু এবং খাঁজ প্রায় ২ মিমি পভীর হবে।




- জোড়ের মধ্য বরাবর উপরের পেট বাঁকিয়ে ভেঙ্গে কেলার জন্য হাড়ুড়ির আঘাত কিবো শিশুর ব্যবহৃত।
- ভাঙা ফেসে নিরীকা কর।
- শ্রেইন ইট্রাকচার/দানার গঠন লক কর।




- কম গলন
- পেনিট্রেশন
- বো–হোলস

বেভ টেস্ট পদ্ধতির বর্ণনাঃ


এ পরীক্ষা বাট জোড়ের ওয়েন্ড মেটাল, ওয়েন্ড জাংশান এবং তাপ-প্রভাবিত এলাকার নির্দোষ অবস্থা
নির্ণয় করার জন্য করা হয়। এটি ছারা ওয়েন্ড এলাকার নমনীয়তা ও পরিমাপ করা হয়।




- পাতলা এবং পুরু ওয়েন্ডপিস ও বেন্ড টেস্ট করা যেতে পারে।
- টেস্টপিস পেটের পুরুত্ত্বের চার গুণ হওয়া উচিত।
- বেন্ড টেস্টের জন্য হাইড্রোলিক পাওয়ার প্রেস ব্যবহৃত হয়।



- টেস্টপিসের পুরুত্বের উপযোগী বেন্ডিং টুলস বাছাই কর।
- টেস্টপিস না ভেঙে চিত্রানুযায়ী বাঁকাও।




ওয়েল্ডের উপর দিক হতে টেস্ট করা যেতে পারে অথবা ওয়েল্ডের রুট হতে করা যেতে পারে।



টেনসাইল টেস্ট ঃ

ওয়েন্ড জোড়ের স্পেসিমেনকে প্রেসের মধ্যে আটকিয়ে জোড়ের টেনসাইল টেস্ট করা বেতে পারে।




টেনসাইল টেস্ট

 টেনসাইল টেস্ট দ্বারা ধাতু জ্বোড়ের টানশক্তি নির্ণয় করা হয়। বেন্ড টেস্টের ন্যায়, টেস্ট স্পেসিমেন কেটে রেডি করতে হয়। পরে, প্রেসার মিশিনে আটকিয়ে টেনসাইল টেস্ট করা হয়। গেজের মধ্যে প্রাপ্ত রিডিং থেকে টেস্ট স্পেসিম্যানের টেনসাইল শক্তি নির্ণয় করা যায়।

১১.৪ ওয়েন্ড জোড়ের এক্স-রে পরীকা

ওয়েন্ডিং জ্বোড়ের অধ্বংসাতাক পদ্ধতির মধ্যে বহুলভাবে ব্যবহৃত এক্স-রে টেস্ট অন্যতম। ওয়েন্ড জ্বোড়ের অভ্যন্তরের ক্রটি-বিচ্যুতি নিখুঁতভাবে শনাক্ত করার জন্য এটি সর্বোত্তম। বর্তমানে উৎপাদনশীল সকল শিল্প কারখানায় এ পদ্ধতি অবলমন করা হয়। যে স্থানে বিদ্যুতের সুবিধা রয়েছে সেখানে এক্স-রে টেস্ট করা হয়। গামা-রে এবং এক-রে উভয় পদ্ধতিতে ওয়েন্ড জ্বোড়ের স্থানে রেডিওগ্রাফি করা হয়। মানুষের শরীরে যেমন এক্স-রে করে শরীরে রোগ শনাক্ত করা হয় তদ্রুপ ওয়েন্ড জ্বোড়ের ক্ষেত্রে ও এক্স-রে বা গামা-রে দ্বারা ওয়েন্ড জ্বোড়ের ক্রটি-বিচ্যুতি শনাক্ত করা হয়। মানুষের শরীরের এক্স-রে করার জন্য এক্স-রে ফিল্ম ব্যবহার করা হয়,

এক্স-রে করার জন্য সময় নির্ধারিত থাকে। এক্স-রে তে শট নেওয়ার সময় অতিরিক্ত সময় নেওয়া যায় না, কারণ এক্স-রে হলো তেচ্ছক্রিয় বিকিরণ। এ তেজক্রিয় মানুষের শরীরের ভেতর দিয়ে প্রবেশ করে এক্স-রে ফিল্মের উপর পড়ে এবং ভিউয়ার এর মাধ্যমে ভালোভাবে দেখা হয়। ওয়েন্ড জোড়ের বেলায়ও ঠিক একই অবস্থা।



